


বর্ষ ০১ | সংখ্যা ০১ | মে-২০২৪

# BCS মান্থলি

## মে-২০২৪

- ✓ প্রেজেন্ট ঘটনাপঞ্জি (বাংলাদেশ ও আন্তর্জাতিক)
- ✓ রিপোর্ট-সমীক্ষা-সূচক
- ✓ পদক-পুরস্কার-সম্মাননা
- ✓ নব-নিযুক্ত (বাংলাদেশ ও আন্তর্জাতিক)
- ✓ অর্থ-বাণিজ্য ও সম্মেলন
- ✓ আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ
- ✓ বিজ্ঞান ও আইসিটি
- ✓ জলবায়ু ও দুর্যোগ & দিবস প্রতিপাদ্য
- ✓ লোকান্তর/ হারানো মুখ
- ✓ প্রেজেন্ট বাংলাদেশ
- ✓ প্রেজেন্ট বিশ্ব
- ✓ বিগত পরীক্ষায় আসা সাম্প্রতিক প্রশ্ন উত্তর
- ✓ অনুশীলনের জন্য পর্যাপ্ত MCQ
- ✓ জানুয়ারি থেকে এপ্রিল, ২৪ পর্যন্ত আপডেট তথ্যের আলোচনা

মিসিসিপি পাবলিকেশন্স

# মিসিসিপি

# বিসিএস মান্থলি

মিসিসিপি

প্রকাশক : মিসিসিপি পাবলিকেশন্স

জিলানি সুপার মার্কেট, নীলক্ষেত, ঢাকা-১২০৫

যোগাযোগ: ০১৫১১-৩৩৫০৯০

Email- mississippi.bd@gmail.com

Facebook: www.facebook.com/mississippi.bd

মিসিসিপি: বিসিএস মান্থলি। বর্ষ ০১ । সংখ্যা ০১ । মে ২০২৪

| সম্পাদনা পর্ষদ | |
|---|---|
| **প্রধান সমন্বয়ক ও সম্পাদক**<br>এস এম ডি জিদান, ঢাবি<br>**নির্বাহী সম্পাদক**<br>আল আমিন হাওলাদার, ঢাবি | |
| **সহসম্পাদক** | |
| রাকিবুল হাসান রাব্বি, জিয়া হল, ঢাবি | জিনিয়া ফেরদৌস জুঁই, রোকেয়া হল, ঢাবি |
| রওনক মাহমুদ, মুহসীন হল, ঢাবি | সাকিব হাসান, সূর্যসেন হল, ঢাবি |
| মো. জোবায়ের ইসলাম, বিজয় একাত্তর হল, ঢাবি | আল আমিন, এফ রহমান হল, ঢাবি |
| সিরাজুল ইসলাম সোহাগ, শহীদুল্লাহ হল, ঢাবি | হারুন অর রশীদ, জহুরুল হক হল, ঢাবি |
| মো. শাওন, একাত্তর হল, ঢাবি | মো. হাসিবুল ইসলাম, বিজয় একাত্তর হল, ঢাবি |
| সাজিদুল ইসলাম, বঙ্গবন্ধু হল, ঢাবি | মইনুজ্জামান, শহীদুল্লাহ হল, ঢাবি |
| মো. মিজান, বঙ্গবন্ধু হল, ঢাবি | সৌরভ দাস বিজয়, জগন্নাথ হল, ঢাবি |
| ইমন আলী, বঙ্গবন্ধু হল, ঢাবি | দেবাশীষ কুমার সজল, জগন্নাথ হল, ঢাবি |

কপিরাইট : মিসিসিপি

লিখিত অনুমতি ব্যতীত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান বইয়ের কোনো অংশ প্রকাশ কিংবা ব্যবহার করলে 'বাংলাদেশ কপিরাইট আইন-২০০০' অনুযায়ী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মুদ্রণ: মিসিসিপি কর্তৃক বাংলাদেশে মুদ্রিত ও বাঁধাইকৃত।

অভ্যন্তরীণ ডিজাইন: প্রিন্ট ভিশন প্রিন্টিং প্রেস

মিসিসিপির বই কিনুন অনলাইনে: www.rokomari.com/book/publisher/11197

**সর্বোচ্চ মূল্য: ৩০ টাকা**

# সূচিপত্র


প্রেজেন্ট ঘটনাপঞ্জি (বাংলাদেশ ও আন্তর্জাতিক) ....... 1
রিপোর্ট-সমীক্ষা-সূচক ....... 8
স্বাধীনতা ও সমৃদ্ধি সূচক (১৬ এপ্রিল, ২০২৪) ....... 9
বৈশ্বিক শীর্ষ ধনী (৩ এপ্রিল, ২০২৪) ....... 9
বিশ্ব জনসংখ্যা প্রতিবেদন ২০২৪ ....... 10
হেপাটাইটিস আক্রমণের উচ্চঝুঁকি (এপ্রিল, ২০২৪) ....... 11
গ্লোবাল ট্রেড আউটলুক ও পরিসংখ্যান (এপ্রিল, ২০২৪) ....... 11
দেশে দরিদ্রের হার (২৬ মার্চ, ২০২৪) ....... 11
মানব উন্নয়ন প্রতিবেদন ২০২৩/২০২৪ (১৩ মার্চ, ২০২৪) ....... 12
FAO পরিসংখ্যান বর্ষপুঞ্জি ২০২৩ [প্রকাশ: ২৯ নভেম্বর, ২০২৩] ....... 16
পদক-পুরস্কার-সম্মাননা ....... 16
একুশে পদক-২০২৪ ....... 17
বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার-২০২৩ ....... 18
ক্রীড়াঙ্গন ....... 19
নব-নিযুক্ত (বাংলাদেশ ও আন্তর্জাতিক) ....... 22
অর্থ-বাণিজ্য ও সম্মেলন ....... 27
**সম্মেলন** ....... 34
আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ ....... 35
বিজ্ঞান ও আইসিটি ....... 37
দিবস প্রতিপাদ্য ....... 38
লোকান্তর/ হারানো মুখ ....... 39
প্রেজেন্ট বাংলাদেশ ....... 41
আগামীর বাংলাদেশ ....... 51
প্রেজেন্ট বিশ্ব ....... 51
আগামী বিশ্ব ....... 58
বিবিধ প্রসঙ্গ ....... 58
বিভিন্ন সংস্থার সদস্য সংখ্যার পরিবর্তনসমূহ ....... 60
২০২৪ সালে চাকরির পরীক্ষায় আসা সাম্প্রতিক প্রশ্ন ....... 61
সাম্প্রতিক এমসিকিউ প্রশ্নোত্তর ....... 62
৪৬ বিসিএস প্রিলিমিনারি প্রশ্ন সমাধান (সাধারণ জ্ঞান অংশ) ....... 65

# প্রেজেন্ট ঘটনাপঞ্জি (বাংলাদেশ ও আন্তর্জাতিক)

৬ ডিসেম্বর, ২০২৩: ইউনেস্কো'র ঘোষিত দেশের ৫ম অধরা সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে স্বীকৃতি পায় ঢাকার রিকশা ও রিকশাচিত্র। বিশ্বে এখন মোট অধরা সাংস্কৃতিক ঐতিহ্য- ৭৩০টি। 'ইফতার' ২০২৩ সালে অধরা সাংস্কৃতিক ঐতিহ্য (Intangible cultural Heritage) এর তালিকায় স্থান পায় এবং বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতিবিজড়িত 'শান্তিনিকেতন' বিশ্ব ঐতিহ্য (World Heritage) এর স্বীকৃতি পায়। [নোট: মৌলিক তথ্যের জন্য 'মানচিত্রের সহজপাঠ' বইটির ৮২ নং পেইজ দেখুন।]

## জানুয়ারি, ২০২৪

পোস্টাল ব্যালট: বাংলাদেশ নির্বাচন কমিশন গত ১৫ নভেম্বর, ২০২৩ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময়সূচীর তফশিল ঘোষণা করে। উক্ত সময়সূচীর আলোকে ০৭ জানুয়ারি, ২০২৪ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। গণপ্রতিনিধিত্ব আদেশ (RPO), ১৯৭২ এর ২৭ নং অনুচ্ছেদ অনুসারে জাতীয় সংসদ নির্বাচনে বিদেশে বসবাসরত বাংলাদেশি নাগরিকদের ডাকযোগে পোস্টাল ব্যালটের মাধ্যমে তাদের নিজ নিজ নির্বাচনী এলাকায় ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে। আগ্রহী নাগরিকগণকে ভোটদানের জন্য নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচনী সময়সূচির তফশিল ঘোষণার দিন হতে ১৫ দিনের মধ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট আবেদনের মাধ্যমে "নির্বাচন পরিচালনা বিধিমালা ২০০৮" এর ১১ থেকে ১৫ নং বিধি অনুসরণ করে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। [নোট: মৌলিক তথ্যের জন্য 'মিসিসিপি সংবিধানের সহজপাঠ' বইটি দেখুন।]

১ জানুয়ারি ২০২৪: জাপানে সংগঠিত ভূমিকম্পের মাত্রা ছিল- ৭.৬ [উৎপত্তিস্থল: ইশিকাওয়া]।

২ জানুয়ারি, ২০২৪: মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় সামরিক ঘাঁটির মেয়াদ আরও ১০ বছর বাড়ানোর বিষয়ে কাতারের সঙ্গে চুক্তি করে যুক্তরাষ্ট্র। 'আল-উদিদ' নামের এ বিমানঘাঁটি কাতারের দোহার দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় মরুভূমিতে অবস্থিত। বর্তমানে এখানে ১০,০০০ মার্কিন সেনা অবস্থান করছে। সম্প্রতি যুক্তরাষ্ট্র ন্যাটো অঞ্চলের পূর্ব সীমান্তের দেশ পোল্যান্ডে সামরিক ঘাঁটি স্থাপনের ঘোষণা দিয়েছে। সম্প্রতি মার্কিন নৌবাহিনী ড্রোন বাহিনী গড়ার ঘোষণা দেয় মধ্যপ্রাচ্যে। সিরিয়ায় নতুন সামরিক ঘাঁটি বানাচ্ছে যুক্তরাষ্ট্র। ভবিষ্যতের যুক্তরাষ্ট্র গুয়াম ও অস্ট্রেলিয়ায় সামরিক ঘাঁটি তৈরি করবে। যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় সেনা ঘাঁটি ও সেনা মোতায়ন রয়েছে জাপানে।

৩ জানুয়ারি, ২০২৪: বাংলাদেশের ২২তম রাষ্ট্রপতি মো. শাহাবুদ্দিন পোস্টাল ব্যালটের মাধ্যমে বঙ্গভবনে দ্বাদশ জাতীয় নির্বাচনে ভোট দেন।

৭ জানুয়ারি, ২০২৪: দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন; অংশগ্রহণ করে ২৮টি দল; ৪২,১০৩টি ভোট কেন্দ্রে ভোট অনুষ্ঠিত হয় এবং আওয়ামী লীগ ৩০০ আসনের মধ্যে ২২৪টি আসনে জয়লাভ করে। [উল্লেখ্য, নওগাঁ-২ আসনের স্বতন্ত্র প্রার্থী আমিনুল হকের মৃত্যু হওয়ায় ঐ আসনে ৭ জানুয়ারির পরিবর্তে ১৩ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ নির্বাচন অনুষ্ঠিত হয়। [নোট: মৌলিক তথ্যের জন্য 'মিসিসিপি বাংলাদেশ প্রসঙ্গ' বইটির সপ্তম অধ্যায়: 'বাংলাদেশের রাজনৈতিক ব্যবস্থা' ৩০৭-৩২০ নং পেইজ দেখুন।]

১০ জানুয়ারি, ২০২৪: স্পিকার শিরীন শারমিন চৌধুরী ২৯৮ জন এমপিদের শপথ পড়ান (নির্বাচনের ৩ দিনের মধ্যে)। [উল্লেখ্য, স্পিকার নির্বাচনের ৩ দিনের মধ্যে শপথ পড়াতে ব্যর্থ হলে শপথ পড়ান- প্রধান নির্বাচন কমিশনার (পরবর্তী ৩ দিনের মধ্যে)।

১১ জানুয়ারি, ২০২৪: বঙ্গভবনের দরবার হলে মন্ত্রিসভার নতুন সদস্যবৃন্দ রাষ্ট্রপতির কাছ থেকে শপথ নেন। প্রধানমন্ত্রীসহ মন্ত্রিসভার মোট সদস্য- ৪৪ জন [প্রধানমন্ত্রীসহ পূর্ণমন্ত্রী ২৬ জন + প্রতিমন্ত্রী ১৮ জন]।

১১ জানুয়ারি, ২০২৪: অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় নিপাহ ভাইরাসের টিকার পরীক্ষা শুরু করে। এ টিকার নাম ChAdOx1 Nipah B. মালয়েশিয়ায় ১৯৭৮ সালে প্রথম নিপাহ ভাইরাস শনাক্ত হয়। ২০০১ সালে বাংলাদেশের মেহেরপুর জেলায় প্রথম এই ভাইরাস আক্রমণের খবর পাওয়া যায়। মূলত বাদুড় কাঁচা খেজুরের রস খাওয়ার সময় নিপাহ ভাইরাস ছড়ায়। এটি একধরণের আরএনএ (RNA) ভাইরাস। রোগটির টিকা এখনও আবিষ্কৃত হয়নি।

১৫ জানুয়ারি, ২০২৪: মন্ত্রিসভার প্রথম বৈঠক অনুষ্ঠিত। দ্বাদশ সংসদের সংসদ নেতা- প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং উপনেতা- বেগম মতিয়া চৌধুরী। প্রধানমন্ত্রীসহ মন্ত্রিসভায় নারী সদস্য- ৭ জন [১. প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২. ডা. দীপু মণি (সমাজকল্যাণ মন্ত্রী) ৩. বেগম সিমিন হোসেন (মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী) ৪. বেগম রুমানা আলী (প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী) ৫. শামসুন্নাহার (শিক্ষা প্রতিমন্ত্রী) ৬. ওয়াসিয়া আয়েশা খান (অর্থ প্রতিমন্ত্রী) ও ৭. রোকেয়া সুলতানা (স্বাস্থ্য প্রতিমন্ত্রী) এবং টেকনোক্র্যাট সদস্য- ২ জন [১. স্থপতি ইয়াফেস ওসমান (বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী) ও ২. ডা. সামন্তলাল সেন (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী)]।

১৫ জানুয়ারি, ২০২৪: তাইওয়ানের সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে- নাউরু।

১৭ জানুয়ারি, ২০২৪: বাংলাদেশ ব্যাংক (জানুয়ারি-জুন ২৪) মুদ্রানীতি ঘোষণা করে। বাংলাদেশ ব্যাংক থেকে টাকা ধার করতে সরকারি-বেসরকারি ব্যাংকগুলোকে সুদ হার ৯% থেকে বেড়ে ১২% দিতে হবে। ডলারের দাম নির্ধারণে 'ক্রলিং পেগ' পদ্ধতি ব্যবহারের ঘোষণা দেওয়া হয়, এতে ডলারের দাম অর্থনীতির সঙ্গে মিল রেখে ওঠানামা করবে। সুতরাং বর্তমানে বাংলাদেশ ব্যাংক বছরে মুদ্রানীতি ঘোষণা করে- ২ বার (নতুন মুদ্রানীতি- ২০২৩); পূর্বে ছিলো- ১ বার।

১৮ জানুয়ারি, ২০২৪: করোনার ওমিক্রন ধরনের নতুন উপ- ধরন জেএন.১ (JN.1) বাংলাদেশের শনাক্ত হয়। ধরনটি প্রথম শনাক্ত হয় যুক্তরাষ্ট্রে (সেপ্টেম্বর, ২০২৩)। কোভিড-১৯ এক ধরনের RNA ভাইরাস। প্রথম দেশ হিসেবে করোনা ভাইরাসের টিকা আবিষ্কার করে- রাশিয়া।

১৯ জানুয়ারি, ২০২৪: বিশ্বের ৫ম দেশ হিসেবে চাঁদের বুকে জাপানের অবতরণ। জাপানের সম্পূর্ণ নিজস্ব প্রযুক্তির তৈরি মনুষ্যবিহীন মহাকাশযান 'মুন স্নাইপার SLIM' চাঁদের শিওলি নামক জায়গায় সফলভাবে অবতরণ করে। জাপানের মহাকাশযান 'স্মার্ট ল্যান্ডার ফর ইনভেস্টিগেটিং মুন (SLIM) ৭ সেপ্টেম্বর, ২০২৩ চাঁদের উদ্দেশ্যে যাত্রা করেছিল। JAXA হলো জাপানের মহাকাশ গবেষণা সংস্থা। এর আগে আমেরিকা, রাশিয়া, চিন ও ভারত চাঁদের অবতরণের কৃতিত্ব অর্জন করে।

১৯ জানুয়ারি ২০২৪: উত্তর কোরিয়া পানির নিচে 'হাইল-৫-২৩' পারমাণবিক অস্ত্রের পরীক্ষা চালায়।

২৭ জানুয়ারি, ২০২৪: বিশ্বের সর্ববৃহৎ প্রমোদতরি 'আইকন অব দ্য সিজ' (Icon of the Seas) নামক জাহাজটি যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার মিয়ামি থেকে প্রথম সমুদ্রপথে যাত্রা করে।

২৯ জানুয়ারি, ২০২৪: একাদশ সংসদের মেয়াদ শেষ হয়।

৩০ জানুয়ারি, ২০২৪: দ্বাদশ সংসদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়।

## ফেব্রুয়ারি, ২০২৪

৪ ফেব্রুয়ারি, ২০২৪: দেশের আন্ত:ব্যাংক লেনদেনে চিনের মুদ্রা 'ইউয়ান' যুক্ত হয়।

৪ ফেব্রুয়ারি, ২০২৪: মিয়ানমার বর্ডার গার্ড পুলিশ (বিজিপি) পালিয়ে বাংলাদেশে প্রবেশ করতে শুরু করে কারণ ২৭ অক্টোবর, ২০২৩ মিয়ানমারের সংখ্যালঘু আদিবাসী বিচ্ছিন্নতাবাদী তিনটি বাহিনীর; যথা- শান রাজ্যের ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স আর্মি (MNDAA), দেশটির উত্তরাঞ্চলের তায়াং ন্যাশনাল লিবারেশন আর্মি (TNLA), রাখাইন রাজ্যের আরাকান আর্মি (AA) সমন্বয়ে 'থ্রি

ব্রাদারহুড অ্যালায়েন্স' নামে জোট গড়ে সামরিক বাহিনীর বিরুদ্ধে 'অপারেশন-১০২৭' অভিযান শুরু করে। পরবর্তীতে ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ পালিয়ে আসা আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যসহ ৩৩০ জন সদস্যকে জাহাজে করে মিয়ানমারের ফেরত পাঠানো হয়। মিয়ানমারের সেনাবাহিনীর নাম- তাতমাদো।

৫ ফেব্রুয়ারি, ২০২৪: এজেন্সি টু ইনোভেট (a2i) প্রতিষ্ঠা করা হয় [ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন]।

১৪ ফেব্রুয়ারি, ২০২৪: ৬৫ বছর পর কূটনৈতিক সম্পর্কে-কিউবা ও দক্ষিণ কোরিয়া।

১৫ ফেব্রুয়ারি, ২০২৪: বাংলাদেশ ব্যাংক টাকার সঙ্গে ডলার বিনিময় বা সোয়াপ ব্যবস্থা চালু করে।

২১ ফেব্রুয়ারি, ২০২৪: বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের তৈরি 'পূর্ণ' নামে বাংলা ফন্ট উদ্বোধন।

২২ ফেব্রুয়ারি, ২০২৪: বিশ্বের প্রথম বেসরকারি মহাকাশযান 'ওডিসিয়াস' (Odysseus) চাঁদের দক্ষিণ মেরুতে অবতরণ করবে। যুক্তরাষ্ট্রের মহাকাশযান নির্মাতা প্রতিষ্ঠান ইনটুইটিভ মেশিনসের 'ওডিসিয়াস' মহাকাশযানটি ফ্লোরিডার কেপ ক্যানাভেরাল থেকে ইলন মাস্কের মালিকানাধীন 'স্পেসএক্স' (Space X) -এর ফ্যালকন ৯ রকেটের মাধ্যমে উৎক্ষেপণ করা হয়।

## মার্চ, ২০২৪

৭ মার্চ, ২০২৪: ন্যাটোর ৩২তম সদস্যপদ লাভ করে সুইডেন।

১৮ মার্চ, ২০২৪: দক্ষিণ কোরিয়ার রাজধানী সিউলে ৩য় বৈশ্বিক গণতন্ত্র সম্মেলন শুরু হয়।

২৬ মার্চ, ২০২৪: আলজেরিয়ার দেয়া গাজা যুদ্ধবিরতি প্রস্তাব নিরাপত্তা পরিষদে (১৪-০) পাশ হয়। যুক্তরাষ্ট্র ভোট দানে বিরত ছিল।
২৫ মার্চ, ২০২৪: বাংলাদেশ ও ভুটানের মধ্যে ৩টি নতুন সমঝোতা স্মারক স্বাক্ষরিত। সমঝোতা স্মারকের আওতায় ভুটানের রাজধানী থিম্পুতে একটি বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইউনিট করবে বাংলাদেশ। কুড়িগ্রামে ভুটানের জন্য একটি বিশেষায়িত অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করা হবে। এছাড়া ভোক্তা সুরক্ষায় দুই দেশের মধ্যে প্রযুক্তিগত সহযোগিতা জোরদার করা হবে। সাংস্কৃতিক ক্ষেত্রে সহযোগিতার বিষয়ে আগের যে চুক্তি রয়েছে, সেটি নবায়ন করেছে দুই দেশ।
২৬ মার্চ, ২০২৪: সিঙ্গাপুরের পতাকাবাহী 'দালি' নামের জাহাজের ধাক্কায় যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড অঙ্গরাজ্যের বাল্টিমোর শহরের পাটাপস্কো নদীর ওপরে ইস্পাত দিয়ে নির্মিত 'ফ্রান্সিস স্কট কি ব্রিজ' ভেঙে পড়ে।
✓ বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের রোম ফ্লাইট পুনরায় চালু হয়।
✓ ৫৪তম মহান স্বাধীনতা ও জাতীয় পতাকা দিবস পালিত।
২৯ মার্চ, ২০২৪: মানবাধিকার লঙ্ঘনের দায়ে হংকং-এর ওপর নতুন ভিসা নিষেধাজ্ঞা আরোপের ঘোষণা দেয় যুক্তরাষ্ট্র।
৩০ মার্চ, ২০২৪: পদ্মা সেতু হয়ে ফরিদপুরের ভাঙ্গা থেকে যশোরের রূপদিয়া পর্যন্ত ট্রেনের পরীক্ষামূলক চলাচল শুরু।
৩১ মার্চ, ২০২৪: ভুটানের থিম্পুস্থ বাংলাদেশ দূতাবাসের উদ্যোগে এবং ভুটানের গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর ভুটান স্টাডিজের (সিবিএস) কমিশনার 'দাশো কর্মা উড়া'র নেতৃত্বে ভুটানের জংখা ভাষায় অনূদিত এবং থিম্পুর 'পিটি প্রিন্টিং' থেকে প্রকাশিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের মোড়ক ভুটানের "থিম্পু জিচেনখার মিলনায়তন" এ উন্মোচন করেন ভুটানের প্রিন্সেস দেচেন ইয়াংজোম ওয়াংচুক এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক পরিচালক ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা সায়মা ওয়াজেদ।
✓ শেনজেন অঞ্চলে আংশিকভাবে যুক্ত হয় বুলগারিয়া ও রোমানিয়া।

## এপ্রিল, ২০২৪

১ এপ্রিল, ২০২৪

✓ স্থানীয় সময় বিকেল ৫টায় সিরিয়ার দামেস্কের পশ্চিম মেজেহ জেলার একটি হাইওয়েতে অবস্থিত ইরানি কনস্যুলেট ভবনটিকে লক্ষ্য করে ইসরায়েলি বিমান হামলার ঘটনায় অন্তত ১৩ জন নিহত হয়েছেন। তাদের মধ্যে ইরানের সামরিক বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তা ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ রেজা জাহেদী এবং ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ হাদি হাজি-রাহিমিসহ তাদের সাতজন অফিসার নিহত হয়েছেন।

✓মন্ত্রিসভার বৈঠকে 'বিধবা ও স্বামী নিগৃহীত ভাতা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা ২০২৪'-এর খসড়া নীতিগত অনুমোদন। উল্লেখ করা হয়- ২০২৪-২৫ অর্থবছরে ২৫ লাখ ৭৫ হাজার বিধবা ও স্বামী পরিত্যাক্তাকে মাসিক ৫৫০ টাকা করে ভাতা দেয়া হবে।

✓ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রথমবারের মতো চাকরিপ্রত্যাশী বেকার তরুণ-তরুণীদের জন্য ইন্টার্নশিপ কার্যক্রম উদ্বোধন।

২ এপ্রিল, ২০২৪

✓ রাশিয়ার কৃষ্ণ সাগর নৌবহরের নতুন প্রধান নিয়োগ।

কৃষ্ণ সাগরে রুশ সামরিক জাহাজ নিশানা করে ইউক্রেনের একের পর এক হামলার পরিপ্রেক্ষিতে কৃষ্ণ সাগর নৌবহরের নেতৃত্বে বদলিয়ে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন নৌবাহিনীর কমান্ডার হিসেবে ভাইস অ্যাডমিরাল সের্গেই পিনচুক কে নিয়োগ দিয়ে আদেশ জারি করেছেন।

✓ সেনেগালে নতুন প্রধানমন্ত্রী হলেন ওসমান সোনকো।

পশ্চিম আফ্রিকার দেশ সেনেগালের কনিষ্ঠতম প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন বাসিরু দিওমায়ে ফায়ে; নতুন প্রধানমন্ত্রী হিসেবে ৪৯ বছর বয়সী ওসমান সোনকোকে নিয়োগ দিয়েছেন। প্রেসিডেন্ট পদে ১২ বছর ক্ষমতায় থাকা ম্যাকি সলের স্থলাভিষিক্ত হয়েছেন ফায়ে।

✓ তৃতীয় মেয়াদে মিসরের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন আব্দেল ফাত্তাহ আল সিসি।

৩ এপ্রিল, ২০২৪

✓ চাঁদে মানুষ পাঠাতে মহাকাশযান 'লুনার টেরেন ভিহিকল' তৈরির জন্য তিনটি কোম্পানির সঙ্গে চুক্তি করে মার্কিন মহাকাশ সংস্থা নাসা (NASA).

৪ এপ্রিল, ২০২৪

✓ মিয়ানমারের রাজধানীর সামরিক ঘাঁটিতে বিদ্রোহীদের হামলা।

ক্ষমতাসীন জান্তা বাহিনীর সঙ্গে চলমান যুদ্ধের ধারাবাহিকতায় মিয়ানমারের রাজধানী নাইপিদোর একটি সামরিক ঘাঁটিতে ড্রোন হামলা করেছে সামরিক শাসনবিরোধী সশস্ত্র বিদ্রোহীদের ঐক্য মঞ্চ পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (পিডিএফ)। ১৯৬২ সালে প্রথমবার গণতান্ত্রিক সরকারকে হটিয়ে সামরিক বাহিনীর ক্ষমতা দখলের পরে সামরিক বাহিনী বিরোধী সশস্ত্র গোষ্ঠী গুলোর উত্থান হয়।

✓ লোহিত সাগর সংকট, হুমকির মুখে বিশ্ব অর্থনীতি।

গাজা যুদ্ধ ও লোহিত সাগরে হুথি হামলার জন্য ভয়াবহ সংকটে লোহিত সাগর; যার প্রভাব পড়বে বিশ্ব বাণিজ্যে।গাজা যুদ্ধকে কেন্দ্র করে যুক্তরাষ্ট্র ও হুথিদের হামলা পাল্টা হামলায় বব-এল-মান্দেব বাণিজ্য পথ বিপজ্জনক হওয়ায় বিশ্বের বড় বড় জাহাজ কোম্পানিগুলো এই পথে জাহাজ চলাচল বন্ধ করে পাল্টাচ্ছে গতিপথ যা ব্যয় বাড়াচ্ছে।

✓ সামরিক জোট ন্যাটোর ৭৫ বছর পূর্তি।

✓ রাশিয়ার সাথে স্থল সীমান্ত দিয়ে যাতায়াত অনির্দিষ্ট সময়ের জন্য বন্ধ ঘোষণা করে নর্ডিক অঞ্চলের দেশ ফিনল্যান্ড।

✓ প্রথমবারের মতো ব্যাংক একীভূত করার জন্য নীতিমালা জারি।

৭ এপ্রিল, ২০২৪

✓ দক্ষিণ মেরুতে রেকর্ড তাপমাত্রা, বিপর্যয়ের আশঙ্কা।

পৃথিবীর দক্ষিণ মেরুর তাপমাত্রায় অস্বাভাবিক বৃদ্ধি রেকর্ড করেছেন বিজ্ঞানীরা। দক্ষিণ মেরুর বরফঢাকা পূর্বাঞ্চলের মালভূমিতে

অবস্থিত কনকর্ডিয়া গবেষণা কেন্দ্রের বিজ্ঞানীরা জানিয়েছেন, ১৮ মার্চ, ২০২২ সালে অঞ্চলটির তাপমাত্রা মৌসুমি গড় তাপমাত্রার চেয়ে ৩৮ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস বেড়ে যায়, যা একটি বিশ্ব রেকর্ড।

✓ ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী মাউরো ভিয়েরা দুই দিনের সফরে ঢাকা আসেন।

৮ এপ্রিল, ২০২৪

✓ পূর্ণগ্রাস সূর্যগ্রহণের সাক্ষী হলো বিশ্ববাসী।

৮ এপ্রিল বছরের প্রথম এক বিরল সূর্যগ্রহণের সাক্ষী হলো পৃথিবী। দক্ষিণ প্রশান্ত মহাসাগরের উপর দিয়ে শুরু হয়ে; এটি একটি সম্পূর্ণ সূর্যগ্রহণ হয়েছে। মেক্সিকো, যুক্তরাষ্ট্র ও কানাডা থেকে পূর্ণগ্রাস সূর্যগ্রহণ প্রত্যক্ষ করেন উত্তর আমেরিকার বাসিন্দারা। বাংলাদেশের সময় রাত ৯টা ১৩ মিনিটে শুরু হয় সূর্যগ্রহণ, যা ৪ মিনিটেরও বেশি সময় স্থায়ী ছিল।

✓ মহাকাশে ঘটতে যাচ্ছে তারার বিস্ফোরণ, জীবনে দেখা যাবে একবারই

মহাকাশের করোনা বোরিয়ালিস নক্ষত্রমণ্ডল বা 'নর্দান ক্রাউনে'র বাইনারি তারকা ব্যবস্থা খালি চোখে দেখতে সাধারণত খুবই ম্লান বা ছোট লাগে। তবে প্রতি ৮০ বছর বা এরকম সময়ের ব্যবধানে এ নক্ষত্রপুঞ্জের দুটি তারার মধ্যে স্থানচ্যুতি ঘটে। এ সময় বড় সংঘর্ষে জড়ায় তারা। সংঘটিত হয় বিশেষ ধরনের পারমাণবিক বিস্ফোরণ। আগামী সেপ্টেম্বরের মাঝামাঝি কোনো একদিন পৃথিবী থেকে ৩ হাজার আলোকবর্ষ দূরে এই বিশাল তারকা বিস্ফোরণ ঘটতে চলেছে।

✓ কুমিল্লা সিটি কর্পোরেশনের প্রথম নারী মেয়র হিসেবে ডা. তাহসিন বাহার সূচনা আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেন।

৯ এপ্রিল, ২০২৪

✓ ইসরায়েলে পণ্য রপ্তানি করবে না তুরস্ক।

ইসরায়েলে পণ্য রপ্তানির ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করেছে তুরস্ক। স্টিল ও জেট ফুয়েল রপ্তানির ক্ষেত্রেও এই পদক্ষেপ কার্যকর হবে। বলা হয়েছে, গাজায় যুদ্ধবিরতি কার্যকর না হওয়া পর্যন্ত এই নিষেধাজ্ঞা থাকবে। তুরস্কের বাণিজ্য মন্ত্রণালয় এই তথ্য জানিয়েছে। গত ছয় মাসের মধ্যে ইসরায়েলের বিরুদ্ধে এটাই তুরস্কের সবচেয়ে বড় পদক্ষেপ।

১০ এপ্রিল, ২০২৪

✓ ফিলিস্তিনকে রাষ্ট্র স্বীকৃতি দেওয়ার ইঙ্গিত অস্ট্রেলিয়ার।

শান্তি ফেরানোর বিষয়ে দ্রুততা আনতে ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়া হতে পারে বলে ইঙ্গিত দিয়েছেন অস্ট্রেলিয়ার পররাষ্ট্রমন্ত্রী পেনি ওং। তবে সেক্ষেত্রে সরকার পরিচালনায় হামাসের কোনো ভূমিকা থাকতে পারবে না বলে জানিয়েছেন তিনি।

১২ এপ্রিল, ২০২৪

✓ ফিলিস্তিনকে রাষ্ট্রের স্বীকৃতি দিতে প্রস্তুত ইউরোপ।

ফিলিস্তিনকে রাষ্ট্রের স্বীকৃতি দিতে প্রস্তুত ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) সদস্য দেশগুলো। এ বিষয়ে 'স্পষ্ট ইঙ্গিত' রয়েছে বলে জানিয়েছেন স্পেনের প্রধানমন্ত্রী পেদ্রো সানচেজ। ফিলিস্তিনকে রাষ্ট্রের স্বীকৃতি দেওয়ার বিষয়ে সমর্থন আদায়ের জন্য সম্প্রতি কূটনৈতিক প্রচারণা শুরু করেছেন তিনি।

✓ সাগরে চিনের আধিপত্য নিয়ে ৩ দেশের গভীর উদ্বেগ।

ওয়াশিংটনে যুক্তরাষ্ট্র-জাপান ও ফিলিপাইনসের মধ্যে সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। এতে দক্ষিণ চিন সাগরে চিনের সাম্প্রতিক কর্মকাণ্ড নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন দেশ তিনটির নেতারা।

১৩ এপ্রিল, ২০২৪

✓ ইসরায়েলের একাধিক সামরিক স্থাপনায় রকেট হামলা।

ইরানের সরাসরি হামলার আশঙ্কার মধ্যে ইসরায়েলের সামরিক স্থাপনায় রকেট হামলা চালালো লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ। ইসরায়েলের বেশ কয়েকটি সামরিক স্থাপনায় এই হামলা চালানো হয়েছে।

✓ ইসরায়েলে ক্ষেপণাস্ত্র হামলা চালালো ইরান।

ইসরায়েলে ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে ইরান। ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি) জানিয়েছে,

স্থানীয় সময় শনিবার ইসরায়েলের ভূখণ্ড লক্ষ্য করে কয়েক ডজন ড্রোন ও ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে তারা। ইসরায়েলি সেনাবাহিনী জানিয়েছে, শনিবার রাতে তেহরান ইসরায়েলের দিকে ৩০০টিরও বেশি ড্রোন ও ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে। দামেস্কে ইরানি কনস্যুলেটে হামলার প্রতিশোধ নিতে শনিবার (১৩ এপ্রিল) রাতে ইসরায়েলের দিকে ঝাঁকে ঝাঁকে ড্রোন ও ক্ষেপণাস্ত্র ছুড়েছে ইরান। এবারই প্রথম ইসরায়েলের ভূখণ্ডে সরাসরি হামলা চালালো তারা। যদিও, ইরানের ছোড়া ড্রোন-ক্ষেপণাস্ত্রের ৯৯ শতাংশই ভূপাতিত করার দাবি করেছে ইসরায়েল। তবে এই হামলায় মধ্যপ্রাচ্যে সংঘাত আরও ব্যাপকভাবে ছড়িয়ে পড়ার আশঙ্কা তৈরি হয়েছে।
✓ ৫০ লাখ ডলার মুক্তিপণ দিয়ে মুক্ত বাংলাদেশি জাহাজ।
বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহ এবং এর ২৩ নাবিককে অবশেষে মুক্তি দিয়েছে সোমালিয়ার জলদস্যুরা। তবে এর জন্য তাদের ৫০ লাখ মার্কিন ডলার মুক্তিপণ দিতে হয়েছে। বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ প্রায় ৫৪ কোটি ৭৪ লাখ টাকা।

১৪ এপ্রিল, ২০২৪
বাংলা নববর্ষ পালিত।

১৫ এপ্রিল, ২০২৪
✓ মার্কিন নেতৃত্বাধীন জোট প্রত্যাহারে আলোচনায় একমত বাইডেন ও ইরাকি প্রধানমন্ত্রী।
মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ও ইরাকের প্রধানমন্ত্রী মোহাম্মদ শিয়া আল-সুদানী সোমবার বলেছেন, তারা দেশটিতে জিহাদি বিরোধী মার্কিন নেতৃত্বাধীন জোট সৈন্য প্রত্যাহারের ব্যাপারে কাজ চালিয়ে যাবেন।
✓ প্রথম মার্কিন প্রেসিডেন্ট হিসেবে ফৌজদারি বিচারের মুখোমুখি ট্রাম্প।
পর্নো তারকা স্টর্মি ড্যানিয়েলসকে ঘুষ দেওয়ার মামলাসহ অর্থ কেলেঙ্কারির একাধিক মামলায় বিচার শুরু হলো সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের। যুক্তরাষ্ট্রের ইতিহাসে ট্রাম্পই হলেন প্রথম কোনো সাবেক প্রেসিডেন্ট, যিনি ফৌজদারি মামলায় বিচারের মুখোমুখি হলেন। এ মামলায় দোষী সাব্যস্ত হলে ৭৭ বছর বয়সী ট্রাম্পের সর্বোচ্চ চার বছরের কারাদণ্ড হতে পারে। তবে জরিমানা দিয়ে তিনি কারাবাস থেকে রেহাই পেতে পারবেন।
✓ চ্যাটজিপিটির নির্মাতা OpenA1 জাপানের টোকিওতে নতুন কার্যালয় চালু করে।

১৬ এপ্রিল, ২০২৪
✓ ইসরায়েলকে সহায়তা করায় জর্ডানে বিক্ষোভ।
দামেস্কে ইরানি কনস্যুলেটে হামলার জবাবে সপ্তাহান্তে ইসরায়েলকে লক্ষ্য করে ৩০০র বেশি ড্রোন ও ক্ষেপণাস্ত্র ছোড়ে ইরান। কিন্তু সেগুলো ইসরায়েলে পৌঁছানোর পথে বাধা হয়ে দাঁড়িয়েছিল প্রতিবেশী জর্ডান। ক্ষেপণাস্ত্রগুলো নিজেদের জনগণ ও জনবহুল এলাকাগুলোর জন্য হুমকিস্বরূপ ছিল বলেই সেগুলোকে ধ্বংসের দায়িত্ব নিয়েছিল বলে জানিয়েছে জর্ডান সরকার। কিন্তু দীর্ঘদিন ধরে ইসরায়েলের বিরুদ্ধে প্রতিবাদ করা জর্ডানের নাগরিকরা তাদের সরকারের এমন কর্মকাণ্ডের প্রতিবাদ করেন।
✓ আমিরাতে রেকর্ড বৃষ্টি,বন্যায় তলিয়ে গেছে বিমানবন্দর।
মধ্যপ্রাচ্যের দেশ সংযুক্ত আরব আমিরাতে রেকর্ড পরিমাণ বৃষ্টি হয়েছে। এছাড়া প্রবল বজ্রঝড়ও আঘাত হেনেছে দেশটিতে। সেখানে দেড় বছরে যে পরিমাণ বৃষ্টি হয় মাত্র কয়েক ঘন্টার মধ্যেই তারচেয়েও বেশি বৃষ্টি হয়েছে। এছাড়া দুবাই শহরের প্রধান প্রধান সড়ক এবং এর আন্তর্জাতিক বিমানবন্দর বন্যায় প্লাবিত হয়েছে। উন্নত পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় এই দূর্ভোগের স্বীকার হয় দুবাই।

১৭ এপ্রিল, ২০২৪
✓উপজেলা পরিষদ নির্বাচনের তৃতীয় ধাপের তফসিল ঘোষণা।
✓ মন্ত্রিসভার বৈঠকে 'মহেশখালী সমন্বিত উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০২৪'-এর খসড়া অনুমোদন।

১৮ এপ্রিল, ২০২৪
✓ ১০০ প্রভাবশালী ব্যক্তির তালিকায় বাংলাদেশের মেরিনা।
টাইম ম্যাগাজিনে বিশ্বের প্রভাবশালী ১০০ ব্যক্তির তালিকায় জায়গা করে নিয়েছেন বাংলাদেশি স্থপতি মেরিনা তাবাসসুম। তালিকায়

উদ্ভাবক শ্রেণিতে স্থান পেয়েছেন মেরিনা তাবাসসুম। টাইম বলছে, জলবায়ু পরিবর্তনের বড় ঝুঁকিতে থাকা বাংলাদেশে মেরিনা তাবাসসুম এমন এক ঘরানার বাড়ি তৈরি করেছেন, যার নির্মাণ ব্যয় যেমন কম, তেমনি এই বাড়ি সহজে স্থানান্তরও করা যায়।
✓ বাংলাদেশের সঙ্গে ব্যবসা ও যোগাযোগের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে ঢাকায় আলাদা ভিসা কেন্দ্র চালু করে চিনা দূতাবাস।
✓ ফিলিস্তিনকে জাতিসংঘের সদস্যপদ পাওয়ার সংক্রান্ত প্রস্তাবে যুক্তরাষ্ট্র ভেটো দেয়।

**১৯ এপ্রিল, ২০২৪**
**✓ ইরানের ইস্পাহান শহরের পারমাণবিক স্থাপনা লক্ষ্য করে ইসরায়েল ক্ষেপণাস্ত্র হামলা চালায়।**
**✓ ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্রের স্বীকৃতি দিল উত্তর আমেরিকার ক্যারিবিয়ান অঞ্চলের দ্বীপ রাষ্ট্র বার্বাডোস।**
**✓ ৪৯তম স্প্যান বসানোর মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিব রেলসেতু দৃশ্যমান**।

২০ এপ্রিল,২০২৪
✓ ইরাকে ইরানপন্থি মিলিশিয়া বাহিনীর ঘাঁটিতে বোমা হামলা।
ইরান-ইসরায়েল সংঘাতের মধ্যেই এবার ইরাকের রাষ্ট্রায়ত্ত প্যারা মিলিশিয়া বাহিনীর সেনাঘাঁটিতে হামলার ঘটনা ঘটেছে। পপুলার মোবিলাইজেশন ফোর্সেস নামে ওই প্যারা মিলিশিয়া বাহিনীটি ইরানপন্থি, যেটি মূলত একাধিক শিয়া সশস্ত্র গোষ্ঠী নিয়ে গঠিত।
✓ ইউক্রেন-ইসরায়েল-তাইওয়ানকে সহায়তা দিতে যুক্তরাষ্ট্রের পার্লামেন্টে বিল পাস।
কট্টরপন্থি রিপাবলিকানদের তীব্র আপত্তির পরেও ইউক্রেন, ইসরায়েল ও তাইওয়ানকে নিরাপত্তা সহায়তা প্রদান করতে ৯৫ বিলিয়ন ডলারের একটি বিশাল সহায়তা প্যাকেজের অনুমোদন দিয়েছে যুক্তরাষ্ট্র। দেশটির পার্লামেন্টের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদে বহুল আলোচিত বিলটি পাস হয়েছে।

২১ এপ্রিল, ২০২৪
✓ মালদ্বীপের পার্লামেন্টে পিপলস মজলিসের ভোট গ্রহণ অনুষ্ঠিত।
✓ বাংলাদেশ এবং যুক্তরাষ্ট্রের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতা ফোরাম চুক্তির (টিকফা) বৈঠক ঢাকায় অনুষ্ঠিত।
✓ প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামের হালিশহরে আর্টিলারি সেন্টার অ্যান্ড স্কুলে বঙ্গবন্ধু শেখ মুজিব ব্যাটারি কমপ্লেক্সের ফলক উন্মোচন করেন।

২২ এপ্রিল, ২০২৪
✓ কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি দু'দিনের সফরে ঢাকা আসেন।
✓ ঢাকার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে চার দিনব্যাপী জাতিসংঘ জলবায়ু অভিযোজন সম্মেলন ন্যাশনাল অ্যাডাপ্টেশন প্ল্যান (NAP) এক্সপো ২০২৪ শুরু।
✓ থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে UNESCAP ৮০তম অধিবেশন শুরু।
✓ তিন দিনের রাষ্ট্রীয় সফরে পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে পৌঁছেন ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি।
✓ প্রায় ৯ বছরের নিষেধাজ্ঞার পর ইরানের নাগরিকরা প্রথমবারের মতো ওমরাহ পালনের উদ্দেশ্যে সৌদি আরব পৌঁছায়।
✓ অভিবাসন প্রত্যাশীদের রুয়ান্ডায় পাঠাতে যুক্তরাজ্যের আইনসভায় বিল পাস।
✓ বাংলাদেশ ও কাতারের মধ্যে ৫টি চুক্তি ও ৫টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত।

২৩ এপ্রিল, ২০২৪
✓ উত্তর আমেরিকার ক্যারিবিয়ান অঞ্চলের দ্বীপ রাষ্ট্র 'জ্যামাইকা' ক্যারিবিয়ান কমিউনিটির (CARICOM) ১২তম সদস্য হিসেবে ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়। ৩০ এপ্রিল, ২০২৪ পর্যন্ত জাতিসংঘের ১৯৩ সদস্যের মধ্যে ১৪০টি এবং পর্যবেক্ষক দেশ ভ্যাটিকান সিটি ফিলিস্তিনকে সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়।
✓ মার্কিন কংগ্রেসের উচ্চকক্ষ সিনেটে ইউক্রেন, ইসরায়েল ও তাইওয়ানের জন্য সহায়তা অনুমোদন।
✓ ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের চতুর্থ ধাপের তফসিল ঘোষণা। নির্বাচন অনুষ্ঠিত হবে ৫ জুন।

২৪ এপ্রিল, ২০২৪

✓ ভারতের আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের (AMU) প্রথম নারী ভাইস চ্যান্সেলর হিসেবে দায়িত্ব গ্রহণ করেন অধ্যাপক নাইমা খাতুন। এর আগে ১৯২০ সালে ভোপালের নবাব বেগম সুলতান জাহান বিশ্ববিদ্যালয়টির চ্যান্সেলর বা আচার্য হিসেবে দায়িত্ব পালন করেছেন।

✓ বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী হিসেবে থাইল্যান্ড সফরে যান শেখ হাসিনা।

২৪ এপ্রিল ২০২৪

**✓ ইরান-পাকিস্তান বাণিজ্যিক চুক্তি, যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞার হুমকি।**

বর্তমানে তিন দিনের রাষ্ট্রীয় সফরে পাকিস্তানে অবস্থান করছেন ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি। এরই মধ্যে দুই দেশের সম্পর্ক ও বাণিজ্য জোরদারে বিভিন্ন ইস্যুতে আটটি চুক্তি সই করেছে ইসলামাবাদ ও তেহরান। তবে মুসলিম বিশ্বের দুই শক্তিধর দেশের এমন উষ্ণ সম্পর্ক ভালোভাবে নিতে পারছে না যুক্তরাষ্ট্র।

**✓ গোলাপি চাঁদের দেখা।**

২০২৪ সালের এপ্রিল অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি মাস। এই মাসে ৫৪ বছরের মধ্যে দীর্ঘতম সূর্যগ্রহণ দেখেছে বিশ্ব। এবার একই মাসে গোলাপি পূর্ণিমার চাঁদও দেখা যায়, যাকে বলা হয়- পিংক মুন।

২৫ এপ্রিল, ২০২৪

✓ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের নতুন তিন বিচারপতির শপথ গ্রহণ করেন। তারা হলেন- বিচারপতি মুহাম্মদ আব্দুল হাফিজ, বিচারপতি মো. শাহিনুর ইসলাম এবং বিচারপতি কাশেফা হোসেন।

২৮ এপ্রিল, ২০২৪

✓ সৌদি আরবের রাজধানী রিয়াদে বিশ্ব অর্থনৈতিক ফোরামের দু'দিনব্যাপী বিশেষ অধিবেশন শুরু।

# রিপোর্ট-সমীক্ষা-সূচক

| বৈশ্বিক সামরিক ব্যয় (২২ এপ্রিল, ২০২৪) | |
|---|---|
| **প্রতিবেদন প্রকাশক** | Stockholm International Peace Research Institute (SIPRI) |
| **শিরোনাম** | Trends in World Military Expenditure, 2023 |
| **সামরিক ব্যয়ে শীর্ষ ৫টি দেশ (বিলিয়ন মার্কিন ডলার)** | **১. যুক্তরাষ্ট্র (৯১৬), ২. চিন (২৯৬), ৩. রাশিয়া (১০৯), ৪. ভারত (৮৩.৬) এবং ৫. সৌদি আরব (৭৫.৮)।** |

## স্বাধীনতা ও সমৃদ্ধি সূচক (১৬ এপ্রিল, ২০২৪)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গবেষণা প্রতিষ্ঠান | | | যুক্তরাষ্ট্রের আটলান্টিক কাউন্সিল | | |
| গবেষণায় অন্তর্ভুক্ত দেশ | | | ১৬৪ টি | | |
| গবেষণা প্রতিবেদনের দুটি পৃথক সূচক | | | স্বাধীনতা ও সমৃদ্ধি | | |
| শীর্ষ ৫ দেশ | | | সর্বনিম্ন ৫ দেশ | | |
| ক্রম | স্বাধীনতা | সমৃদ্ধি | ক্রম | স্বাধীনতা | সমৃদ্ধি |
| ১ম | ডেনমার্ক | নরওয়ে | ১৬৪ | আফগানিস্তান | ইয়েমেন |
| ২য় | সুইডেন | আইসল্যান্ড | ১৬৩ | ইরিত্রিয়া | আফগানিস্তান |
| ৩য় | সুইজারল্যান্ড | অস্ট্রেলিয়া | ১৬২ | দক্ষিণ সুদান | দক্ষিণ সুদান |
| ৪র্থ | ফিনল্যান্ড | সুইডেন | ১৬১ | তুর্কমিনিস্তান | মোজাম্বিক |
| ৫ম | লুক্সেমবার্গ | নিউজিল্যান্ড | ১৬০ | সিরিয়া | শাদ |
| সার্কভুক্ত দেশের অবস্থান | | | | | |
| দেশ | স্বাধীনতা | সমৃদ্ধি | দেশ | স্বাধীনতা | সমৃদ্ধি |
| ভুটান | ৬১ | ১১১ | পাকিস্তান | ১১৩ | ১৫০ |
| নেপাল | ৮৬ | ১৩১ | বাংলাদেশ | ১৪১ | ৯৯ |
| শ্রীলংকা | ৯৭ | ৭২ | আফগানিস্তান | ১৬৪ | ১৬৩ |
| ভারত | ১০৪ | ১৪৬ | মালদ্বীপ | অন্তর্ভুক্ত করা হয়নি | |

## বৈশ্বিক শীর্ষ ধনী (৩ এপ্রিল, ২০২৪)

| | | |
|---|---|---|
| গবেষণা প্রতিষ্ঠান | ফোর্বস ম্যাগাজিন | |
| প্রতিবেদনের শিরোনাম | Forbes World's Billionaires List: The Richest in 2024 | |
| প্রতিবেদনের তালিকায় অন্তর্ভুক্ত দেশ ও ব্যক্তি | ৭৮টি দেশ ও ২,৬৯২ জন বিলিয়নিয়ার (সর্বোচ্চ ৭৩৫ জন যুক্তরাষ্ট্রের) | |
| তালিকায় একমাত্র বাংলাদেশি | সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান (২৫৪৫তম)। সম্পদ: ১.১ বিলিয়ন মার্কিন ডলার। | |
| শীর্ষ ১০ ধনী (সম্পদ বিলিয়ন মার্কিন ডলার) | | |
| নাম | পরিচিতি | সম্পদ |
| বার্নার্ড আর্নল্ট ও তার পরিবার | ফ্রান্সের LVMH'র চেয়ারম্যান ও প্রধান নির্বাহী | ২২১.৪ |
| ইলন মাস্ক | SpaceX এর প্রতিষ্ঠাতা ও টেসলার প্রধান নির্বাহী | ২০০.৩ |
| জেফ বেজোস | ই-কমার্স প্রতিষ্ঠান অ্যামাজনের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান | ১৯১.২ |
| মার্ক জাকারবার্গ | সামাজিক মাধ্যম facebook এর সহ-প্রতিষ্ঠাতা | ১৭৭.৬ |
| ল্যারি এলিসন | ওরাকলের সহ-প্রতিষ্ঠাতা ও নির্বাহী চেয়ারম্যান | ১৫৫.৫ |
| ওয়ারেন বাফেট | বার্কশায়ার হ্যাথওয়ের প্রধান নির্বাহী | ১৩৮.৪ |
| বিল গেটস | মাইক্রোসফটের সহ-প্রতিষ্ঠাতা | ১৩০.৭ |
| ল্যারি পেজ | google এর সহ-প্রতিষ্ঠাতা | ১২৯.২ |
| স্টিভ বলমার | মাইক্রোসফটের সাবেক প্রধান নির্বাহী | ১২৪.৪ |
| সের্গেই ব্রিন | Google এর সহ-প্রতিষ্ঠাতা | ১২৪ |

# বিশ্ব জনসংখ্যা প্রতিবেদন ২০২৪

| | |
|---|---|
| প্রতিবেদন প্রকাশক | জাতিসংঘ জনসংখ্যা তহবিল (UNFPA): এপ্রিল, ২০২৪ |
| বিশ্ব জনসংখ্যা | ৮১১.৯০ কোটি |
| নারী প্রতি প্রজনন | ২.৩ জন |
| গড় আয়ু | ৭১ বছর (পুরুষ) এবং ৭৬ বছর (নারী) |
| নারী প্রতি প্রজনন হার | সর্বাধিক- নাইজার (৬.৬ জন) এবং সর্বনিম্ন- হংকং (০.৮ জন) |
| জনসংখ্যায় বিশ্বের বৃহত্তম দেশ | ভারত |
| জনসংখ্যায় বিশ্বে বাংলাদেশের অবস্থান | অষ্টম |

**অঞ্চলভিত্তিক জনসংখ্যা**

| অঞ্চল | জনসংখ্যা (কোটি) |
|---|---|
| এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল | ৪২০.৪০ |
| পূর্ব ও দক্ষিণ আফ্রিকা | ৬৮.৮০ |
| ল্যাটিন আমেরিকা ও ক্যারিবিয়ান অঞ্চল | ৬৬.৬০ |
| পশ্চিম ও মধ্য আফ্রিকা | ৫১.৬০ |
| আরব রাষ্ট্র | ৪৭.৬০ |
| পূর্ব ইউরোপ ও মধ্যে এশিয়া | ২৫.০০ |
| অন্যান্য | ১৩১.৯০ |
| মোট | ৮১১.৯০ |

**শীর্ষ ১০ জনবহুল দেশ**

| দেশ | জনসংখ্যা | প্রজনন (জন) | গড় আয়ু | |
|---|---|---|---|---|
| | | | পুরুষ | নারী |
| ১. ভারত | ১৪৪ কোটি ১৭ লাখ | ২.০ | ৭১ | ৭৪ |
| ২. চিন | ১৪২ কোটি ৫২ লাখ | ১.২ | ৭৬ | ৮২ |
| ৩. যুক্তরাষ্ট্র | ৩৪ কোটি ১৮ লাখ | ১.৭ | ৭৭ | ৮২ |
| ৪. ইন্দোনেশিয়া | ২৭ কোটি ৯৮ লাখ | ২.১ | ৬৯ | ৭৩ |
| ৫. পাকিস্তান | ২৪ কোটি ৫২ লাখ | ৩.৩ | ৬৫ | ৭০ |
| ৬. নাইজেরিয়া | ২২ কোটি ৯২ লাখ | ৫.০ | ৫৪ | ৫৫ |
| ৭. ব্রাজিল | ২১ কোটি ৭৬ লাখ | ১.৬ | ৭৩ | ৭৯ |
| ৮. বাংলাদেশ | ১৭ কোটি ৪৭ লাখ | ১.৯ | ৭২ | ৭৭ |
| ৯. রাশিয়া | ১৪ কোটি ৪০ লাখ | ১.৫ | ৭০ | ৭৯ |
| ১০. ইথিওপিয়া | ১২ কোটি ৯৭ লাখ | ৩.৯ | ৬৪ | ৭০ |

**প্রতিবেদনে সার্কভুক্ত দেশ**

| | | | | |
|---|---|---|---|---|
| ভারত | ১৪৪ কোটি ১৭ লাখ | ২.০ | ৭১ | ৭৪ |
| পাকিস্তান | ২৪ কোটি ৫২ লাখ | ৩.৩ | ৬৫ | ৭০ |
| বাংলাদেশ | ১৭ কোটি ৪৭ লাখ | ১.৯ | ৭২ | ৭৭ |
| আফগানিস্তান | ৪ কোটি ৩৪ লাখ | ৪.৩ | ৬২ | ৬৮ |
| নেপাল | ৩ কোটি ১২ লাখ | ২.০ | ৬৯ | ৭৩ |
| শ্রীলংকা | ২ কোটি ১৯ লাখ | ১.৯ | ৭৩ | ৮১ |

বইয়ের তথ্যগত আপডেট জানতে যুক্ত থাকুন Mississippi Publications ফেসবুক গ্রুপ ও পেইজে

| | | | | |
|---|---|---|---|---|
| ভুটান | ৮ লাখ | ১.৪ | ৭১ | ৭৫ |
| মালদ্বীপ | ৫ লাখ | ১.৭ | ৮১ | ৮২ |

## হেপাটাইটিস আক্রমণের উচ্চঝুঁকি (এপ্রিল, ২০২৪)

| | |
|---|---|
| প্রতিবেদন প্রকাশক | বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) |
| প্রতিবেদনে অন্তর্ভুক্ত দেশ | ১৮৭ টি |
| উচ্চঝুঁকিতে | চিন (১ম); ভারত (২য়) |
| বাংলাদেশের অবস্থান | সপ্তম |
| বিশ্বে হেপাটাইটিস B ও C আক্রান্ত রোগী | ৩০ কোটি ৪০ লাখ। (এর মধ্যে ২৫ কোটি ৪০ লাখ হেপাটাইটিস B ও ৫ কোটি হেপাটাইটিস C রোগী) |
| বাংলাদেশে হেপাটাইটিস B ও C ভাইরাসে আক্রান্ত | ৮৩ লাখ (এর মধ্যে ৮৬.৭৪% হেপাটাইটিস B ও ১৩.২৬% হেপাটাইটিস C) |

## গ্লোবাল ট্রেড আউটলুক ও পরিসংখ্যান (এপ্রিল, ২০২৪)

| গবেষণা প্রতিষ্ঠান | বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) | | |
|---|---|---|---|
| রপ্তানি ও আমদানিতে শীর্ষ ৫ দেশ [হিসাব বিলিয়ন মার্কিন ডলার] | | | |
| রপ্তানি | | আমদানি | |
| দেশ | পরিমাণ | দেশ | পরিমাণ |
| ১. চিন | ৩,৩৮০ | যুক্তরাষ্ট্র | ৩,১৭৩ |
| ২. যুক্তরাষ্ট্র | ২,০২০ | চিন | ২,৫৫৭ |
| ৩. জার্মানি | ১,৬৮৮ | জার্মানি | ১,৪৬৩ |
| ৪. নেদারল্যান্ডস | ৯৩৫ | নেদারল্যান্ডস | ৮৪২ |
| ৫. জাপান | ৭১৭ | যুক্তরাজ্য | ৭৯১ |

## দেশে দরিদ্রের হার (২৬ মার্চ, ২০২৪)

| গবেষণা প্রতিষ্ঠান | South Asian Network on Economic Modeling (SANEM) ও যুক্তরাষ্ট্রের ম্যানচেস্টার বিশ্ববিদ্যালয়ের Global Development Institute (GDI) | | |
|---|---|---|---|
| ২০২৩ সালে দারিদ্র্যের হার | ২০.৭% (গ্রামীণ: ২১.৬% এবং শহুরে: ১৮.৭%) | | |
| ২০২৩ সালে পরিবারের মাথাপিছু ব্যয় (টাকায়) | অতি দরিদ্র: ২,৫৩৯ টাকা; মাঝারি দরিদ্র ৩,৩৩৮ টাকা; ঝুঁকিপূর্ণ দরিদ্র: ৪,০৭২ টাকা এবং অন্যান্য: ৭,৯২৯ টাকা | | |
| বিভাগওয়ারি দারিদ্র্যের হার (%) | | | |
| বিভাগ | ২০২৩ | বিভাগ | ২০২৩ |
| রংপুর | ৪২.৯ | চট্টগ্রাম | ১৮.৮ |
| বরিশাল | ৩২.৫ | ঢাকা | ১৫.৭ |
| খুলনা | ২১.৪ | ময়মনসিংহ | ১২.৯ |
| রাজশাহী | ১৯.১ | সিলেট | ৮. ৯ |

বইয়ের তথ্যগত আপডেট জানতে যুক্ত থাকুন Mississippi Publications ফেসবুক গ্রুপ ও পেইজে

| মানব উন্নয়ন প্রতিবেদন ২০২৩/২০২৪ (১৩ মার্চ, ২০২৪) | | | |
|---|---|---|---|
| প্রতিবেদন প্রকাশক | জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP) | | |
| শিরোনাম | Human development report 2023/2024: Breaking the gridlock Reimagining Cooperation in polarized world | | |
| অন্তর্ভুক্ত দেশ ও অঞ্চল | ১৯৫টি (উত্তর কোরিয়া ও মোনাকো নামক দুটি দেশের প্রয়োজনীয় তথ্যের অভাবে ক্রমিক নম্বর দেওয়া হয়নি) | | |
| প্রতিবেদন তৈরির পদ্ধতি | বিভিন্ন দেশের স্বাস্থ্য, শিক্ষা, আয় ও সম্পদের উৎস, বৈষম্য, লৈঙ্গিক সমতা, দারিদ্র্য, কর্মসংস্থান, নিরাপত্তা, বাণিজ্য ও অর্থ প্রবাহ, যোগাযোগ, পরিবেশের ভারসাম্য ও জনমিতির তথ্য বিশ্লেষণ | | |
| প্রতিবেদনে শীর্ষ ৬ দেশ | | | |
| দেশ | সূচক | গড় আয়ু (বছর) | মাথাপিছু আয় (মা.ড.) |
| ১. সুইজারল্যান্ড | ০.৯৬৭ | ৮৪.৩ | ৬৯,৪৩৩ |
| ২. নরওয়ে | ০.৯৬৬ | ৮৩.৪ | ৬৯,১৯০ |
| ৩. আইসল্যান্ড | ০.৯৫৯ | ৮২.৮ | ৫৪,৬৮৮ |
| ৪. হংকং | ০.৯৫৬ | ৮৪.৩ | ৬২,৪৮৬ |
| ৫. ডেনমার্ক | ০.৯৫২ | ৮১.৯ | ৬২,০১৯ |
| ৬. সুইডেন | ০.৯৫২ | ৮৩.৫ | ৫৬,৯৯৬ |
| প্রতিবেদনে সর্বনিম্ন ৫ দেশ | | | |
| ১৯৩. সোমালিয়া | ০.৩৮০ | ৫৬.১ | ১,০৭২ |
| ১৯২. দক্ষিণ সুদান | ০.৩৮১ | ৫৫.৬ | ৬৯১ |
| ১৯১. মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র | ০.৩৮৭ | ৫৪.৫ | ৮৬৯ |
| ১৮৯. শাদ | ০.৩৯৪ | ৫৩.০ | ১,৩৮৯ |
| ১৮৯. নাইজার | ০.৩৯৪ | ৬২.১ | ১,২৮৩ |
| প্রতিবেদনে সার্কভুক্ত দেশ | | | |
| ৭৮. শ্রীলংকা | ০.৭৮০ | ৭৬.৬ | ১১,৮৯৯ |
| ৮৭. মালদ্বীপ | ০.৭৬২ | ৮০.৮ | ১৮,৮৪৭ |
| ১২৫. ভুটান | ০.৬৮১ | ৭২.২ | ১০,৬২৫ |
| ১২৯. বাংলাদেশ | ০.৬৭০ | ৭৩.৭ | ৬,৫১১ |
| ১৩৪. ভারত | ০.৬৪৪ | ৬৭.৭ | ৬,৯৫১ |
| ১৪৬. নেপাল | ০.৬০১ | ৭০.৫ | ৪,০২৬ |
| ১৬৪. পাকিস্তান | ০.৫৪০ | ৬৬.৪ | ৫,৩৭৪ |
| ১৮২. আফগানিস্তান | ০.৪৬২ | ৬২.৯ | ১,৩৩৫ |

•পোশাক রপ্তানিতে বাংলাদেশের প্রধান প্রতিযোগী- ভিয়েতনাম।
• প্রবাসী আয়ে শীর্ষ জেলা- ঢাকা এবং সর্বনিম্ন- লালমনিরহাট।
• মূল্যস্ফীতির নতুন ভিত্তি বছর- ২০২১-২২। এ পর্যন্ত ভিত্তিবছর করা হয়- ৫টি।
• বর্তমানে দেশের চাহিদার প্রায় ৯৮% ওষুধ দেশে উৎপাদিত হয়। বাংলাদেশের উৎপাদিত ওষুধ বিশ্বের ১৫৭টি দেশে রপ্তানি হচ্ছে।
• বাংলাদেশি পণ্যের প্রধান আমদানিকারক দেশ হিসেবে শীর্ষে রয়েছে- যুক্তরাষ্ট্র ও জার্মানি।

বইয়ের তথ্যগত আপডেট জানতে যুক্ত থাকুন Mississippi Publications ফেসবুক গ্রুপ ও পেইজে

• বাংলাদেশ সর্বাধিক আমদানি করে- চিন থেকে, যা মোট আমদানির ২৭.২৮%। ২য় ও ৩য় অবস্থানে রয়েছে ভারত (১২.৪৮%) ও জাপান (৩.৫২%)। বাংলাদেশ সর্বাধিক পাম অয়েল আমদানি করে- ইন্দোনেশিয়া থেকে।

• দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটার উপস্থিতির হার ছিল- ৪১.৮%।

• পোশাক রপ্তানিতে বিশ্বে বাংলাদেশের অবস্থান- ২য় (চিন- ১ম; ভিয়েতনাম- ৩য়)।

• ইউরোপীয় ইউনিয়নে (EU) পোশাক রপ্তানিতে বাংলাদেশের অবস্থান- ১ম (২য়- চিন)।

• বাংলাদেশ তৈরি পোশাক সবচেয়ে বেশি রপ্তানি করে- যুক্তরাষ্ট্রে। দ্বিতীয় সর্বোচ্চ রপ্তানি- ইউরোপীয় ইউনিয়নে। অপ্রচলিত বাজারের মধ্যে সবচেয়ে বেশি পোশাক রপ্তানি হয়- জাপানে।

• সবচেয়ে বেশি রেমিট্যান্স আসে- মধ্যপ্রাচ্যের দেশ সৌদি আরব থেকে।

• বর্তমানে বাংলাদেশে গার্মেন্টস শ্রমিকদের সর্বনিম্ন মজুরি- ১২,৫০০ টাকা (নভেম্বর, ২০২৩)।

• ১১ বছর ৩ মাসের মধ্যে দেশের সর্বোচ্চ মূল্যস্ফীতি- ৯.৫২% [বিবিএস; আগস্ট, ২০২২/ বিবিএস জিডিপির তথ্য প্রকাশ করে- বছরে ২ বার।

• বর্তমানে দেশের শ্রমবাজারে নারী অংশগ্রহণের হার- ৩৬%।

• দেশে মোট ভূমি- ৩,৬৪,৬৫,০০০ একর; চাষাবাদযোগ্য জমি- ২,০০,৮১,০০০ একর। [সূত্র: বিবিএস]

• কৃষি মন্ত্রণালয়ের হিসাব অনুযায়ী, দেশে মোট ভূমির পরিমাণ- ১,৪৭,৫৭,০০০ সেক্টর।

• দেশে মোট আবাদযোগ্য জমির পরিমাণ- ৮৮.২৯ লক্ষ্য হেক্টর [সূত্র: বাংলাদেশ কৃষি পরিসংখ্যান, ২০২২]

• দেশে বনভূমির পরিমাণ- ১৫.৫৮% [সংসদে প্রশ্নোত্তর পর্বে]; দেশে বনভূমির পরিমাণ- ১৪.১% [সূত্র: জাতিসংঘ]

• বর্তমানে দেশে মাথাপিছু কৃষিজমির পরিমাণ- ১২ শতাংশের বেশি; প্রতিবছর কৃষিজমি অকৃষি খাতে চলে যায়- ১ শতাংশ। [বিবিএস]

• বাংলাদেশে উৎপাদিত হয়- বিশ্বের মোট ইলিশের ৮৬ শতাংশ; দেশে উৎপাদিত মৎস্যের ১২ শতাংশ আসে ইলিশ থেকে।

• বর্তমানে দেশে ইলিশের অভায়াশ্রম- ৬টি (সর্বশেষ: বরিশাল)।

• বিশ্বে চা উৎপাদিত হয়- ৪৭টি দেশে; চা উৎপাদনে বিশ্বে বাংলাদেশের অবস্থান- ৮ম।

• বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI) উদ্ভাবিত সর্বমোট দানের জাত- ১১৫টি। [সর্বশেষ- ব্রি ধান ১০৭ ও ১০৮]

• বাংলার বাসমতি নামে পরিচিত ধান- বিনা ধান-২৫। ডায়াবেটিক ধার নামে অভিহিত- ব্রি ধান ১০৫।

• বর্তমানে দেশের নদী বন্দর- ৪৬টি [৪৪তম: শরীয়তপুরের 'নরসিংহপুর' (আলুর বাজার) নদীবন্দর; ৪৫তম: ব্রাহ্মণবাড়িয়ার 'বাঞ্ছারামপুর' (কড়াইকান্দি) নদীবন্দর এবং ৪৬তম: রাজশাহীর 'সুলতানগঞ্জ' (গোদাগাড়ী) নদীবন্দর।

• বর্তমানে দেশের স্থলবন্দর ২৪টি [২৪তম স্থলবন্দর- ভোলাগঞ্জ (কোম্পানিগঞ্জ, সিলেট)]; চালু আছে- ১৪টি (নিজস্ব তত্ত্বাবধানে ৯টি এবং বিওটি ভিত্তিতে ৫টি)। [সূত্র: বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ]

• Lloyd's List এর তথ্য অনুযায়ী, বিশ্বের ব্যস্ততম বন্দর- সাংহাই বন্দর, চিন [চট্টগ্রাম বন্দর- ৬৭তম]

• ১৯ অক্টোবর, ২০২৩ প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের ৩৯ জেলায় একযোগে উদ্বোধন করেন- ১৫০ টি সেতু।

• ডিজিটাল নিরাপত্তা আইন প্রণয়ন করা হয় ২০১৮ সালে; বর্তমানে সারাদেশে মোট ডিজিটাল সেন্টার- ৪,৫৫৪টি।

• বর্তমানে দেশের সরকারি বিশ্ববিদ্যালয়- ৫৫ টি (৫৫তম: মুজিবনগর বিশ্ববিদ্যালয়, মেহেরপুর)।

• দেশে সরকারি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ১৩ টি [১৩তম: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর]।

• বেসরকারি বিশ্ববিদ্যালয়- ১১৪টি (১১৪তম: লালন বিজ্ঞান ও কলা বিশ্ববিদ্যালয়)।

• কৃষি বিশ্ববিদ্যালয়- ৭টি (৭ম: কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়)।

• বর্তমানে দেশে সরকারি মেরিন একাডেমি- ৫টি (চট্টগ্রাম, বরিশাল, সিলেট, পাবনা ও রংপুর)।

• দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়- ৬৫,৫৬৬টি।

• আরবি ভাষায় ইনস্টিটিউট অবস্থিত- কেরানীগঞ্জের বসিলায়।

• ২৯ অক্টোবর, ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত বিশেষ সমাবর্তনে (৫৪তম) বঙ্গবন্ধুকে 'ডক্টর অব লজ' (মরণোত্তর) ডিগ্রী প্রদান করা হয়। ডিগ্রি গ্রহণ করেন তাঁর কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

• বাংলাদেশ ফিশারিজ এডুকেশন এর জনক- জাতীয় অধ্যাপক ড. এ কে এম আমিনুল হক।

• ন্যাশনাল জুডিশিয়াল একাডেমি প্রতিষ্ঠা করা হবে- শিবচর, মাদারীপুর।

• বর্তমানে দেশের নিরক্ষর জনগোষ্ঠী- ২৩.২%; দেশের সাক্ষরতার হার- ৭৬.৮%; প্রায়োগিক সাক্ষরতার হার- ৬২.৯২%; উচ্চ শিক্ষায় নারী শিক্ষার্থীর হার- ৪৮%।

• দেশে সবচেয়ে বেশি রেমিটেন্স আসে যে বিভাগে- চট্টগ্রাম বিভাগ।

• বর্তমানে দেশে নিরক্ষর জনগোষ্ঠী- ৩২.২% এবং সাক্ষরতার হার- ৭৬.৮%। [সূত্র: ৭ সেপ্টেম্বর, ২০২৩ প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী]

• সাক্ষরতার হার সর্বাধিক- বরিশাল বিভাগে; সর্বনিম্ন-ময়মনসিংহ বিভাগে। সাক্ষরতার হারে শীর্ষ জেলা- পিরোজপুর; সর্বনিম্ন জেলা- বান্দরবান। [SVRS Report-2022]

• ২০২২-২৩ অর্থবছরে গড় মূল্যস্ফীতি- ৯.০২%। 2022 বাংলাদেশে বিনিয়োগের শীর্ষ দেশ- যুক্তরাজ্য।

• জনসংখ্যায় বিশ্বে বাংলাদেশ- অষ্টম (২০৫০ সালে হবে- ১০ম); জনসংখ্যার ঘনত্বে বাংলাদেশ- ষষ্ঠ (জাতিসংঘ)।

• তেল উৎপাদনে শীর্ষ দেশ- যুক্তরাষ্ট্র, আমদানিতে শীর্ষ দেশ- চিন, রপ্তানিতে শীর্ষ দেশ- সৌদি আরব এবং রিজার্ভের শীর্ষ দেশ- ভেনিজুয়েলা।

• ২৭তম দেশ হিসেবে ১ জানুয়ারি, ২০২৩ শেনজেনভূক্ত অঞ্চলে যুক্ত হয় ক্রোয়েশিয়া এবং নিজস্ব মুদ্রা 'কুনা'কে বিদায় জানিয়ে ২০তম দেশ হিসেবে 'ইউরো' মুদ্রা গ্রহণ করে দেশটি।

• বিশ্বের শীর্ষ কার্বন বা গ্রিনহাউস গ্যাস নিঃসরণকারী দেশ- চিন [২য়- যুক্তরাষ্ট্র; ৩য়- ইউরোপীয় ইউনিয়ন]।

• বিশ্বে মাথাপিছু কার্বন বা গ্রিনহাউস গ্যাস নিঃসরণে শীর্ষ দেশ- যুক্তরাষ্ট্র; ২য়- চিন।

• বাংলাদেশের সবচেয়ে বেশি বাণিজ্য ঘাটতি যে দেশের সাথে- চিন (দ্বিতীয় ভারত)।

• বাংলাদেশ যে দেশের সাথে প্রথম এবং একমাত্র অগ্রাধিকারমূলক বাণিজ্যচুক্তি স্বাক্ষর করেছে- ভূটানের সাথে।

• দেশে সরকারি আয়ের প্রধান উৎস- মূল্য সংযোজন কর (মূসক)/ VAT (দ্বিতীয়- আয়কর)। বর্তমানে ১৯টি খাতের ওপর ভিত্তি করে মোট দেশজ উৎপাদন (জিডিপি) নিরূপণ করা হয়।

• জাতীয় কৃষি কাউন্সিলের সভাপতি- প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

• বর্তমানে দেশের ব্যাংক রেট- ৪.২৫% (নতুন মুদ্রানীতি- ২০২৩); পূর্বে ব্যাংক হার ছিলো- ৪%।

• বঙ্গবন্ধুর শেয়ার রয়েছে যে ব্যাংকে- উত্তরা ব্যাংক পিএলসি।

• ব্যাংক কোম্পানি (সংশোধন) আইন ২০২৩ অনুযায়ী বেসরকারি ব্যাংকের পরিচালকের মেয়াদ- ১২ বছর।

• বর্তমানে বাংলাদেশ ব্যাংকের গভর্নরের সর্বোচ্চ বয়সসীমা- ৬৭ বছর।

• ব্যাংক কোম্পানির স্বতন্ত্র পরিচালকের ন্যূনতম বয়স- ৪৫ বছর; সর্বোচ্চ- ৭৫ বছর।

• ২০২৫ সালের ডিসেম্বর নাগাদ জাপানের সঙ্গে 'অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি' (EPA) করবে বাংলাদেশ।

• ১৮ সেপ্টেম্বর, ২০২৩ বাংলাদেশ ও হাঙ্গরির মধ্যে ১টি চুক্তি ও ২টি সমঝোতা স্মারক স্বাক্ষর হয়।

• ১৯ জুন, ২০২৩ বাংলাদেশ 'তরল প্রাকৃতিক গ্যাস' (Liquefied natural gas – LNG) আমদানি নিয়ে ওমানের সঙ্গে চুক্তি স্বাক্ষর করে।

• ১৪ জুন, ২০২৩ জাতিসংঘ সাধারণ পরিষদে বাংলাদেশ কর্তৃক উত্থাপিত 'শান্তির সংস্কৃতি' রেজুলেশন সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

• ১৪ জুন, ২০২৩ বাংলাদেশ 'জ্ঞান বিনিময় ও দক্ষতা বৃদ্ধি' শীর্ষক সমঝোতা স্মারক স্বাক্ষর করে- সুইজারল্যান্ডের সাথে।

• ১ জুন, ২০২৩ 'তরল প্রাকৃতিক গ্যাস' (Liquefied natural gas – LNG) আমদানি করতে কাতারের সঙ্গে ১৫ বছর মেয়াদি চুক্তি স্বাক্ষর করে বাংলাদেশ।

• ৪ মে, ২০২৩ রাশিয়ার সঙ্গে পারমাণবিক জ্বালানি (ইউরেনিয়াম) উৎপাদন প্রস্তুতি সংক্রান্ত সনদ স্বাক্ষর করে বাংলাদেশ।

• ২০২৪ সালের হেনলি পাসপোর্ট সূচকে সবচেয়ে শক্তিশালী পাসপোর্ট ৬ দেশের- ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, সিঙ্গাপুর ও স্পেন। বাংলাদেশের অবস্থান- ১০২তম (উত্তর কোরিয়ার সাথে যৌথভাবে)। সর্বনিম্নে অবস্থান- আফগানিস্তান। হেনলি পাসপোর্ট সূচ অনুসারে, বাংলাদেশি পাসপোর্টধারীরা অগ্রিম ভিসা ছাড়া ৪২টি দেশে ভ্রমন করতে পারে।

• বিশ্বের সবচেয়ে ঘনবসতিপূর্ণ দেশ- মোনাকো এবং সবচেয়ে কম ঘনবসতিপূর্ণ দেশ- গ্রিনল্যান্ড।

• সবচেয়ে ঘনবসতিপূর্ণ শহর- ম্যানিলা, ফিলিপাইন [Statista এর মতে, সবচেয়ে ঘনবসতিপূর্ণ শহর- মোগাদিসু, সোমালিয়া।]

• সবচেয়ে বেশি মানুষ বাস করে যে শহরে-টোকিও, জাপান।

• বিশ্বের দ্রুতগতির শহর- ফ্লিন্ট, মিশিগান, যুক্তরাষ্ট্র।

• আফিম উৎপাদনে শীর্ষ দেশ- মিয়ানমার।

• বিশ্বের শীর্ষ ধনী- বার্নার্ড আর্নল্ট।
• প্রবাসী আয়ে জিডিপি'তে অবদানে শীর্ষ দেশ- তাজিকিস্তান।
• বৈশ্বিক অস্ত্র রপ্তানিতে শীর্ষে- যুক্তরাষ্ট্র; ক্রয়ে শীর্ষ- ভারত; সামরিক ব্যয়ে শীর্ষ দেশ- যুক্তরাষ্ট্র; অস্ত্র ক্রয়ে বাংলাদেশ- ২৫তম।
• শীর্ষ পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনকারী দেশ- যুক্তরাষ্ট্র।
• বায়ু দূষণে বাংলাদেশের শীর্ষ জেলা- গাজীপুর।
• কম মূল্যের ইন্টারনেট সেবায় শীর্ষে- ইসরায়েল; বাংলাদেশ- ১২তম; দ্রুতগতির ইন্টারনেট সেবায় বাংলাদেশ- ১২৫তম।
• গড় আয়ুতে শীর্ষে- হংকং, চিন; মাথাপিছু আয় শীর্ষে- লুক্সেমবার্গ; চাল রপ্তানিতে শীর্ষে- ভারত; গম রপ্তানিতে শীর্ষে- রাশিয়া, ২য়- ইউক্রেন।
• সূর্যমুখী তেলবীজ উৎপাদনে শীর্ষে- ইউক্রেন, ২য়- রাশিয়া; পাম তেল উৎপাদনে শীর্ষে- ইন্দোনেশিয়া।
• বৈশ্বিক জিডিপির আকারে শীর্ষ ৫ দেশ- যুক্তরাষ্ট্র, চিন, জাপান, জার্মানি, ও ভারত (পূর্বে- যুক্তরাজ্য ছিলো ৫ম); বাংলাদেশের অবস্থান ৩৫তম।
• বিশ্বে জ্বালানি তেল উৎপাদনে শীর্ষ দেশ- যুক্তরাষ্ট্র; বিদ্যুৎ উৎপাদনে শীর্ষে- চিন।
• প্রাকৃতিক গ্যাস রপ্তানিতে শীর্ষে- রাশিয়া; তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (LNG) রপ্তানিতে শীর্ষ দেশ- যুক্তরাষ্ট্র।
• বিশ্বে সবচেয়ে বেশি পেট্রোলিয়াম উৎপাদন করে- যুক্তরাষ্ট্র।
• বৈশ্বিক স্বর্ণ মজুতে শীর্ষ দেশ- যুক্তরাষ্ট্র।
• রপ্তানিতে শীর্ষ দেশ- চিন; আমদানিতে শীর্ষ দেশ- যুক্তরাষ্ট্র; বিশ্বে আমদানিতে বাংলাদেশের অবস্থান- ৪৬তম।
• তৈরি পোশাক রপ্তানিতে শীর্ষ দেশ- চিন।
• একক দেশ হিসেবে বিশ্বে তৈরি পোশাক রপ্তানিতে বাংলাদেশের অবস্থান- ২য় এবং আমদানিতে শীর্ষ দেশ- চিন।
• একক দেশ হিসেবে বস্ত্র রপ্তানিতে শীর্ষ দেশ- চিন এবং বস্ত্র আমদানিতে শীর্ষ দেশ- যুক্তরাষ্ট্র। বস্ত্র আমদানিতে বাংলাদেশের অবস্থান- ৩য়।

✓ বিশ্ব জনসংখ্যা প্রতিবেদন- ২০২৪ (UNFPA) [প্রকাশ: ১৭ এপ্রিল, ২০২৪]

• বিশ্বে মোট জনসংখ্যা (২০২৪)- ৮১১.৮৯ কোটি। জনসংখ্যায় বিশ্বের বৃহত্তম দেশ- ভারত (১৪৪ কোটি ১৭ লাখ); ২য়- চিন (১৪২ কোটি ৫ লাখ)। জনসংখ্যায় বিশ্বে বাংলাদেশের অবস্থান- অষ্টম (সার্কভুক্ত দেশের মধ্যে- তৃতীয়) এবং জনসংখ্যায় মুসলিম দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান- তৃতীয়। জনসংখ্যার ঘনত্বের বিশ্বের শীর্ষ দেশ- মোনাকো।

✓ বিশ্ব ভাষাচিত্র [প্রকাশ: ২১ ফেব্রুয়ারি, ২০২৪]

• বিশ্বের মোট ভাষার সংখ্যা- ৭,১৬৪টি; সর্বাধিক ভাষার দেশ- পাপুয়া নিউগিনি।
• বাংলাদেশে ভাষার সংখ্যা- ৩৬টি। ইংরেজি ভাষায় কথা বলে- ১৪৬টি দেশে।
• ব্যবহৃত শীর্ষ ভাষা- ইংরেজি (বাংলা ভাষার অবস্থান- সপ্তম); মাতৃভাষা অনুসারে শীর্ষ ভাষা- মান্দারিন/ চিনা (বাংলা ভাষার অবস্থান- পঞ্চম)।

✓ বিশ্ব বিনিয়োগ প্রতিবেদন- ২০২৩ (UNCTAD) [প্রকাশ: ৫ জুলাই, ২০২৩]

• বিনিয়োগ প্রাপ্তিতে শীর্ষ দেশ (বিলিয়ন মার্কিন ডলার)- যুক্তরাষ্ট্র (২৮৫), ২য়- চিন (১৮৯)।
• স্বল্পোন্নত দেশের মধ্যে বিনিয়োগ প্রাপ্তিতে শীর্ষ ৩ দেশ- ইথিওপিয়া, ২য়- কম্বোডিয়া এবং ৩য়- বাংলাদেশ।
• বাংলাদেশে বিনিয়োগে শীর্ষ দেশ (বিলিয়ন মার্কিন ডলার)- যুক্তরাজ্য (৫৬০.৬৮), ২য়- যুক্তরাষ্ট্র (৩৫৪.১৯)।

## FAO পরিসংখ্যান বর্ষপুঞ্জি ২০২৩ [প্রকাশ: ২৯ নভেম্বর, ২০২৩]

| বিষয় | শীর্ষ দেশ | বাংলাদেশ | বিষয় | শীর্ষ দেশ | বাংলাদেশ |
|---|---|---|---|---|---|
| খাদ্য আমদানি | চিন | তৃতীয় | ভুট্টা উৎপাদন | যুক্তরাষ্ট্র | ৩০তম |
| ধান উৎপাদন | চিন | তৃতীয় | সামুদ্রিক মাছ আহরণ | চিন | ৩০তম |
| চাল আমদানি | চিন | তৃতীয় | চিনি উৎপাদন | ব্রাজিল | ৩৬তম |
| মিঠা পানির মাছ উৎপাদন | চিন | পঞ্চম | ফল উৎপাদন | চিন | ৩৭তম |
| আলু উৎপাদন | চিন | সপ্তম | গম উৎপাদন | চিন | ৫০তম |
| গম আমদানি | ইন্দোনেশিয়া | সপ্তম | চাল রপ্তানি | ভারত | ৫২তম |
| মৎস্য উৎপাদন | চিন | অষ্টম | ভুট্টা রপ্তানি | যুক্তরাষ্ট্র | ৫৫তম |
| সয়াবিন তেল উৎপাদন | চিন | ১৮তম | পামওয়েল উৎপাদন | ইন্দোনেশিয়া | - |
| সবজি উৎপাদন | চিন | ২০তম | গম রপ্তানি | রাশিয়া | - |
| ভুট্টা আমদানি | চিন | ২৬তম | খাদ্য রপ্তানি | যুক্তরাষ্ট্র | - |

## পদক-পুরস্কার-সম্মাননা

- **৯৬তম একাডেমি পুরস্কার/** Oscar **(১০ মার্চ, ২০২৪)**

    সেরা ছবি: "ওপেনহাইমার"
    সেরা অভিনেতা: সিলিয়ান মারফি
    সেরা পার্শ্ব অভিনেত্রী: ডা'ভাইন জয় র্যান্ডলফ
    সেরা পরিচালক: ক্রিস্টোফার নোলান
    সেরা অভিযোজিত চিত্রনাট্য: "আমেরিকান ফিকশন"
    সেরা মৌলিক চিত্রনাট্য: "অ্যানাটমি অফ এ ফল"
    সেরা অ্যানিমেটেড ফিচার: "How Do You Live?"
    সেরা ডকুমেন্টারি ফিচার: "20 Days in Mariupol"
    সেরা মূল স্কোর: "ওপেনহাইমার"
    সেরা মৌলিক গান: "বার্বি"
    সেরা প্রোডাকশন ডিজাইন: "পুরো থিংস"
    সেরা সাউন্ড: "দ্য জোন অফ ইন্টারেস্ট"
    সেরা ভিজ্যুয়াল ইফেক্টস: "গডজিলা মাইনাস ওয়ান"
    সেরা তথ্যচিত্র (সংক্ষিপ্ত বিষয়): "দ্য লাস্ট রিপেয়ার শপ"
    সেরা অ্যানিমেটেড শর্ট ফিল্ম: "ওয়ার ইজ ওভার!"

• **ফিল্মফেয়ার অ্যাওয়ার্ডস (২৯ মার্চ, ২০২৪)**

ভারতের বলিউডের পাশাপাশি টালিগঞ্জের অন্যতম জনপ্রিয় পুরস্কার 'ফিল্মফেয়ার অ্যাওয়ার্ড'। ভারতের কলকাতায় বসে 'ফিল্মফেয়ার বাংলা'- ২০২৪ এর আসর। এবার ফিল্মফেয়ারে বাংলাদেশের তিনজন (জয়া হাসান, তাসমিয়া ফারিন ও সোহেল মণ্ডল) পুরস্কার লাভ করেন।

• জাতীয় কবিতা পরিষদ পুরস্কার ২০২৪ পেয়েছেন- কাজল বন্দ্যোপাধ্যায়।

**পদ্মশ্রী পুরস্কার -২০২৪**

ভারতের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা ভারতরত্ন। এরপর রয়েছে পদ্মবিভূষণ, পদ্মভূষণ ও পদ্মশ্রী। বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য এই পুরস্কার দেওয়া হয়। এ বছর ভারত সরকার ১৩২ জন বিশিষ্ট ব্যক্তিকে পদ্ম সম্মাননার জন্য মনোনীত করেছে। তাঁদের মধ্যে পাঁচজন পদ্মবিভূষণ, ১৭ জন পদ্মভূষণ আর ১১০ জন পদ্মশ্রী সম্মাননা পাচ্ছেন। ভারতের মর্যাদাপূর্ণ রাষ্ট্রীয় বেসামরিক সম্মাননা 'পদ্মশ্রী'-তে ভূষিত হলেন বাংলাদেশের বরেণ্য রবীন্দ্রসংগীতশিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা।

## একুশে পদক-২০২৪

জাতীয় পর্যায়ে বিশেষ অবদানের জন্য বাংলাদেশ সরকার কর্তৃক একুশে পদক প্রদান করা হয়। এ পদক বাংলাদেশের জাতীয় এবং দ্বিতীয় সর্বোচ্চ সামরিক পুরস্কার। ভাষা আন্দোলনের শহীদদের স্মরণে ১৯৭৬ সাল থেকে একুশে পদক প্রদান করা হচ্ছে। ১৩ ফেব্রুয়ারি, ২০২৪ সালে দেশের ২১ জন ব্যক্তিকে 'একুশে পদক-২০২৪' প্রদান করা হয়।

| ক্ষেত্র | বিজয়ী | ক্ষেত্র | বিজয়ী |
|---|---|---|---|
| ভাষা আন্দোলন | মো. আশরাফুদ্দীন আহমদ (মরণোত্তর) | শিল্পকলা (আবৃত্তি) | খান মো. মুস্তফা ওয়ালীদ (শিমুল মুস্তফা) |
| | হাতেম আলী মিয়া (মরণোত্তর) | | রুপা চক্রবর্তী |
| শিল্পকলা (অভিনয়) | ডালি জহুর | সমাজসেবা | মো. জিয়াউল হক |
| | এম এ আলমগীর | | আলহাজ্ব রফিক আহামদ |
| শিল্পকলা (নৃত্যকলা) | শিবলী মোহাম্মদ | শিল্পকলা (চিত্রকলা) | শাহজাহান আহমেদ বিকাশ |
| শিল্পকলা (সংগীত) | জালাল উদ্দীন খাঁ (মরণোত্তর) | শিক্ষা | অধ্যাপক ড. জিনবোধি ভিক্ষু |
| | বীর মুক্তিযোদ্ধা কল্যাণী ঘোষ | ভাষা ও সাহিত্য | লুৎফর রহমান রিটন |
| | বিদিত লাল দাস (মরণোত্তর) | | মোহাম্মদ সামাদ |
| | এন্ড্রু কিশোর (মরণোত্তর) | | মিনার মনসুর |
| | শুভ্র দেব | | রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ (মরণোত্তর) |

# বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার-২০২৩

বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ১৯৬০ সালে প্রবর্তিত হয়। প্রতিবছর এ পুরস্কার প্রদান করা হয় কিন্তু ১৯৮৫, ১৯৯৭ এবং ২০০০ সালে পুরস্কার দেওয়া হয়নি। ২৪ জানুয়ারি, ২০২৪ সালে 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার-২০২৩' ঘোষণা করা হয়। বিভিন্ন ক্যাটাগরিতে এবছর পুরস্কার লাভ করে ১৬ জন ব্যক্তি। বর্তমানে এ পুরস্কারের আর্থিক মূল্য তিন লক্ষ টাকা। সম্প্রতি কথাসাহিত্যিক জলিল তালুকদার বাংলা একাডেমি পুরস্কার প্রত্যাখ্যান করেন। তিনি ২০১৪ সালে কথাসাহিত্যে আবেদনের জন্য এ পুরস্কার লাভ করেন।

| ক্ষেত্র | বিজয়ী | ক্ষেত্র | বিজয়ী |
|---|---|---|---|
| কবিতা | শামীম আজাদ | ফোকলোর | তপন বাগচী, সুমন কুমার দাশ |
| কথাসাহিত্য | নুরুদ্দিন জাহাঙ্গীর, সালমা বাণী | বিজ্ঞান/ কল্পবিজ্ঞান/ পরিবেশ বিজ্ঞান | ইনাম আল হক |
| অনুবাদ | সালেহা চৌধুরী | প্রবন্ধ ও গবেষণা | জুলফিকার মতিন |
| নাটক | মিত্তৃকা চাকমা, মাসুদ পথিক | মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণা | আফরোজা পারভীন, আসাদুজ্জামান আসাদ |
| শিশুসাহিত্য | তপংকর চক্রবর্তী | আত্মজীবনী/ স্মৃতিকথা/ ভ্রমণ কাহিনী | ইসহাক খান |
| বঙ্গবন্ধুবিষয়ক গবেষণা | সাইফুল্লাহ মাহমুদ দুলাল, মো. মজিবুর রহমান | | |

✓ বঙ্গবন্ধুর 'জুলিও কুরি' শান্তি পদকের ৫০ বছর পূর্তিতে প্রবর্তিত পুরস্কার- বঙ্গবন্ধু শেখ মুজিব শান্তি পুরস্কার (২০২৩) [প্রথম প্রদান করা হয়- মোনায়েম সরকারকে]।

✓ প্রধানমন্ত্রীর শেখ হাসিনা এ পর্যন্ত ৪২টিরও অধিক আন্তর্জাতিক পদক পেয়েছেন। এর মধ্যে গুরুত্বপূর্ণ কয়েকটি পদক উল্লেখ করা হলো:

১. জলবায়ুবিষয়ক কর্মকাণ্ডে নেতৃত্বের কণ্ঠস্বর হিসেবে এবং জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে থাকা মানুষের পক্ষে বিশ্বব্যাপী অবদানের স্বীকৃতিস্বরূপ 'ক্লাইমেট মোবিলিটি চ্যাম্পিয়ন লিডার' অ্যাওয়ার্ড ২০২৩ লাভ করেন।

২. দক্ষিণ ও দক্ষিণপূর্ব এশিয়ায় রাজনৈতিক অঙ্গনে লিঙ্গ বৈষম্য হ্রাসে অগ্রণী ভূমিকা পালনের জন্য ২০১৯ সালে 'ডব্লিউআইপি গ্লোবাল ফোরাম অ্যাওয়ার্ড' লাভ করেন।

৩. রোহিঙ্গা ইস্যুতে দূরদর্শী নেতৃত্ব এবং রোহিঙ্গাদের আশ্রয়দানে দায়িত্বশীল নীতি ও মানবিকতার জন্য 'আইপিএস ইন্টারন্যাশনাল এচিভমেন্ট এওয়ার্ড' এবং '২০১৮ স্পেশাল ডিসটিংশন এওয়ার্ড ফর লিডারশিপ' লাভ করেন।

৪. নারী শিক্ষা ও উদ্যোক্তা তৈরিতে অসামান্য নেতৃত্বদানের জন্য ২০১৮ সালে 'গ্লোবাল উইমেনস লিডারশিপ এওয়ার্ড' লাভ করেন।

৫. নারী ক্ষমতায়নে অসামান্য অবদান রাখার জন্য ২০১৬ সালে 'এজেন্ট অব চেঞ্জ' এবং 'প্লানেট ৫০-৫০ চ্যাম্পিয়ন' পুরস্কার লাভ করেন।

৬. ২০১৫ সালে জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে আইসিটি'র ব্যবহারে প্রচারণার জন্য 'আইসিটি সাসটেইনেবল ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড' লাভ করেন।

৭. জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় দূরদর্শী পদক্ষেপে নেয়ার জন্য ২০১৫ সালে পরিবেশ বিষয়ক সর্বোচ্চ বৈশ্বিক পুরস্কার 'চ্যাম্পিয়নস অব দ্য আর্থ' লাভ করেন।

৮. নারী শিক্ষা প্রসারের জন্য ২০১৪ সালে 'ট্রি অব পিস' পুরস্কার লাভ করে।
৯. স্বাস্থ্য খাতে তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে শিশু ও মাতৃ মৃত্যুর হার হ্রাস এবং ক্ষুধা ও দারিদ্রের বিরুদ্ধে লড়াইয়ে বিশেষ অবদান রাখার জন্য ২০১১ ও ২০১৩ সালে দু'বার 'সাউথ-সাউথ অ্যাওয়ার্ড' লাভ করেন।
১০. ২০১০ সালে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যসমূহ (এমডিজি) অর্জনে বিশেষ করে শিশু মৃত্যুর হার হ্রাসে অবদানের জন্য জাতিসংঘের এওয়ার্ড লাভ করেন।
১১. ১৯৯৮ দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের পার্বত্য চট্টগ্রামে বিদ্রোহীদের সঙ্গে আলোচনার মাধ্যমে দীর্ঘ দুই দশকের অস্থিরতার অবসান ঘটিয়ে শান্তি ফিরিয়ে আনার জন্য ইউনেস্কো প্রধানমন্ত্রীকে 'হুপে-বোয়ানি' শান্তি পুরস্কারে ভূষিত করে।
১২. ১৯৯৯ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় শেখ হাসিনাকে সম্মানসূচক ডক্টর অব ল' ডিগ্রি প্রদান করে।

• ২০২৩ সালে বাংলাদেশের জাগো ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা করভি রাকসান্দকে 'ইমার্জেন্ট লিডারশিপ' (উদীয়মান নেতা) ক্যাটাগরিতে 'রামন ম্যাগসেসে' পুরস্কারটি দেওয়া হয়। বাংলাদেশ থেকে এ পর্যন্ত রামন ম্যাগসেসে পুরস্কার লাভ করেন- ১৩ জন ব্যক্তি।
• বাংলাদেশের শিল্প এবং সমাজকর্মে অবদান রাখায় 'মাদার তেরেসা অ্যাওয়ার্ড' পান- মোহা. নূর আলী।
• UNDP-বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গ্লোবাল সাইবার সিকিউরিটি অ্যাওয়ারনেস অ্যাওয়ার্ড চালু করা হয়- ২০২৩ সালে।
• 'বঙ্গবন্ধুর জনপ্রশাসন পদক' ১২টি ক্যাটাগরিতে চালু হয়- ২০২২ সালে।
• মুক্তিযুদ্ধে অবদানের জন্য ৩১ অক্টোবর, ২০২২ 'ফ্রেন্ডস অব লিবারেশন ওয়ার অনার' (মুক্তিযুদ্ধ মৈত্রী সম্মাননা) প্রদান করা হয়- প্রয়ত মার্কিন সিনেটর এডওয়ার্ড টেড কেনেডিকে।
• খালেদা একরাম (মরণোত্তর), ডাঃ হালিদা হানুম আক্তার, কামরুন্নেসা আশরাফ দিনা (মরণোত্তর), রণিতা বালা এবং নিশাত মজুমদার নামক ৫ নারীকে বেগম রোকেয়া পদক-২০২৩ প্রদান করা হয়- সমাজ, নারী শিক্ষা ও নারীর ক্ষমতায়নে অসামান্য অবদানের জন্য।

## ক্রীড়াঙ্গন

✓ফারিহার দ্বিতীয় হ্যাটট্রিক
ICC'র পূর্ণ সদস্য দেশগুলোর মধ্যে প্রথম এবং সব মিলিয়ে তৃতীয় বলার হিসেবে আন্তর্জাতিক নারী টি-২০তে দুটি হ্যাটট্রিক করেন ফারিহা ইসলাম। ২ এপ্রিল, ২০২৪ অস্ট্রেলিয়ার বিপক্ষে তিনি ক্যারিয়ারের দ্বিতীয় হ্যাটট্রিক করেন। এর আগে ২০২২ সালে মালয়েশিয়ার বিপক্ষে প্রথম হ্যাটট্রিক করেন তিনি। ফারিহা ব্যতীত বাংলাদেশের হয়ে টি-২০তে হ্যাটট্রিক রয়েছে শুধু ফাহিমা খাতুনের। আর ওয়ানডেতে একমাত্র বাংলাদেশি নারী ক্রিকেটার হিসেবে হ্যাটট্রিক করেন রুমানা আহমেদ।
✓ প্রায় ৭৬ বছর পর ৩০ জানুয়ারি, ২০২৫ অ্যাশেজের অংশ হিসেবে 'মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ড'এ ইংল্যান্ডের বিপক্ষে দিবারাত্রি চারদিনের টেস্ট খেলবে অস্ট্রেলিয়া ক্রিকেট নারী দল। ১৯৩৪ সালে মেলবোর্নে প্রথম নারী টেস্ট সিরিজ খেলে অস্ট্রেলিয়া ও ইংল্যান্ড। ২৮ জানুয়ারি ১৯৪৯ মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ডে (MCG) শেষ হয় নারী টেস্ট ক্রিকেট। তারপর মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ডের সবুজ চত্বরে আর কোন নারী ক্রিকেটার ব্যাট করতে নামেনি।
✓ ফুটবল পরিসংখ্যান বিষয়ক সংস্থা RSSSF'এর হিসেবে জার্মানির হেলমখেন (১৪১+) ও হাঙ্গেরির ফেরেঙ্ক ডিকের (১০০+) হ্যাটট্রিক ১০০-এর বেশি হলেও গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস অনুযায়ী হ্যাটট্রিকের বিশ্ব রেকর্ড পেলের। আর বর্তমান খেলোয়ারদের মধ্যে সর্বোচ্চ হ্যাটট্রিক ক্রিস্টিয়ানো রোনালদোর।
✓ ২২ মার্চ, ২০২৪ প্রথমবারের মতো আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (ICC) প্যানেলের যুক্ত হয় ৫ বাঙালি নারী; এদের মধ্যে একজন নারী ম্যাচ রেফারি ও চার নারী আম্পায়ার। চার নারী আম্পায়ার হলেন জাতীয় দলের সাবেক ক্রিকেটার সাথিরা জাকির জেসি, রোকেয়া সুলতানা, ডলি রানী সরকার ও চম্পা চাকমা। অন্যদিকে, সুপ্রিয়া রানী সুযোগ পান ম্যাচ রেফারিদের আন্তর্জাতিক প্যানেলে।
✓ ৯ মার্চ ২০২৪ BCB'র দশম বোর্ড সভায় দুই নারী আম্পায়ারকে নিয়োগ দেওয়ার বিষয়ে চূড়ান্ত হয়। নিয়োগে সুপারিশপ্রাপ্ত দুই নারী আম্পায়ার হলেন সাথীরা জাকির জেসি ও মিশু চৌধুরী।

✓ ১৫ মার্চ ২০২৪ আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (ICC) ২০২৪ সালের টি-২০ বিশ্বকাপে স্টক ক্লক নিয়মটি প্রয়োগ করার সিদ্ধান্ত নেয়। ফিল্ডিংয়ে থাকা দল প্রতি ওভার শেষে নতুন ওভার শুরুর আগে ৬০ সেকেন্ড সময় পাবে। এ ৬০ সেকেন্ডের মধ্যে পরের ওভার শুরু করা না হলে মাঠের আম্পেয়ার ফিল্ডিং দলকে দু'বার সতর্ক করে দেবেন। তৃতীয়বার নিয়ম ভাঙলে ৫ রান পেনাল্টি হবে। তৃতীয়বার থেকে যতবার এই নিয়ম ভাঙা হবে, প্রতিবারই ৫ রান যোগ হবে প্রতিপক্ষের স্কোরবোর্ডে।

✓ WISDEN বর্ষসেরা

১৬ এপ্রিল ২০২৪ ক্রিকেটের বাইবেল খ্যাত উইজডেন ক্রিকেটার্স অ্যালমানাক ২০২৩ সালের বর্ষসেরা ক্রিকেটারদের তালিকা প্রকাশ করে।

উইজডেন ১৬১তম সংস্করণে: লিডিং ক্রিকেটার (পুরুষ)- প্যাট কামিন্স (অস্ট্রেলিয়া); লিডিং ক্রিকেটার (নারী)- শিভার ব্রান্ট (ইংল্যান্ড); টি-২০'র লিডিং ক্রিকেটার- হেইলি ম্যাথুস (ওয়েস্ট ইন্ডিজ); বর্ষসেরা ক্রিকেটার- মিচেল স্টার্ক (অস্ট্রেলিয়া), উসমান খাজা (অস্ট্রেলিয়া), অ্যাশলে গার্ডনার (অস্ট্রেলিয়া), হ্যারি ব্রুক (ইংল্যান্ড) ও মার্ক উড (ইংল্যান্ড); উইজডেন রবি ফর আউটস্ট্যান্ডিং ইন্ডিভিজুয়াল টেস্ট পারফরম্যান্স- ট্রাভিস হেড (অস্ট্রেলিয়া)।

✓ সর্বোচ্চ পারিশ্রমিকপ্রাপ্ত ক্রীড়াবিদ- বাস্কেটবল খেলোয়াড় মাইকেল জর্ডান (যুক্তরাষ্ট্র); দ্বিতীয়- গলফ খেলোয়াড় টাইগার উডস (যুক্তরাষ্ট্র)।

✓ ২২ মার্চ, ২০২৪ বিশ্বের সবচেয়ে কঠিন আল্ট্রা ম্যারাথনগুলোর মধ্যে একটি শেষ করে প্রথম নারী হিসেবে ইতিহাস গড়েন স্কটিশ দৌড়বিদ জেসমিন প্যারিস।

✓সম্প্রচার স্বত্ব পেল TSM (Total Sports Marketing)

২০২৫ সাল পর্যন্ত বাংলাদেশে আইসিসি ক্রিকেটের সম্প্রচার স্বত্ব পায় টোটাল স্পোর্টস মার্কেটিং (TSM)। ৫ এপ্রিল, ২০২৪ নিজেদের ওয়েবসাইটে খবরটি নিশ্চিত করে বিশ্ব ক্রিকেটের সর্বোচ্চ সংস্থাটি। বাংলাদেশের মানুষদের ক্রিকেট খেলা দেখাতে TSM টিভিতে খেলা সম্প্রচার করবে নাগরিক টিভির মাধ্যমে। ডিজিটাল প্লাটফর্মে তাদের খেলা দেখানোর সঙ্গী বাংলালিংক।

✓ বিশ্বকাপ ক্রিকেট ২০২৩-এ বাংলাদেশের পক্ষে সর্বোচ্চ রান করেন- মাহমুদউল্লাহ রিয়াদ (৩২৮ রান; ব্যাটিং গড় ৫৪.৬৬)। ২য় সর্বোচ্চ- ওপেনার লিটন দাস (২৮৪ রান); ৩য় সর্বোচ্চ- নাজমুল হোসেন শান্ত (২২২ রান)।

✓ একাধিক বিশ্বকাপে সেঞ্চুরি করা বাংলাদেশের ১ম খেলোয়াড়- মাহমুদউল্লাহ।

## খেলাধুলার আসর

| আসর | খেলা | স্থান | তারিখ |
|---|---|---|---|
| ১৮তম | এশিয়া কাপ | কাতার | ২০২৪ |
| ২৩তম | বিশ্বকাপ ফুটবল (৪৮টি দল, ১৬টি শহর) | কানাডা-যুক্তরাষ্ট্র-মেক্সিকো | জুন-জুলাই, ২০২৬ |
| ২৪তম | বিশ্বকাপ ফুটবল | আফ্রিকা-দক্ষিণ আমেরিকা-ইউরোপ | ২০৩০ (শতবর্ষ উদযাপন হবে) |
| | মূল আয়োজক: মরক্কো (আফ্রিকা), পর্তুগাল (ইউরোপ) ও স্পেন (ইউরোপ); ১টি করে ম্যাচ অনুষ্ঠিত হবে- দক্ষিণ আমেরিকার আর্জেন্টিনা, উরুগুয়ে ও প্যারাগুয়েতে। | | |
| ২৫তম | বিশ্বকাপ ফুটবল | সৌদি আরব | ২০৩৪ |
| ১৪তম | ওয়ানডে বিশ্বকাপ | দক্ষিণ আফ্রিকা-জিম্বাবুয়ে-নামিবিয়া | ২০২৭ |
| ১৫তম | ওয়ানডে বিশ্বকাপ | বাংলাদেশ-ভারত | ২০৩১ |
| ৯ম | টি-২০ বিশ্বকাপ | ওয়েস্ট ইন্ডিজ-যুক্তরাষ্ট্র | ২০২৪ |
| ৯ম | আইসিসি চ্যাম্পিয়ন ট্রফি (৮টি দল) | পাকিস্তান | ২০২৫ |
| ১৩তম | আইসিসি নারী বিশ্বকাপ | ভারত | ২০২৫ |
| ৯ম | টি-২০ নারী বিশ্বকাপ | বাংলাদেশ | ২০২৪ |
| ২৩তম | কমনওয়েলথ গেমস | ভিক্টোরিয়া, অস্ট্রেলিয়া | ১৭-২৯ মার্চ, ২০২৬ |
| ৩৩তম | গ্রীষ্মকালীন অলিম্পিক | প্যারিস, ফ্রান্স | ২০২৪ |
| ৩৪তম | গ্রীষ্মকালীন অলিম্পিক | লস অ্যাঞ্জেলস, যুক্তরাষ্ট্র | ২০২৮ |
| | এর অলিম্পিকে নতুন ৫টি খেলা যুক্ত হবে- ক্রিকেট (টি-২০), বেসবল, ফ্ল্যাগ ফুটবল, স্কোয়াশ এবং ল্যাক্রোস। | | |
| ৪৮তম | কোপা আমেরিকা | যুক্তরাষ্ট্র | ২০২৪ |

# নব-নিযুক্ত (বাংলাদেশ ও আন্তর্জাতিক)

## নবনিযুক্ত বাংলাদেশের বিভিন্ন সংস্থার প্রধান

| সংস্থা | প্রধান | সংস্থা | প্রধান |
|---|---|---|---|
| পিএসসি'র চেয়ারম্যান | মো. সোহরাব হোসাইন (১৪তম) | নৌ-বাহিনীর প্রধান | মোহাম্মদ নাজমুল হাসান (১৭তম) |
| বাংলাদেশ ব্যাংকের গভর্নর | আব্দুর রউফ তালুকদার (১২তম) | বিমান বাহিনীর প্রধান | এয়ার মার্শাল শেখ আবদুল হান্নান |
| প্রধান নির্বাচন কমিশনার | কাজী হাবিবুল আউয়াল (১৩তম) | দুদকের চেয়ারম্যান | মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ (ষষ্ঠ) |
| প্রধান বিচারপতি | ওবায়দুল হাসান (২৪তম) | পুলিশের আইজি | চৌধুরী আবদুল্লাহ আল-মামুন |
| অ্যাটর্নি জেনারেল | এ এম আমিন উদ্দিন (১৬তম) | বিজিবির মহাপরিচালক | আশরাফুজ্জামান সিদ্দিকী |
| মন্ত্রিপরিষদ সচিব | মোঃ মাহবুব হোসেন | RAB এর মহাপরিচালক | এম খুরশিদ হোসেন |
| বাংলা একাডেমির মহাপরিচালক | মুহাম্মদ নুরুল হুদা | বাংলা একাডেমির সভাপতি | সেলিনা হোসেন |
| সেনাপ্রধান | লে. জে. এস এম শফিউদ্দিন আহমেদ | মানবাধিকার কমিশনের চেয়ারম্যান | কামাল উদ্দিন আহমেদ |
| প্রধান তথ্য কমিশনার | ড. আবদুল মালেক | ডিএমপি কমিশনার | হাবিবুর রহমান |
| মহা হিসাব-নিরীক্ষক (১৩তম) | মো. নুরুল ইসলাম | প্রধান নারী হিসাব মহানিরীক্ষক | ফাহমিদা ইসলাম |
| দুদকের মহাপরিচালক | মোতাহার হোসেন | জাতীয় নদী রক্ষা কমিশনের চেয়ারম্যান | সারোয়ার মাহমুদ |
| TCB'র চেয়ারম্যান | ব্রিগেডিয়ার জেনারেল মো. মোস্তফা ইকবাল | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (BPC)'র চেয়ারম্যান | মো. আমিন উল আহসান |
| রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)'র চেয়ারম্যান | মেজর জেনারেল (অব.) সিদ্দিকুর রহমান সরকার | কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান | মো. মামুন উল হক |

**নবনিযুক্ত আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার প্রধান**

| সংস্থার নাম | পদবী | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম | দেশ |
|---|---|---|---|
| D-8 | প্রেসিডেন্ট | শেখ হাসিনা | বাংলাদেশ |
| | মহাসচিব | ইসিয়াকা আব্দুল কাদির ইমাম | নাইজেরিয়া |
| SAARC | চেয়ারপার্সন | পুষ্প কমল দাহাল | নেপাল |
| | মহাসচিব | গোলাম সারওয়ার (১৫তম) | বাংলাদেশ |
| বিশ্ব ব্যাংক (World Bank) | প্রেসিডেন্ট | অজয় বাঙ্গা | যুক্তরাষ্ট্র |
| | প্রধান অর্থনীতিবিদ | ইন্দরমিত গিল | ভারত |
| Climate Vulnerable Forum (CVF) | প্রেসিডেন্ট | মিয়া অমর মতলি | বার্বাডোজ |
| | প্রধান মহাসচিব | মোহাম্মদ নাশিদ | মালদ্বীপ |
| BIMSTEC | মহাসচিব | ইন্দ্র মনি পান্ডে | ভূটান |
| জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশন | প্রেসিডেন্ট (৭৮তম) | ডেনিস ফ্রান্সিস | ত্রিনিদাদ অ্যান্ড টোবাগো |
| বিশ্ব আবহাওয়া সংস্থা (WMO) | প্রেসিডেন্ট | আব্দুল্লাহ আহামেদ আল মান্দউস | সংযুক্ত আরব আমিরাত |
| | মহাসচিব | সেলেস্তে সাওলো | আর্জেন্টিনা |
| ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন (IPU) | প্রেসিডেন্ট | তুলিয়া আকসন | তানজানিয়া |
| ECOSOC | প্রেসিডেন্ট | পলা নারভেজ | চিলি |
| আন্তর্জাতিক সমুদ্র চলাচল সংস্থা (IMO) | মহাসচিব | আর্সেনিও আন্তোনিও ডামিনগেজ ভেলাস্কো | পানামা |
| আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (IOM) | মহাপরিচালক | অ্যামি ই. পোপ (১ম নারী হিসেবে) | যুক্তরাষ্ট্র |
| BRICS | চেয়ারম্যান | সিরিল রামাফোসা | দক্ষিণ আফ্রিকা |
| G-7 | চেয়ারম্যান | জর্জিয়া মেলোনি | ইতালি |
| কমনওয়েলথ (Commonwealth) | প্রধান | রাজা তৃতীয় চার্লস | ব্রিটেন |
| | মহাসচিব | প্যাট্রিসিয়া স্কটল্যান্ড | ব্রিটেন |
| আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) | ব্যবস্থাপনা পরিচালক | ক্রিস্টিলিনা জর্জিয়েভা | বুলগেরিয়া |

| | | | |
|---|---|---|---|
| | প্রধান অর্থনীতিবিদ | পিয়েরে-অলিভিয়ের গৌরিঞ্চাস | ফ্রান্স |
| আন্তর্জাতিক অপরাধ আদালত (ICC) | প্রেসিডেন্ট | প্রিওতোর হোফমা স্কি | পোল্যান্ড |
| | প্রসিকিউটর | করিম আহমেদ খান | যুক্তরাজ্য |
| জাতিসংঘের পুলিশ প্রধান | পুলিশ অ্যাডভাইজার | লুইস রিবেরিও কারিলহো | পর্তুগাল |
| আন্তর্জাতিক রেডক্রস কমিটি (ICRC) | প্রেসিডেন্ট | মির্জানা স্পোলজারিক এগার (১ম নারী হিসেবে) | সুইজারল্যান্ড |
| আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD) | প্রেসিডেন্ট | আলভারিও লারিও | স্পেন |
| INTERPOL | প্রেসিডেন্ট | আহামেদ নাসের আল রাইসি | সংযুক্ত আরব আমিরাত |
| New Development Bank (NDB) | প্রেসিডেন্ট | দিলমা রুসেফ (১ম নারী হিসেবে) | ব্রাজিল |
| FIFA | প্রেসিডেন্ট | জিয়ান্নি ইনফান্তিনো | সুইজারল্যান্ড |
| ADB | প্রেসিডেন্ট | মাসাতাসুগু আসাকাওয়া | জাপান |
| আন্তর্জাতিক আদাল (ICJ) | রেসিডেন্ট | নাওয়াফ সালাম | লেবানন |
| OIC | মহাসচিব | হোসেইন ইব্রাহিম তাহা | শাদ |
| OPEC | মহাসচিব | হাইথাম আল গাইস | কুয়েত |
| NATO | মহাসচিব | জেনস স্টলেনবার্গ | নরওয়ে |
| অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল | মহাসচিব | অ্যানিস ক্যালামার্ড | ফ্রান্স |
| আফ্রিকান ইউনিয়ন (AU) | চেয়ারপার্সন | মোহাম্মদ আউলদ গাজোয়ানি | মৌরিতানিয়া |
| বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) | মহাপরিচালক | এনগোজি ওকোনজো ইওয়েলা | নাইজেরিয়া |
| আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) | মহাপরিচালক | গিলবার্ট এফ. হাউংবো | টোগো |
| আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা (IAEA) | মহাপরিচালক | রাফায়েল মারিয়ানো গ্রসি | আর্জেন্টিনা |
| বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) | ডিরেক্টর জেনারেল | টেড্রস অ্যাডহ্যানম গেব্রেইয়েসুস | ইথিওপিয়া |
| UNHCR | হাইকমিশনার | ফিলিপ্পো গ্র্যান্ডি | ইতালি |
| জাতিসংঘের মানবাধিকারবিষয়ক | হাইকমিশনার | ভলকার তুর্ক | অস্ট্রিয়া |
| ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল (ICC) | চেয়ারম্যান | গ্রেগ বার্কলে | নিউজিল্যান্ড |

| | | | |
|---|---|---|---|
| জাতিসংঘ বাণিজ্য ও উন্নয়ন সংস্থা (UNCTAD) | মহাসচিব | রেবেকা গ্রেনস্পান | কোস্টারিকা |

**নবনিযুক্ত বিভিন্ন দেশের প্রেসিডেন্ট**

| **মহাদেশ** | **দেশ** | **প্রেসিডেন্ট** | **মহাদেশ** | **দেশ** | **প্রেসিডেন্ট** |
|---|---|---|---|---|---|
| এশিয়া | বাংলাদেশ | মো. শাহাবুদ্দিন (২২তম) | এশিয়া | ইরাক | ইব্রাহিম রাইসি |
| | ভারত | দ্রৌপদী মুর্মু | | ইরাক | আবদুল লতিফ রাশিদ |
| | নেপাল | রামচন্দ্র পাওদেল | | কুয়েত | শেখ মিশেল আল-আহমেদ আল-সাবাহ (আমির) |
| | মালদ্বীপ | মোহাম্মদ মুইজ্জু | | তুরস্ক | রিসেপ তাইয়েপ এরদোগান |
| | চিন | শি জিনপিং | উত্তর আমেরিকা | যুক্তরাষ্ট্র | জো বাইডেন |
| | দক্ষিণ কোরিয়া | ইয়ুন সুক-ইয়ুন | দক্ষিণ আমেরিকা | আর্জেন্টিনা | হাভিয়ের মিলেই |
| | তাইওয়ান | লাই চিংতে | | ব্রাজিল | লুইজ ইনসিও লুলা দা সিলভা |
| | ফিলিপাইন | ফার্দিনান্দ মার্কোস জুনিয়র | ইউরোপ | ফিনল্যান্ড | আলেকজান্ডার স্টাব |
| | মালয়েশিয়া | সুলতান ইব্রাহিম (১৭তম রাজা) | | জার্মানি | ওলাফ শলৎজ (চ্যান্সেলর) |
| | সিঙ্গাপুর | থার্মান শানমুগারাতনাম | | ফ্রান্স | ইমানুয়েল ম্যাক্রোঁ |
| | ইন্দোনেশিয়া | প্রাবোও সুবিয়ান্তো | | ইতালি | সার্জিও মাতারেল্লা |
| | মালয়েশিয়া | সুলতানা ইব্রাহিম (১৭তম রাজা) | | রাশিয়া | ভ্লাদিমির পুতিন (৪র্থ বারের মতো) |
| | পূর্ব তিমুর | হোসে রামোস-হোর্তা | | মাল্টা | মারিয়াম স্পিটেরি ডেবোনো (প্রথম নারী হিসেবে) |
| | পাকিস্তান | আসিফ আলী জারদারি | আফ্রিকা | সেনেগাল | বাসিরু দিওমায়ে ফায়ে |

**নবনিযুক্ত বিভিন্ন দেশের প্রধানমন্ত্রী**

| মহাদেশ | দেশ | প্রধানমন্ত্রী | মহাদেশ | দেশ | প্রধানমন্ত্রী |
|---|---|---|---|---|---|
| এশিয়া | বাংলাদেশ | শেখ হাসিনা (১৩তম) | এশিয়া | পূর্ব তিমুর | জানানা গুসমাও |
| | ভারত | নরেন্দ্র মোদী | | কাজাখস্তান | আলি খান ইসমাইলভ |
| | পাকিস্তান | আনোয়ারুল হক কাকার | | ইরাক | মোহাম্মদ আল সুদানি |
| | নেপাল | পুষ্প কমল দাহাল | | সৌদি আরব | মোহাম্মদ বিন সালমান |
| | ভূটান | শেরিং তোবগে | | ইসরায়েল | বেনিয়ামিন নেতানিয়াহু |
| | শ্রীলংকা | দিনেশ গুনাবর্ধনে | আফ্রিকা | সেনেগালে | ওসমান সোনকো |
| | মিয়ানমার | মিং অন হ্লাইং | উত্তর আমেরিকা | কানাডা | জাস্টিন ট্রুডো |
| | চিন | লি কিয়াং | ইউরোপ | যুক্তরাজ্য | ঋষি সুনাক |
| | জাপান | ফুমিও কিশিদা | | ফ্রান্স | গ্যাব্রিয়েল আতাল (ফ্রান্সের সর্বকনিষ্ঠ প্রধানমন্ত্রী) |
| | তাইওয়ান | চো জং-তাই | | পোল্যান্ড | ডোনাল্ড টাস্ক |
| | থাইল্যান্ড | সেথা থাভিসিন | | গ্রিস | কিরিয়াকোস মিতসোতাকিস |
| | কম্বোডিয়া | হুন মানেট | ওশেনিয়া | অস্ট্রেলিয়া | অ্যান্থনি অ্যালবানিজ |
| | মালয়েশিয়া | আনোয়ার ইব্রাহিম | জিল্যান্ডিয়া | নিউজিল্যান্ড | ক্রিস্টোফার লুক্সন |
| | কুয়েত | আহমদ আল-আবদুল্লাহ আল-সাবাহ | ইউরোপ | পর্তুগাল | লুইস মন্টিনিগ্রো |
| আফ্রিকা | গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্র | জুডিথ সুমিনওয়া (প্রথম নারী হিসেবে) | | আইসল্যান্ড | বিজার্নি বেনেডিক্টসন |

### নবনিযুক্ত বিভিন্ন দেশের নারী প্রেসিডেন্ট

| মহাদেশ | দেশ | প্রেসিডেন্ট | মহাদেশ | দেশ | প্রেসিডেন্ট |
|---|---|---|---|---|---|
| উত্তর আমেরিকা | ডোমিনিকা | সিলভানি বার্টন (প্রথম নারী এবং আদিবাসী প্রেসিডেন্ট) | ইউরোপ | স্লোভেনিয়া | নাতাশা পিয়ার্স মুসার (১ম নারী হিসেবে) |
| দক্ষিণ আমেরিকা | পেরু | দিনা বলুয়ার্তে (১ম নারী হিসেবে) | | কসোভো | ভিজোসা ওসমানি |
| ইউরোপ | অস্ট্রিয়া | ব্রিজিত বিয়েরলিন (চ্যান্সেলর) | | | |

### নবনিযুক্ত বিভিন্ন দেশের নারী প্রধানমন্ত্রী

| মহাদেশ | দেশ | প্রধানমন্ত্রী | মহাদেশ | দেশ | প্রধানমন্ত্রী |
|---|---|---|---|---|---|
| আফ্রিকা | নিরক্ষীয় গিনি | ম্যানুয়েলা রোকা বোটেই (১ম নারী হিসেবে) | ইউরোপ | ফিনল্যান্ড | সানা মারিন |
| উত্তর আমেরিকা | বার্বাডোজ | মিয়া আমর মোটলি | | ফ্রান্স | এলিজাবেথ বর্নি |
| দক্ষিণ আমেরিকা | পেরু | আলবার্তো ওটারোলা | | ইতালি | জর্জিয়া মেলোনি (১ম নারী হিসেবে) |
| ইউরোপ | সুইডেন | ম্যাগডানেলা অ্যান্ডারসন | ওশেনিয়া | সামুয়া | ফিমে নাওমি মাতা'আফা |

## অর্থ-বাণিজ্য ও সম্মেলন

**১ এপ্রিল, ২০২৪**

**১. গোল্ডেন আর সিলভার ব্যবসা লাইসেন্স দেবে আরব আমিরাত।**

বিদেশি বিনিয়োগ আকর্ষণে নতুন ব্যবসায়িক লাইসেন্স দেবে মধ্যপ্রাচ্যের দেশ সংযুক্ত আরব আমিরাত। ধারণা করা হচ্ছে, এতে দেশটির অর্থনীতি ও ব্যবসায়িক কর্মকাণ্ডে গতি আসবে।বিদেশিদের জন্য তারা নতুন দুটি ব্যবসায়িক লাইসেন্স চালু করতে যাচ্ছে। এর একটি হলো, ১০ বছর মেয়াদি গোল্ডেন লাইসেন্স; অন্যটি ৫ বছর মেয়াদি সিলভার লাইসেন্স।বিশ্লেষকেরা মনে করছেন, আরব আমিরাত নতুন এই বাণিজ্যিক লাইসেন্স চালু করলে দেশটিতে বিদেশি বিনিয়োগ বাড়বে এবং ব্যবসায়িক উদ্যোগ সহজ হবে। গোল্ডেন ও সিলভার লাইসেন্সের পরিকল্পনা অর্থনীতির সমৃদ্ধি নিশ্চিত করার পাশাপাশি টেকসই প্রবৃদ্ধি নিয়ে আসবে।

**প্রশ্ন: সম্প্রতি কোন দেশ ব্যবসায়ের জন্য বিদেশীদের গোল্ডেন এবং সিলভার লাইসেন্স প্রদানের ঘোষণা দিয়েছে?**
উত্তর: সংযুক্ত আরব আমিরাত।

**২. বৈশ্বিক উদ্যোক্তা র‍্যাংকিংয়ের শীর্ষে ইউএই।**

বৈশ্বিক উদ্যোক্তা র‍্যাংকিংয়ে শীর্ষস্থান অর্জন করেছে সংযুক্ত আরব আমিরাত (ইউএই)। সম্প্রতি প্রকাশিত ২০২৩-২০২৪ সালের গ্লোবাল এন্টারপ্রেনারশিপ মনিটর (জিইএম) প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। গ্লোবাল অন্ট্রাপ্রেনিউরশিপ মনিটর (জিইএম) রিপোর্ট প্রতি বছর বিশ্বব্যাপী উদ্যোক্তাদের বিকাশের ওপর মূল্যায়ন তুলে ধরে। এবারের প্রতিবেদনে দেশগুলোয় উদ্যোক্তাদের জন্য

ব্যবসায়িক প্রতিবেশ কেমন তা মূল্যায়ন করা হয়েছে। জিইএমের প্রতিবেদন বিশ্বব্যাংক, আন্তর্জাতিক মুদ্রা তহবিল ও জাতিসংঘসহ বিভিন্ন সংস্থার কাছে গ্রহণযোগ্য।

প্রতিবেদনের তথ্যানুযায়ী, ন্যাশনাল অন্ট্রাপ্রেনিউরশিপ কনটেক্সট ইনডেক্স স্কোর ৭ দশমিক ৭ অর্জনের মাধ্যমে রেকর্ড করেছে ইউএই, যা জিইএম রিপোর্টের ইতিহাসে সর্বোচ্চ। প্রতিবেদনে সংযুক্ত আরব আমিরাতকে নতুন ব্যবসায়িক উদ্যোগ শুরু ও পরিচালনার জন্য বিশ্বের সেরা পরিবেশ হিসেবে স্থান দেয়া হয়েছে, যা অনেক উন্নত অর্থনীতিকেও ছাড়িয়ে গেছে। ভৌত অবকাঠামোর দিক থেকেও এটি বিশ্বব্যাপী তৃতীয় স্থান অধিকার করেছে।

**প্রশ্ন: জিইএমের তথ্য মতে, বৈশ্বিক উদ্যোক্তা র‍্যাঙ্কিং এ শীর্ষস্থান অধিকার করেছে কোন দেশ?**

উত্তর: সংযুক্ত আরব আমিরাত।

৩. সিটি ব্যাংক ও বিকাশ যৌথভাবে নিয়ে এলো নতুন সেবা 'পে-লেটার'। এটি মূলত বিশেষ জামানতবিহীন ডিজিটাল ক্ষুদ্র ঋণ সেবা, যা বিকাশ অ্যাপের মাধ্যমে বিনা সুদে পরিশোধ করা যাবে। এ সুবিধার আওতায় গ্রাহকের হিসাবে পর্যাপ্ত ব্যালেন্স না থাকলেও বিকাশের মাধ্যমে সেবাটি ব্যবহার করে অর্থ ব্যয় করতে পারবেন।এতে গ্রাহকরা পণ্য বা সেবা ক্রয় করে সরাসরি ঋণের মাধ্যমে পরিশোধ করতে পারবেন। সাত দিনের মধ্যে এই ঋণ পরিশোধ করলে কোনো সুদ আরোপ করা হবে না।সাত দিনে সুদবিহীন পরিশোধ পদ্ধতিতে গ্রাহক ঋণের সম্পূর্ণ অর্থ পরিশোধ করতে ব্যর্থ হলে পে-লেটার সেবা তিন মাসের ক্ষুদ্রঋণে পরিণত হয়ে যাবে। এরপর বার্ষিক ৯ শতাংশ হারে সুদ দিতে হবে। অন্যদিকে ছয় মাসে পে-লেটার ঋণ পরিশোধ পদ্ধতিতে গ্রাহককে শুরুতেই ২০ শতাংশ ডাউনপেমেন্ট দিতে হবে। বাকি ৮০ শতাংশ অর্থ পে-লেটারের মাধ্যমে সমান কিস্তিতে ভাগ হয়ে প্রতি মাসের নির্দিষ্ট তারিখে স্বয়ংক্রিয়ভাবে পরিশোধ হয়ে যাবে। এ ক্ষেত্রেও বার্ষিক ৯ শতাংশ হারে সুদ প্রযোজ্য হবে। একজন ঋণগ্রহীতা মেয়াদ পূর্তির আগেও ঋণ পরিশোধ করতে পারেন; তখন তাকে শুধু সেই কয়েক দিনের জন্যই সুদ দিতে হবে। অগ্রিম ঋণ নিষ্পত্তিতে বাড়তি খরচ হবে না। উভয় ক্ষেত্রেই ভ্যাট ও পরিষেবা মাশুল যুক্ত হবে।

**প্রশ্ন: বাংলাদেশের বাজারে যৌথভাবে 'পে-লেটার' সেবা চালু করেছে কোন কোন প্রতিষ্ঠান?**

উত্তর: সিটি ব্যাংক ও বিকাশ।

**৩ এপ্রিল, ২০২৪**

**১. বাংলাদেশের অর্থনীতিতে চার চ্যালেঞ্জ, তিন ঝুঁকি দেখছে বিশ্বব্যাংক:**

বিশ্বব্যাংকের 'বাংলাদেশ ডেভেলপমেন্ট আপডেট বা বাংলাদেশ উন্নয়ন হালনাগাদ' শীর্ষক প্রতিবেদন মতে বাংলাদেশের অর্থনীতিতে বর্তমানে চার ধরনের চ্যালেঞ্জ আছে। এগুলো হলো উচ্চ মূল্যস্ফীতি, বৈদেশিক মুদ্রার ঘাটতি, আমদানি নিয়ন্ত্রণ এবং আর্থিক খাতের ঝুঁকি। এর পাশাপাশি অর্থনীতিতে তিনটি ঝুঁকি বিরাজমান বলেও মনে করে সংস্থাটি। প্রথম ঝুঁকি হলো, মুদ্রা বিনিময় হার সংস্কার বিলম্ব হওয়ায় তা বৈদেশিক মুদ্রার ঘাটতি এবং আমদানি নিয়ন্ত্রণকে দীর্ঘস্থায়ী করছে। দ্বিতীয়ত, জিনিসপত্রের বাড়তি দামের কারণে উচ্চ মূল্যস্ফীতি দীর্ঘদিন ধরে অব্যাহত থাকা। আর তৃতীয় ঝুঁকি হলো সমন্বিত সংস্কার কর্মসূচি না নেওয়ায় তা আর্থিক খাতের চলমান ঝুঁকি আরও বাড়িয়ে দিতে পারে। বৈশ্বিক এই প্রতিষ্ঠান এসব কারণে পূর্বাভাস দিয়েছে যে চলতি বছরে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি কমে যেতে পারে। সংস্থাটির মতে, এ বছর প্রবৃদ্ধি কমে হতে পারে ৫ দশমিক ৬ শতাংশ। তবে সরকার চলতি অর্থবছর প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ঠিক করেছে সাড়ে ৭ শতাংশ।

**প্রশ্ন: বিশ্ব ব্যাংকের তথ্য মতে বর্তমানে বাংলাদেশের অর্থনীতিতে কত ধরনের চ্যালেঞ্জ রয়েছে?**

উত্তর: চার ধরনের।

**প্রশ্ন: বিশ্বব্যাংকের তথ্য মতে ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশের প্রবৃদ্ধি কত হতে পারে?**

উত্তর: ৫.৬ শতাংশ।

**প্রশ্ন: সরকার চলতি অর্থবছরে প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ঠিক করেছে কত শতাংশ?**

উত্তর: সাড়ে ৭ শতাংশ।

**২. দেশে চরম দারিদ্র্য বাড়বে, ২০২৩-২৪ অর্থবছরে মূল্যস্ফীতি হবে ৯.৬ শতাংশ: বিশ্বব্যাংক।**

বিশ্বব্যাংকের ম্যাক্রো পোভার্টি আউটলুক ফর বাংলাদেশ অনুসারে, ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরের মাঝে প্রায় পাঁচ লাখ বাংলাদেশি চরম দারিদ্র্যের মধ্যে পড়বেন বলে আশঙ্কা করা হচ্ছে। এর ফলে তাদেরকে দৈনিক ২.১৫ ডলারেরও কম অর্থ ব্যয়ে জীবনযাপন করতে হবে। এছাড়া মূল্যস্ফীতি বেড়ে দাঁড়াবে ৯ দশমিক ৬ শতাংশে। এ প্রবণতার কারণ হিসেবে সংস্থাটি ভোক্তাদের ক্রয়ক্ষমতা কমে যাওয়া এবং উচ্চ মূল্যস্ফীতিকে নির্দেশ করেছে।

**প্রশ্ন: বিশ্বব্যাংকের ম্যাক্রো পোভার্টি আউটলুক ফর বাংলাদেশ অনুসারে ২০২৩-২৪ অর্থবছরে মূল্যস্ফীতি হবে কত শতাংশ?**
উত্তর: ৯.৬ শতাংশ।

**৩. ফোর্বসের ২০২৪ সালের শতকোটিপতিদের নতুন তালিকা।**

যুদ্ধ, রাজনৈতিক অস্থিরতা ও উচ্চ মূল্যস্ফীতির মতো বাধা পেরিয়ে ধনীদের সম্পদমূল্য বাড়ছেই। গত এক বছরে তাঁদের সম্পদমূল্য বেড়েছে দুই লাখ কোটি ডলার। ফোর্বস ম্যাগাজিন ২০২৪ সালের ধনীদের নতুন তালিকায় এ তথ্য জানিয়েছে।ধনীদের তালিকায় এখন সবার ওপরে বার্নার্ড আর্নল্ট ও পরিবার।তাঁর সম্পদমূল্য ২২ হাজার ২৪০ কোটি ডলার।২০২৪ সালের ধনীতম ব্যক্তিদের তালিকায় দ্বিতীয় স্থানে আছেন অ্যামাজনের সহপ্রতিষ্ঠাতা জেফ বেজোস, তাঁর সম্পদমূল্য **১৯** হাজার ৮৭০ কোটি ডলার। তৃতীয় স্থানে আছেন ইলন মাস্ক। টেসলার প্রতিষ্ঠাতা এই ধনীর সম্পদমূল্য **১৯** হাজার ২০ কোটি ডলার। **১৭** হাজার ৪৪০ কোটি ডলার নিয়ে চতুর্থ স্থানে আছেন সামাজিক মাধ্যম ফেসবুকের সহপ্রতিষ্ঠাতা মার্ক জাকারবার্গ। পঞ্চম স্থানে আছেন ওরাকলের সহপ্রতিষ্ঠাতা ল্যারি এলিসন। তাঁর সম্পদমূল্য **১৫** হাজার ৩৪০ কোটি ডলার। বর্তমানে বিশ্বের শীর্ষ নারী ধনীর তালিকায় প্রথমে রয়েছেন ফরাসি প্রসাধন সামগ্রী লরিয়েলের কর্ণধার ফ্রাঁসোয়া বেটেনকোর্ট মেয়ার্স।বিশ্বের ধনীদের মধ্যে তার অবস্থান শীর্ষ **১৫**তে। তার সম্পদের পরিমাণ ৯৭ বিলিয়ন মার্কিন ডলার। এ তালিকায় প্রথম বাংলাদেশি হিসেবে জায়গা করে নিয়েছেন সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান।তালিকায় আজিজ খান আছেন ২ হাজার ৫৪৫ নম্বরে। তার মোট সম্পদের পরিমাণ দেখানো হয়েছে **১** দশমিক **১** বিলিয়ন ডলার এবং আয়ের খাত হিসেবে রয়েছে জ্বালানি।

**প্রশ্ন: বিশ্বের সবচেয়ে ধনী নারীর নাম কি?**
উত্তর: ফ্রাঁসোয়া বেটেনকোর্ট মেয়ার্স।

**প্রশ্ন: ফোর্বস ম্যাগাজিনের জরিপে ২০২৪ সালে বিশ্বে শতকোটিপতিদের সংখ্যা কত?**
উত্তর: ২৭৮**১** জন।

**প্রশ্ন: প্রথম বাংলাদেশি হিসেবে ফোর্বসের বিলিয়নিয়ারদের তালিকায় স্থান পেয়েছেন কে?**
উত্তর: সামিট গ্রুপের চেয়ারম্যান মোহাম্মদ আজিজ খান।

**প্রশ্ন: ফোর্বস ম্যাগাজিন এর 'রিচেস্ট ইন ২০২৪' প্রতিবেদন অনুযায়ী বিশ্বের শীর্ষ ধনী কে?**
উত্তর: বার্নার্ড আর্নল্ট ও তার পরিবার

**৪. রপ্তানিতে সিআইপি হলেন ১৮৪ ব্যবসায়ী।**

দেশের রপ্তানি খাতে গুরুত্বপূর্ণ অবদান রাখায় ২০২২ সালের জন্য ১৮৪ জন ব্যবসায়ীকে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি বা সিআইপি হিসেবে নির্বাচিত করেছে বাণিজ্য মন্ত্রণালয়।আগামী এক বছরের জন্য নির্বাচিত সিআইপিরা বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য পাস ও গাড়ির স্টিকার পাবেন। এ ছাড়া জাতীয় অনুষ্ঠান ও নাগরিক সংবর্ধনায় দাওয়াত, ব্যবসাসংক্রান্ত কাজে ভ্রমণের সময় বিমান, রেলপথ, সড়ক ও জলপথে সরকারি যানবাহনে আসন সংরক্ষণে অগ্রাধিকার ও বিমানবন্দরে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের সুবিধা পাবেন। সিআইপিরা তাঁদের স্ত্রী, সন্তান ও নিজের চিকিৎসার জন্য সরকারি হাসপাতালে বিশেষ সুবিধা পাবেন। বিদেশ ভ্রমণের ক্ষেত্রেও পররাষ্ট্র মন্ত্রণালয় তাঁদের জন্য 'লেটার অব ইন্ট্রোডাকশন' দেবে।

**প্রশ্ন: এ বছর রপ্তানিতে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক কমার্শিয়ালি ইম্পরট্যান্ট পারসন বা সিআইপি নির্বাচিত হয়েছেন কতজন?**
উত্তর: ১৮৪ জন।

**৪ এপ্রিল, ২০২৪**

**১. আসছে ৭ লাখ ৯৭ হাজার কোটি টাকার বাজেট।**

আগামী অর্থবছরে বাজেটের আকার হতে পারে ৭ লাখ ৯৭ হাজার কোটি টাকা। জানা গেছে, নতুন বাজেটে রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা ধরা হচ্ছে ৫ লাখ ৪০ হাজার কোটি টাকা। দেশি-বিদেশি বিভিন্ন উৎস থেকে ২ লাখ ৫৭ হাজার টাকা ঋণ নিয়ে বাজেট ঘাটতি মেটানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হচ্ছে। এর মধ্যে ১ লাখ কোটি টাকার বিদেশি ঋণ পাওয়া যাবে বলে আশা করছে সরকার। বাকি ১ লাখ ৫৭ হাজার কোটি টাকা দেশের ব্যাংকিং খাতসহ অন্যান্য উৎস থেকে ঋণ নেওয়া হবে। এ ছাড় বেশ কয়েক মাস মূল্যস্ফীতি ৯ শতাংশের ওপরে থাকলেও আগামী অর্থবছরে গড়ে সাড়ে ৬ শতাংশের মধ্যে রাখতে চায় সরকার। একই সঙ্গে জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৬ দশমিক ৭৫ শতাংশ।

**প্রশ্ন: আগামী অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ধরা হয়েছে কত শতাংশ?**
উত্তর: ৬ দশমিক ৭৫ শতাংশ।।

**২. মেট্রোরেলের টিকিটে বসবে ভ্যাট, বাড়বে ভাড়া।**

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) মেট্রোরেলের টিকিটে ভ্যাট ছাড় প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছে। তাই আগামী ১ জুলাই থেকে মেট্রোরেলের যাত্রীদের টিকিটের ওপর ভ্যাট পরিশোধ করতে হবে, ফলে যাত্রীদের যাতায়াত ব্যয় বাড়বে। এনবিআর বলেছে, ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত হওয়ার লক্ষ্য অর্জনে অসংখ্য উন্নয়ন প্রকল্পের কাজ চলছে। মূলত প্রত্যক্ষ ও পরোক্ষ কর থেকে আসা প্রকল্পগুলো বাস্তবায়নে সরকারকে অর্থের যোগান নিশ্চিত করতে হবে। এনবিআর আরও বলেছে, দেশীয় শিল্পের বিকাশ, আমদানি নির্ভরতা কমানো এবং ক্ষুদ্র ও কুটির শিল্পকে সহায়তা করতে বিভিন্ন সময়ে বিভিন্ন খাতে কর সুবিধা দেওয়া হয়। তবে দেশের উন্নয়ন কর্মকাণ্ডে অর্থায়নের জন্য প্রয়োজনীয় রাজস্ব-জিডিপি অনুপাত বাড়াতে বিভিন্ন ক্ষেত্র থেকে পর্যায়ক্রমে ছাড় প্রত্যাহার করা হচ্ছে। মূলত মেট্রোরেলে যাতায়াতে উৎসাহিত করতে ২০২২ সালের ২৮ ডিসেম্বর থেকে যাত্রীদের টিকিটের ওপর থেকে ভ্যাট প্রত্যাহার করে এনবিআর।

**প্রশ্ন: মেট্রো রেলের টিকিটের উপর ভ্যাট মওকুফ থাকবে কত তারিখ পর্যন্ত?**
উত্তর: ৩০ জুন ২০২৪।

**১১ এপ্রিল, ২০২৪**

**১. ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধি ৬.১%: এডিবি।**

এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) তথ্যানুযায়ী, ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশের অর্থনীতি ৬ দশমিক ১ শতাংশ হারে বাড়বে। ম্যানিলাভিত্তিক ঋণদাতা প্রতিষ্ঠানটি ১১ এপ্রিল এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুকে জানিয়েছে, ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধি ৬ দশমিক ১ শতাংশ হবে এবং আগামী অর্থবছরে এটি বেড়ে ৬ দশমিক ৬ শতাংশে দাঁড়াতে পারে। প্রবৃদ্ধির সঙ্গে মূল্যস্ফীতির পূর্বাভাসও দিয়েছে এডিবি। তারা বলেছে, চলতি ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশের বার্ষিক মূল্যস্ফীতির হার ৮ দশমিক ৪ শতাংশে উঠতে পারে। পরের অর্থবছর অর্থাৎ ২০২৪-২৫ অর্থবছরে তা কমে ৭ শতাংশে নামতে পারে।

**প্রশ্ন: এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) তথ্যানুযায়ী, ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশের অর্থনীতি কত শতাংশ হারে বাড়বে?**
উত্তর: ৬ দশমিক ১ শতাংশ হারে।
প্রশ্ন: এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) তথ্যানুযায়ী,আগামী অর্থবছরে বাংলাদেশের অর্থনীতির প্রবৃদ্ধি হবে কত শতাংশ?
উত্তর: ৬ দশমিক ৬ শতাংশে।

**২. এশিয়ায় ৪৬ দেশের মধ্যে পাকিস্তানেই জীবনযাত্রার ব্যয় সবচেয়ে বেশি।**

এশীয় উন্নয়ন ব্যাংকে (এডিবি) কর্তৃক প্রকাশিত 'এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুক' বা 'এশিয়ায় উন্নয়ন পূর্বাভাস' শীর্ষক প্রতিবেদন অনুযায়ী, এশিয়ার ৪৬টি দেশের মধ্যে পাকিস্তানের মূল্যস্ফীতিই সর্বোচ্চ। অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের দিক থেকে দেশটি এশিয়ায় নিচের দিক থেকে চতুর্থ স্থানে আছে। প্রতিবেদনটিতে বলা হয়, চলতি অর্থবছরে পাকিস্তানে মূল্যস্ফীতি হবে ২৫ শতাংশ, যা গোটা এশিয়ার মধ্যে সর্বোচ্চ। এর ফলে পাকিস্তান এশিয়ার সবচেয়ে ব্যয়বহুল দেশে পরিণত হবে। মোট দেশজ উৎপাদনে (জিডিপি) প্রবৃদ্ধি অর্জনেও পাকিস্তান বেশ পিছিয়ে আছে এবং ভবিষ্যতেও সে রকমই থাকবে। এডিবি বলছে, চলতি অর্থবছরে দেশটির অর্থনীতিতে ১ দশমিক ৯ শতাংশ প্রবৃদ্ধি অর্জিত হবে, যা এশিয়ায় চতুর্থ সর্বনিম্ন।

**প্রশ্ন: এডিবির তথ্য মতে এশিয়ার কোন দেশে জীবনযাত্রার ব্যয় সবচেয়ে বেশি?**

উত্তর: পাকিস্তান।

**১৪ এপ্রিল, ২০২৪**

**১. এ বছর বিশ্ববাণিজ্যে ২.৬ শতাংশ প্রবৃদ্ধি হবে: ডব্লিউটিও।**

বিশ্ব বাণিজ্য সংস্থা (ডব্লিউটিও) বলেছে, ২০২৪ সালে বিশ্ববাণিজ্যে লেনদেনের পরিমাণ ২ দশমিক ৬ শতাংশ বাড়বে। ২০২৩ সালে বিশ্ববাণিজ্যে লেনদেনের পরিমাণ ১ দশমিক ২ শতাংশ কমেছিল। সে হিসাবে বৈশ্বিক বাণিজ্য ভালোভাবেই ঘুরে দাঁড়াচ্ছে বলে আশা করা যায়। তবে ভূরাজনৈতিক উত্তেজনার কারণে বিশ্ববাণিজ্যে ঝুঁকি আছে বলেও মনে করে সংস্থাটি।ডব্লিউটিওর সর্বশেষ 'গ্লোবাল ট্রেড আউটলুক অ্যান্ড স্ট্যাটিসটিক' বা 'বৈশ্বিক বাণিজ্য পূর্বাভাস ও পরিসংখ্যান' শীর্ষক প্রতিবেদনে ডব্লিউটিও পূর্বাভাস দিয়েছে যে এ বছর মোট বিশ্ববাণিজ্যের পরিমাণ ২ দশমিক ৬ শতাংশ বৃদ্ধি পাবে এবং ২০২৫ সালে তা আরও ৩ দশমিক ৩ শতাংশ হারে বাড়বে। ২০২৩ সালে মোট বিশ্ববাণিজ্য তার আগের বছরের তুলনায় ১ দশমিক ২ শতাংশ কমেছিল। তখন মূল্যস্ফীতির চাপ ও উচ্চ সুদের হার আন্তর্জাতিক বাণিজ্যে নেতিবাচক প্রভাব ফেলেছিল।

**প্রশ্ন: ২০২৪ সালে বিশ্ব বাণিজ্যে লেনদেনের পরিমাণ কত শতাংশ বৃদ্ধি পাবে?**

উত্তর: ২ দশমিক ৬ শতাংশ।

**১৫ এপ্রিল, ২০২৪**

**১. ইয়াং গ্লোবাল লিডার্সের তালিকায় সামিট গ্রুপের আজিজা খান।**

ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) ইয়াং গ্লোবাল লিডার্সের তালিকায় স্থান পেয়েছেন বাংলাদেশের সামিট গ্রুপের পরিচালক আজিজা আজিজ খান। তিনি সামিট গ্রুপের চেয়ারম্যান আজিজ খানের মেয়ে।সম্প্রতি ডব্লিউইএফ ২০২৪ সালের জন্য বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য সারা বিশ্বের ৯০ জন ইয়াং গ্লোবাল লিডার্সের তালিকা প্রকাশ করেছে। তালিকায় রয়েছে দক্ষিণ এশিয়ার ১১ জন। তাঁদের মধ্যে আজিজা আজিজ খান একজন।প্রতিবছর রাজনীতি, ব্যবসা, শিক্ষা, গণমাধ্যম ও কলা শাখায় বিশেষ অর্জন ও অবদান রাখা তরুণদের নিয়ে এ তালিকা করে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম। এ তালিকায় থাকতে হলে বয়স হতে হবে ৪০-এর কম। ২০২১ সালে এই স্বীকৃতি পেয়েছিলেন জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক ও সংসদ সদস্য মাশরাফি বিন মুর্তজা। তার আগে ২০১৬ সালে এই স্বীকৃতি পান ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহ্মেদ পলক।

**প্রশ্ন: ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) ২০২৪ সালের ইয়াং গ্লোবাল লিডার্সের তালিকায় স্থান পেয়েছেন কোন বাংলাদেশী?**

উত্তর: সামিট গ্রুপের পরিচালক আজিজা আজিজ খান।

**১৬ এপ্রিল, ২০২৪**

**১. বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির পূর্বাভাস কমিয়ে ৫.৭ শতাংশ করলো আইএমএফ।**

আইএমএফ তাদের ওয়ার্ল্ড ইকোনমিক আউটলুক প্রতিবেদনের সাম্প্রতিকতম সংস্করণ প্রকাশ করেছে। গত বছরে আইএমএফ ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশের প্রবৃদ্ধি ৬ শতাংশ হওয়ার প্রক্ষেপণ করেছিল, যা এই সংস্করণে সংশোধন করে ৫.৭ শতাংশে নামানো হয়েছে। গত বছরের অক্টোবরে আইএমএফ ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশের প্রবৃদ্ধি ৬ শতাংশ হওয়ার প্রক্ষেপণ করেছিল, যা এই সংস্করণে সংশোধন করে ৫.৭ শতাংশে নামানো হয়েছে। ইতঃপূর্বে চলতি অর্থবছরে মূল্যস্ফীতির হার ৯ শতাংশ হওয়ার অনুমান করলেও, এখন তা বার্ষিক ৯.৩ শতাংশ হারে হওয়ার কথা জানিয়েছে সংস্থাটি।তবে আগামী ২০২৪-২৫ অর্থবছরে অর্থনৈতিক প্রবৃদ্ধি ৬.৬ শতাংশ হতে পারে, মূল্যস্ফীতির হারও নামতে পারে ৬.১ শতাংশে।

**প্রশ্ন: আইএমএফের মতে ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি হবে কত শতাংশ?**
উত্তর: ৫ দশমিক ৭ শতাংশ।

**১৭ এপ্রিল, ২০২৪**

১. মধ্যপ্রাচ্য সংকট নিয়ে জি-৭ পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠক।

বিশ্বের উন্নত অর্থনীতির দেশগুলোর জোট জি-৭ এর পররাষ্ট্রমন্ত্রীরা ১৭ এপ্রিল, বুধবার ইতালীয় দ্বীপ ক্যাপ্রিতে আলোচনার জন্য জড়ো হয়েছেন। এবারের বৈঠকে মধ্যপ্রাচ্যের সংকট এবং ইরানের বিরুদ্ধে নতুন করে নিষেধাজ্ঞার জন্য মার্কিন আহ্বান নিয়ে আলোচনা করা হবে বলে জানা গেছে। ইসরায়েলের ওপর ইরানের নজিরবিহীন হামলার ঠিক কয়েকদিন পর গ্রুপ অব সেভেন নামের নেতৃস্থানীয় দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের এই বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। জি৭ (গ্রুপ অব সেভেন) হচ্ছে জাপান, কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালি, যুক্তরাজ্য এবং যুক্তরাষ্ট্র নিয়ে গঠিত একটি সংঘ। ইউরোপীয় ইউনিয়নও জি৭ এ প্রতিনিধিত্ব করে। এই সাতটি দেশ হচ্ছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল স্বীকৃত বিশ্বের সাতটি মূল উন্নত অর্থনীতির দেশ।

**প্রশ্ন: সম্প্রতি জি সেভেন দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের বার্ষিক সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়েছে?**
উত্তর:ইতালীয় দ্বীপ ক্যাপ্রিতে।

**১৯ এপ্রিল, ২০২৪**

১. রাজস্ব ফাঁকি রোধে ক্যাশলেস পদ্ধতিতে যাচ্ছে এনবিআর।

কাস্টমস, ভ্যাট ও ট্যাক্সের অর্থ ই-পেমেন্ট ব্যবস্থায় নিয়ে যেতে করদাতাদের উদ্বুদ্ধ করে ক্যাশলেস পদ্ধতির দিকে যাবে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। ২০৩১ সালের মধ্যে ৭৫ শতাংশ এবং ২০৪১ সালের মধ্যে শতভাগ রাজস্ব সংগ্রহের অর্থ ক্যাশলেস করার লক্ষ্য নির্ধারণ করেছে প্রতিষ্ঠানটি। অর্থাৎ আগামী ১৭ বছরের মধ্যে শতভাগ ক্যাশলেস পদ্ধতিতে যেতে চায় এনবিআর। এতে তাৎক্ষণিক অর্থ জমা হওয়া ও রাজস্ব ফাঁকি রোধ করা সম্ভব হবে বলে মনে করে প্রতিষ্ঠানটি।

**প্রশ্ন: কত সালের মধ্যে শতভাগ রাজস্ব সংগ্রহের অর্থ ক্যাশলেস করার লক্ষ্য নির্ধারণ করেছে এনবিআর?**
উত্তর: ২০৪১ সালের মধ্যে।

**২০ এপ্রিল, ২০২৪**

**১. বিএটি বাংলাদেশের প্রথম নারী ব্যবস্থাপনা পরিচালক হচ্ছেন মনীষা আব্রাহাম।**

ব্রিটিশ আমেরিকান টোব্যাকো (বিএটি) বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব নিতে যাচ্ছেন মনীষা আব্রাহাম। দেশে কোম্পানিটির ১১৪ বছরের ইতিহাসে এবারই প্রথম নারী ব্যবস্থাপনা পরিচালক হতে যাচ্ছেন তিনি।

কোম্পানি সূত্রে জানা গেছে, বর্তমানে মনীষা সিলন টোব্যাকো কোম্পানিতে ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) হিসেবে দায়িত্ব পালন করছেন। আগামী ১ জুলাই, ২০২৪ থেকে বিএটি বাংলাদেশে নতুন পদে আসীন হবেন তিনি।

**প্রশ্ন: ব্রিটিশ আমেরিকান টোব্যাকো (বিএটি) বাংলাদেশের প্রথম নারী ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব নিতে যাচ্ছেন কে?**
উত্তর : মনীষা আব্রাহাম।

**২. সর্বজনীন পেনশন মেলা।**

পেনশন কর্মসূচিতে জনগণকে আগ্রহী করে তুলতে প্রথম সর্বজনীন পেনশন মেলার আয়োজন করা হয়েছে রাজশাহীতে। দেশের জনগণকে পেনশন কর্মসূচির প্রতি আগ্রহী করে তুলতে প্রথম ধাপে রাজশাহীর হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চবিদ্যালয় প্রাঙ্গণে দিনব্যাপী এ মেলার আয়োজন করা হয়। এতে মোট ১২৫টি স্টল অংশ নেয়। পরে সারা দেশে পেনশন মেলার আয়োজন করা হবে।প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত বছরের ১৭ আগস্ট সর্বজনীন পেনশন কর্মসূচির উদ্বোধন করেন। চার শ্রেণির জনগোষ্ঠীর জন্য চার ধরনের পেনশন স্কিম রয়েছে। এর মধ্যে বেসরকারি খাতের চাকরিজীবীদের জন্য 'প্রগতি', স্বকর্মে নিয়োজিত ব্যক্তিদের জন্য 'সুরক্ষা', প্রবাসী বাংলাদেশিদের জন্য 'প্রবাসী' ও নিম্ন আয়ের জনগোষ্ঠীর জন্য 'সমতা' স্কিম নেওয়া হয়েছে।

**প্রশ্ন: পেনশন কর্মসূচিতে জনগণকে আগ্রহী করে তুলতে প্রথম সর্বজনীন পেনশন মেলার আয়োজন করা হয়েছে কোথায়?**

উত্তর: রাজশাহীতে।

**২৬ এপ্রিল, ২০২৪**

**ইউএনএসকাপ এর ৮০তম অধিবেশন।**

থাইল্যান্ডের ব্যাংককে জাতিসংঘ সম্মেলন কেন্দ্রে ২২ এপ্রিল থেকে ২৬ এপ্রিল জাতিসংঘের এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক কমিশনের (ইউএনএসকাপ) ৮০তম অধিবেশন অনুষ্ঠিত হয়েছে। লিভারেজিং ডিজিটাল ইনোভেশন ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট ইন এশিয়া অ্যান্ড দ্য প্যাসিফিক' প্রতিপাদ্যকে সামনে রেখে ৮০তম অধিবেশনটি টেকসই উন্নয়নের জন্য ২০৩০ এজেন্ডা দ্রুত বাস্তবায়নের জন্য ডিজিটাল উদ্ভাবনকে কাজে লাগাতে এই অঞ্চলে সহযোগিতামূলক পদক্ষেপ জোরদার করার একটি সুযোগ তৈরি করবে। উল্লেখ্য এসকাপ  জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদের পাঁচটি আঞ্চলিক কমিশনের মধ্যে একটি। ১৯৪৭ সালে প্রতিষ্ঠিত কমিশনের সদস্য সংখ্যা ৫৩ এবং এর সদর দপ্তর থাইল্যান্ডের ব্যাংককে অবস্থিত।

**প্রশ্ন: ইউএনএসকাপ এর ৮০তম অধিবেশন কোথায় অনুষ্ঠিত হয়েছে?**

উত্তর: থাইল্যান্ডের ব্যাংককে।

✓ ৬০তম 'মিউনিখ নিরাপত্তা সম্মেলন-২০২৪' (১৬-১৮ ফেব্রুয়ারি); মিউনিখ, জার্মানি

তিন দিনব্যাপী (১৬-১৮ ফেব্রুয়ারি, ২০২৪) ৬০তম মিউনিখ নিরাপত্তা সম্মেলনে প্রধানমন্ত্রীর শেখ হাসিনা ৬টি দেশের রাষ্ট্রপ্রধানদের সাথে দ্বিপাক্ষিক বৈঠক করেন। ৬টি দেশের প্রধান- ১. জার্মান চ্যান্সেলর ওলাফ শলৎজ ২. নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রী মার্ক রুট ৩. ডেনমার্কের প্রধানমন্ত্রী মেটে ফ্রেডারিকসন ৪. ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি ৫. আজারবাইজানের প্রেসিডেন্ট ইলহাম আলীয়েভ ৬. কাতারের প্রধানমন্ত্রী মোহাম্মদ বিন আবদুল রহমান আল-থানি। সম্মেলনে বিভিন্ন দেশের সরকার ও রাষ্ট্রপ্রধানসহ ৯০০ জনের বেশি প্রতিনিধি অংশগ্রহণ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্মেলনে ৬টি প্রস্তাব উত্থাপন করেন। উল্লেখ্য, জার্মানির বাভারিয়ার মিউনিখে ১৯৬৩ সাল থেকে আন্তর্জাতিক নিরাপত্তা বিষয়ক এই সম্মেলন অনুষ্ঠিত হয়ে আসছে। 'সংলাপের মাধ্যমে শান্তি' (Peace Through Dialogue) হলো এই সম্মেলনের নেতিবাক্য।

# সম্মেলন

| সম্মেলনের নাম | তম | সময় | স্থান/আয়োজক দেশ |
|---|---|---|---|
| OIC শীর্ষ সম্মেলন | ১৫তম | ৪-৫ মে, ২০২৪ | বানজুল, গাম্বিয়া |
| WEF'র বিশেষ অধিবেশন | - | ২৮-২৯ এপ্রিল, ২০২৪ | রিয়াদ, সৌদি আরব |
| UNESCAP বৈঠক | ৮০তম | ২২-২৬ এপ্রিল, ২০২৪ | ব্যাংকক, থাইল্যান্ড |
| IMF ও বিশ্বব্যাংকের বসন্তকালীন বৈঠক | - | ১৭-১৯ এপ্রিল, ২০২৪ | ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র |
| বিশ্ব হেপাটাইটিস সম্মেলন (WHS) | - | ৯-১১ এপ্রিল, ২০২৪ | লিসবন, পর্তুগাল |
| BFA (Boao Forum for Asia)'র বার্ষিক সম্মেলন | - | ২৬-২৯ মার্চ, ২০২৪ | হাইনান প্রদেশ, চিন |
| ব্রিকস (BRICS) | ১৫তম | ২২-২৪ আগস্ট, ২০২৩ | দক্ষিণ আফ্রিকা |
| আসিয়ান (ASEAN) | ৪৩তম | ৪-৭ সেপ্টেম্বর, ২০২৩ | ইন্দোনেশিয়া |
| G-20 | ১৮তম | ৯-১০ সেপ্টেম্বর, ২০২৩ | নয়া দিল্লি, ভারত |
| SDG সম্মেলন | - | ১৮-১৯ সেপ্টেম্বর, ২০০২৩ | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র |
| IAEA | ৬৭তম | ২৫-২৯ সেপ্টেম্বর, ২০১৩ | ভিয়েনা, অস্ট্রিয়া |
| APEC | ৩০তম | ১৫-১৭ নভেম্বর, ২০২৩ | সান ফ্রান্সিসকো, যুক্তরাষ্ট্র |
| COP-28 | ২৮তম | ৩০ নভেম্বর-২২ ডিসেম্বর, ২০২৩ | সংযুক্ত আরব আমিরাত |
| বিশ্ব অর্থনৈতিক ফোরাম (WEF) | ৫৪তম | ১৫-১৯ জানুয়ারি, ২০২৪ | দাভোস, সুইজারল্যান্ড |

| | | | |
|---|---|---|---|
| NAM | ১৯তম | ১৫-২০ জানুয়ারি, ২০২৪ | কাম্পালা, উগান্ডা |
| মিউনিখ নিরাপত্তা সম্মেলন | ৬০তম | ১৬-১৮, ফেব্রুয়ারি ২০২৪ | মিউনিখ, জার্মানি |
| WHO 'র মন্ত্রিপর্যায়ের সম্মেলন | ১৩তম | ২৬-২৯ ফেব্রুয়ারি, ২০২৪ | আবুধাবি, সংযুক্ত আরব আমিরাত |
| কমনওয়েলথ শীর্ষ সম্মেলন | ২৭তম | ২০২৪ | সামোয়া |
| COP-29 | ২৯তম | ২০২৪ | বাকু, আজারবাইজান |
| G-20 | ১৯তম | ২০২৪ | রিও ডি জেনে রিও, ব্রাজিল |
| আসিয়ান (ASEAN) | ৪০তম | ২০২৪ | লাওস |
| COP-30 | ৩০তম | ২০২৫ | ব্রাজিল |

✓ UNESCAP এর পূর্ণরূপ- United Nations Economic and Social Commission for Asia and the Pacific.
✓ WEF এর পূর্ণরূপ- World Economic Forum.
✓ OIC এর পূর্ণরূপ- Organization of Islamic Cooperation.

## আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ

**• দারুস সালাম ইউনিভার্সিটির উপাচার্য**

২ এপ্রিল, ২০২৪ সোমালিয়ার রাজধানী মোগাদিসুতে অবস্থিত দারুস সালাম ইউনিভার্সিটির (DSU) উপাচার্য হিসেবে নিয়োগ পান অধ্যাপক ড. শেখ আসিফ এস মিজান। তিনি বরিশালের আগৈলঝাড়া উপজেলার রাংতা গ্রামের বাসিন্দা। তিনি দ্বিতীয় বাংলাদেশি হিসেবে বিদেশি কোনো বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হলেন। প্রথম বাংলাদেশি হিসেবে অধ্যাপক অমিত চাকমা কানাডার ইউনিভার্সিটি অব ওয়েস্টার্ন অন্টারিওর উপাচার্যের দায়িত্ব পালন করেন।

**• ইউনেস্কো-বঙ্গবন্ধু আন্তর্জাতিক পুরস্কার**

১১ ডিসেম্বর, ২০২০ ইউনেস্কো নির্বাহী পরিষদের শরৎকালীন ২১০তম অধিবেশনে সর্বসম্মতিক্রমে UNESCO-Bangladesh 'Bangabandhu Sheikh Mujibur Rahman' International Prize in the field of Creative Economy নামে একটি আন্তর্জাতিক পুরস্কার প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করে। এই প্রথম জাতিসংঘের কোনো অঙ্গসংস্থা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নামে একটি আন্তর্জাতিক পুরস্কার প্রবর্তন করল। শিক্ষা, বিজ্ঞান, সংস্কৃতি ও শান্তি বিষয়ে ইউনেস্কো এতদিন যাবৎ ২২ ধরনের পুরস্কার দিয়ে এসেছিল। এর সাথে যুক্ত হলো বঙ্গবন্ধুর নামে 'সৃজনশীল অর্থনীতি' বিষয়ক আন্তর্জাতিক পুরস্কার। সৃজনশীল অর্থনীতিতে উদ্যোগের জন্য তরুণদের উৎসাহিত করতে প্রতি দুই বছর অন্তর এ পুরস্কার প্রদান করা হবে, যার অর্থমূল্য ৫০,০০০ মার্কিন ডলার (৪২ লক্ষ্য ৫০ হাজার টাকা)। ১১ নভেম্বর, ২০২১ অনুষ্ঠিত ইউনেস্কোর ৪১তম সাধারণ সভায় প্রথমবারের মতো এ পুরস্কার দেওয়া হয়। প্রথম বিজয়ী: উগান্ডার MoTIV Creations Limited. ২০২৩ সালের জুনে দ্বিতীয়বার এ পুরস্কার লাভ করে জিম্বাবুয়ের Music Crossroads. সৃজনশীল অর্থনীতি ক্ষেত্রে 'ইউনেস্কো-বঙ্গবন্ধু' পুরস্কারই প্রথম আন্তর্জাতিক পুরস্কার।

• সংযুক্ত আরব আমিরাত পারস্য উপসাগরে 'Bangladesh City of Peace' (শান্তির শহর বাংলাদেশ) নামে একটি দ্বীপ নির্মাণ করছে। মূলত দুবাইয়ের শাসক শেখ মোহাম্মদ বিন রশিদ আল মাকতুমের পরিকল্পনা অনুযায়ী বিশ্ব মানচিত্রের আদলে 'দ্য ওয়ার্ল্ড আইল্যান্ডস' নামে একটি দ্বীপপুঞ্জ নির্মাণ শুরু করে দুবাই। এই দ্বীপপুঞ্জে নির্মাণ করা হচ্ছে ছোট ছোট কৃত্রিম দ্বীপ। দ্বীপগুলোর নামকরণ করা হয়েছে বিভিন্ন দেশ ও সেসব দেশের ল্যান্ডমার্ক বা অঞ্চলের নামানুসারে।

• জাতিসংঘের ৩টি সংস্থার বোর্ড সভাপতি বাংলাদেশ: জাতিসংঘে বাংলাদেশের বর্তমান স্থায়ী প্রতিনিধি মোহাম্মদ আব্দুল মুহিত ২০২৪ সালের জন্য জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP), জাতিসংঘ জনসংখ্যা তহবিল (UNFPA) এবং জাতিসংঘ প্রকল্প সেবাগুলোর কার্যালয়ের (UNOPS) নির্বাহী বোর্ডের সভাপতি নির্বাচিত হন (১০ জানুয়ারি, ২০২৪)।

• বঙ্গবন্ধু'র বায়োপিক: বাংলাদেশ ও ভারত সরকারের যৌথ প্রযোজনায় শেখ মুজিবুর রহমানকে নিয়ে নির্মিতব্য বায়োপিক চলচ্চিত্রের নাম 'মুজিব: একটি জাতির রূপকার'। এটি মহাকাব্যিক জীবনীসংক্রান্ত চলচ্চিত্র যেখানে বাংলাদেশের প্রতিষ্ঠাতা শেখ মুজিবুর রহমানের জীবনী নাট্যরূপে প্রদর্শিত হয়েছে। চলচ্চিত্রটি পরিচালনা করেছেন- শ্যাম বেনেগল। চলচ্চিত্রটিতে আরিফিন শুভ অভিনয় করেছেন বঙ্গবন্ধুর চরিত্রে। চলচ্চিত্রটি ১৩ অক্টোবর, ২০২৩ বাংলাদেশ এবং ২৭ অক্টোবর ভারতসহ বিশ্বব্যাপী মুক্তি পায়। ১৭৮ মিনিট দৈর্ঘ্য এই চলচ্চিত্রটিতে নির্মাণ ব্যয় হয় ৮৩ কোটি টাকা।

• বাংলাদেশের সাকিফ শামীম- সম্প্রতি ফোর্বস মোনাকো ম্যাগাজিনে 'পার্সন অব দ্য ইয়ার' নির্বাচিত হয়েছেন।

• ১৫ নভেম্বর, ২০২৩ ইউনেস্কো (UNESCO) -এর নির্বাহী বোর্ডের সদস্য নির্বাচিত হয়েছে- বাংলাদেশ (১৪৪ ভোট পেয়ে)।

• চিন কর্তৃক 'দ্য গ্রেট ওয়াল কমেমোরেটিভ মেডেল' -এ ভূষিত হন- স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।

• BBC -এর বিশ্বের ১০০ প্রভাবশালী ও অনুপ্রেরণাদায়ী নারীর তালিকায় স্থান পায়- বাংলাদেশের জান্নাতুল ফেরদাউস।

• যুক্তরাষ্ট্রের বিখ্যাত সাময়িকী ফোর্বসের সম্মানজনক অনূর্ধ্ব-৩০ তালিকায় স্থান পায়- বাংলাদেশের তরুণ সাকিব জামাল।

• ২০২৪ আন্তর্জাতিক নারী সাহসিকতা পুরস্কার (IWOC Award) পেয়েছে- ফাওজিয়া করিম ফিরোজ।

• ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশন (IMO) ৩৩তম অ্যাসেম্বলির সহ-সভাপতি নির্বাচিত হন- যুক্তরাজ্যের নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম।

• প্রথম বাংলাদেশি হিসেবে ২০২৩ সালে দ্য হেগ অ্যাওয়ার্ডে ভূষিত হন- অধ্যাপক ড. সৈয়দা সুলতানা রাজিয়া।

• গ্লোবাল সেন্টার অন অ্যাডাপ্টেশন পুরস্কার লাভ করে- বাংলাদেশের স্থানীয় সরকার বিভাগের বাস্তবায়িত স্থানীয় সরকার ইনিশিয়েটিভ অন ক্লাইমেট চেঞ্জ (লজিক) প্রকল্প।

• ২০২৩ সালে এশিয়া প্যাসিফিক অ্যাওয়ার্ড পেলেন- গীতেশ চন্দ্র দাস, গোপেন্দ্রনাথ চক্রবর্তী ও মমতাজ বেগম।

• বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) টিকাবিষয়ক কমিটিতে একমাত্র বাংলাদেশি- সেঁজুতি সাহা।

• ১৯ সেপ্টেম্বর, ২০২৩ বাংলাদেশ জাতিসংঘের যে স্থায়ী মিশনের সদস্যপদ লাভ করে- ডিজিটাল কো-অপারেশন অর্গানাইজেশন (DCO)।

• বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের (SEARO) পরিচালক নির্বাচিত হয়েছেন- সায়মা ওয়াজেদ পুতুল।

• দক্ষিণ এশিয় টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ সংস্থার (South Asian Telecommunication Regulators' Council – SATRC) চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন- শ্যাম সুন্দর শিকদার।

• ২৮ সেপ্টেম্বর, ২০২৩ আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থার (International Atomic Energy Agency – IAEA) বোর্ড অব গভর্নরস'-এর সদস্য নির্বাচিত হয়- বাংলাদেশ।

• টাইম ম্যাগাজিনের ওয়েবসাইটে AI -এর ক্ষেত্রে অবদানের জন্য বিশ্বসেরা ১০০ জনের তালিকায়- বাংলাদেশি বংশোদ্ভূত ড. রুম্মান চৌধুরী।

• এশীয় উন্নয়ন ব্যাংকের (Asian Development Bank – ADB) প্রথম বাংলাদেশি ভাইস প্রেসিডেন্ট হিসেবে নিয়োগ পান- ফাতিমা ইয়াসমিন।

• 'বাংলাদেশ-বঙ্গবন্ধু শেখ মুজিবু কক্ষ' স্থাপন করা হয়েছে- জাতিসংঘের Food and Agriculture Organization (FAO) -এর সদর দপ্তরে।

• বাংলাদেশ যে সংস্থার Sectoral Dialogue Partner হতে চায়- আসিয়ান।

• আন্তর্জাতিক ডায়বেটিস ফেডারেশন (International Diabetes Federation – IDF) এর প্রথম 'গ্লোবাল অ্যাম্বাসেডর' নিযুক্ত হলেন- বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

• ২০২৩ কমনওয়েলথ পুরস্কার লাভ করে- আরমান চৌধুরী।

• প্রথম বাংলাদেশি হিসেবে ইতালির 'ডাব্লিউওজেআর/সিভিটেলা রানিয়েরি (WOJR/Civitella Ranieri) স্থাপত্য পুরস্কার ২০২৫'-এ ভূষিত হন- স্থপতি রিজভী হাসান।
• এশিয়া'জ উইমেন লিডার সম্মাননা পেলেন- তাসনুভা আহমেদ টিনা।
• ২০২৩ গ্যালিলিও গ্যালিলেই পুরস্কারের জন্য মনোনীত হয়- মাহদী রহমান চৌধুরী।
• জাতিসংঘে বাংলাদেশের ফ্ল্যাগশিপ রেজুলেশন 'প্রাকৃতিক উদ্ভিদ তন্তু এবং টেকসই উন্নয়ন' সর্বসম্মতিক্রমে গৃহীত হয়- ২১ নভেম্বর, ২০২৩।
• সম্প্রতি দেশের বাইরে প্রথম স্থায়ী শহীদ মিনার নির্মিত হয়েছে যে শহরে- প্যারিস, ফ্রান্স।
• ১৬ মে, ২০২৩ বাংলাদেশের উত্থাপিত কমিউনিটিভিত্তিক স্বাস্থ্যসেবা বিষয়ক প্রস্তাব জাতিসংঘে গৃহীত হয়।
• জাতিসংঘ শান্তি মিশনে নারী পুলিশ প্রেরণে শীর্ষ দেশ- বাংলাদেশ [২০০০ বাংলাদেশ প্রথম নারী পুলিশ প্রেরণ করে- পূর্ব তিমুরে]
• বর্তমানে বিশ্বের ৬০টি দেশে বাংলাদেশের ৮১টি কূটনৈতিক মিশন চালু রয়েছে।
• ডিসেম্বর, ২০২২ পর্যন্ত বিশ্বের ৪৩টি দেশের ৫৫টি মিশনে বাংলাদেশের শান্তিরক্ষী সদস্য অংশগ্রহণ করেছে।
• আসিয়ানাপোলের পর্যবেক্ষকের মর্যাদা লাভ করে- বাংলাদেশ পুলিশ।
• জাতিসংঘে বাংলাদেশের বর্তমান স্থায়ী প্রতিনিধি- মোহাম্মদ আব্দুল মুহিত।
• ৯ জুন, ২০২২ জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেলের দায়িত্ব পায়- রাবাব ফাতেমা।
• প্রথম বাংলাদেশি নারী হিসেবে হিমালয়ের ৬,৩৩২ মিটার উঁচু ডোমলা খাং পর্বতচূড়া জয় করেন- পিরোজপুরের শায়লা পারভিন বীথি।
• প্রথম বাংলাদেশি হিসেবে 'গ্রেট হিমালয়ান ট্রেইল' -এর দুর্গম ১৭০০ কি.মি. পথ পাড়ি দেন- ইকরামুল হাসান শাকিল।
• প্রথম বাংলাদেশি হিসেবে বিশ্বের ২য় সর্বোচ্চ (৮,৫১১ মিটার উচ্চতা) পর্বতশৃঙ্গ K2'র চূড়া জয় করেন- ওয়াসফিয়া নাজরীন।
• বাংলাদেশের প্রথম পর্বতারোহী হিসেবে সাত মহাদেশের সাতটি (সেভেন সামিট) পর্বতশৃঙ্গ জয় করেন- ওয়াসফিয়া নাজরীন।
• যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের ব্রুকলিন পৌরসভায় একটি সড়কের নামকরণ করা হয়েছে- 'লিটল বাংলাদেশ'।
• ১৫ জুলাই, ২০২১ বাংলাদেশ International Vaccine Institute (IVI) এর ১৯তম সদস্যপদ লাভ করে। IVI সংস্থাটি ১৯৯৭ সালে UNDP উদ্যোগে প্রতিষ্ঠিত হয়। সংস্থাটির সদর দপ্তর- সিউল, দক্ষিণ কোরিয়া।
• জলবায়ু অভিযোজন কার্যক্রম জোরদারে ক্ষতিগ্রস্ত দেশগুলোকে সহায়তা প্রদানের লক্ষ্যে ১৬ অক্টোবর, ২০১৮ নেদারল্যান্ডের হেগে Global Center on Adaptation (GCA) -এর যাত্রা শুরু হয়। ৮ সেপ্টেম্বর, ২০২০ ঢাকায় স্থাপিত সিজিএ'র দক্ষিণ এশীয় (GCA South Asia) আঞ্চলিক কার্যালয়ের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। আঞ্চলিক কেন্দ্রটি ঢাকার আগারগাঁওয়ে পরিবেশ অধিদফতরের 'পরিবেশ ভবন' -এর ১২ তলায় অবস্থিত। GCA -এর সদর দফতর- হেগ, নেদারল্যান্ডস।

# বিজ্ঞান ও আইসিটি

**দেশের প্রথম মহাকাশ অবলোকন কেন্দ্র: ভাঙ্গা, ফরিদপুর**

বাংলাদেশ মহাকাশ গবেষণা কেন্দ্র ও দূর অনুধাবন প্রতিষ্ঠানের (স্পারসো) সহায়তায় ফরিদপুরের ভাঙ্গা উপজেলায় নির্মিত হচ্ছে দেশের প্রথম মহাকাশ অবলোকন কেন্দ্র 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহাকাশ অবলোকন কেন্দ্র'। ২১৩ কোটি ৩৯ লাখ টাকা ব্যয়ের এই প্রকল্পটি ১ জুন, ২০২১ সালে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় চূড়ান্ত অনুমোদনের পায়। উল্লেখ্য, ফরিদপুরের ভাঙ্গায় কর্কটক্রান্তিরেখা ও ৯০° পূর্ব দ্রাঘিমার সংযোগস্থল অবস্থিত।
• নিজস্ব সক্ষমতায় প্রথমবারের মতো যে দেশীয় প্রজাতির পূর্ণাঙ্গ জিনোম সিকোয়েন্স উন্মোচন করা হয়- মুন্সীগঞ্জ ক্যাটেল, ভেরা ও হাঁস।

**জলবায়ু ও দুর্যোগ & দিবস প্রতিপাদ্য**

• চট্টগ্রামের হাটহাজারীতে অবস্থিত 'বঙ্গবন্ধু মৎস্য হেরিটেজ রিসোর্স সেন্টার' দেশের প্রথম নদীভিত্তিক রিসোর্স সেন্টার।
• দেশের প্রথম 'ক্লাইমেট সেন্টার বা মহাকাশ গবেষণা কেন্দ্র (মানমন্দির) গাজীপুরের শ্রীপুরে অবস্থিত (১ অক্টোবর, ২০২২ সালে এর যাত্রা শুরু)।
• ২২ ডিসেম্বর ২০২০ সালে মুজিববর্ষ উপলক্ষে হালদা নদীকে 'বঙ্গবন্ধু মৎস্য হেরিটেজ' ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করা হয়।

• জলবায়ু পরিবর্তনের কারণে ২০৫০ সাল নাগাদ বাস্তুচ্যুত হতে পারে ১ কোটি ৩০ লক্ষ মানুষ। [সূত্র: ওয়ার্ল্ড ব্যাংক]
• মাত্রাতিরিক্ত আর্সেনিকে শীর্ষ ৫ জেলা- ১. গোপালগঞ্জ ২. চাঁদপুর ৩. কুমিল্লা ৪. সাতক্ষীরা ৫. লক্ষীপুর।
• আর্সেনিকে সর্বনিম্ন ৫ জেলা- ১. দিনাজপুর ২. ময়মনসিংহ ৩. নওগাঁ ৪. নাটোর ৫. রংপুর।
• ৪ জানুয়ারি, ২০২২ সালে সেন্টমার্টিন ও এর আশেপাশের ৭০ মিটার গভীর সমুদ্রের ১,৭৪৩ বর্গ কি.মি. এলাকাকে 'Marine Protected Area' (MPA) ঘোষণা করা হয়। বর্তমানে এটি দেশের সর্ববৃহৎ এবং দ্বিতীয় মেরিন প্রটেক্টেড এরিয়া। প্রথমটি- সোয়াচ অব নো গ্রাউন্ড, বঙ্গোপসাগর।
• ২১ জুলাই ২০২২ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা পঞ্চগড় ও মাগুরা জেলাকে দেশের প্রথম ভূমিহীন ও গৃহহীনমুক্ত জেলা ঘোষণা করেন।
• দেশের সব জলাভূমি রক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনার জন্য পৃথক জলাভূমি মন্ত্রণালয় গঠন করার নির্দেশ দিয়েছে হাইকোর্ট।
• পরিবেশবান্ধব অবকাঠামো হিসেবে CDKN (Climate and Development Knowledge Network) -এর স্বীকৃতি পেল বাংলাদেশের তিনটি প্রকল্প- ১. হাতিরঝিল (ঢাকা), ২. কারুপল্লী (রংপুর) ও ৩. রোহিঙ্গা আশ্রয়শিবিরের মাধুরছড়া (কক্সবাজার)।

**ঘূর্ণিঝড় সমাচার**

• বর্তমানে ঘূর্ণিঝড়ের নামকরণ করে আবহাওয়া সংস্থার (WMO) ৫টি আঞ্চলিক কমিটি।
• সিত্রাং: ২৫ অক্টোবর, ২০২২ ঘূর্ণিঝড় 'সিত্রাং' বাংলাদেশে আঘাত হানে। নামকরণ করে- থাইল্যান্ড; ভিয়েতনামিজ ভাষায় 'সিত্রাং' অর্থ- পাতা।
• মোখা: ১৪ মে, ২০২৩ ঘূর্ণিঝড় মোখা বাংলাদেশ ও মিয়ানমারে আঘাত হানে। নামকরণ করে- ইয়েমেন। মোখা ইয়েমেনের একটি বন্দর শহর।
• হামুন: অক্টোবর, ২০২৩ বঙ্গোপসাগরের সৃষ্টি হয়। নামকরণ করে- ইরান। 'হামুন' অর্থ- সমতল ভূমি বা পৃথিবী।
• মিধিলি: ১৭ নভেম্বর, ২০২৩ বাংলাদেশে আঘাত হানে। মিধিলি নামটির নামকরণ করেন মালদ্বীপ। 'মিধিলি' অর্থ- ফলপ্রসূ বিষয়।
• মিগজাউম: ৫ ডিসেম্বর, ২০২৩ দক্ষিণ ভারতে আঘাত হানে। নামকরণ করে- মিয়ানমার। 'মিগজাউম' অর্থ- শক্তি বা প্রতিরোধ।

# দিবস প্রতিপাদ্য

**জাতীয় দিবস**

৩ এপ্রিল: জাতীয় চলচ্চিত্র দিবস। প্রতিপাদ্য- আমাদের চলচ্চিত্র আমাদের অহংকার, প্রেক্ষাগৃহে দেখব ছবি এই হোক অঙ্গীকার।
৬ এপ্রিল: জাতীয় ক্রীড়া দিবস। প্রতিপাদ্য- ক্রীড়াঙ্গনের উন্নয়ন, শেখ হাসিনার দর্শন।
৮ এপ্রিল: বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন প্রতিষ্ঠা দিবস।
: বাংলাদেশ স্কাউটস দিবস। প্রতিপাদ্য- স্মার্ট স্কাউটিং স্মার্ট সিটিজেন।
১৭ এপ্রিল: মুজিবনগর দিবস।
২৮ এপ্রিল : জাতীয় আইনগত সহায়তা দিবস।
: জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেফটি দিবস।

**আন্তর্জাতিক দিবস**

২ এপ্রিল: বিশ্ব অটিজম সচেতনতা দিবস। প্রতিপাদ্য- সচেতনতা-স্বীকৃতি-মূল্যায়ন: শুধু বেঁচে থাকা থেকে সমৃদ্ধির পথে যাত্রা।
: আন্তর্জাতিক শিশু গ্রন্থ দিবস।
৪ এপ্রিল: আন্তর্জাতিক খনি সচেতনতা ও সহায়তা দিবস।
৫ এপ্রিল: আন্তর্জাতিক বিবেক দিবস।
৬ এপ্রিল: উন্নয়ন ও শান্তির জন্য আন্তর্জাতিক ক্রীড়া দিবস।
৭ এপ্রিল: রুয়ান্ডা গণহত্যার স্মরণ দিবস।
: বিশ্ব স্বাস্থ্য দিবস। প্রতিপাদ্য- স্বাস্থ্য অধিকার নিশ্চিতে: কাজ করি একসাথে।

১০ এপ্রিল: বিশ্ব হোমিওপ্যাথিক দিবস।

১১ এপ্রিল: পোষা প্রাণী দিবস।

১২ এপ্রিল: মহাকাশে মানুষ যাত্রার আন্তর্জাতিক দিবস।

১৪ এপ্রিল: বিশ্ব চাগাস রোগ দিবস।

১৬ এপ্রিল: বিশ্ব কণ্ঠ দিবস।

১৭ এপ্রিল: বিশ্ব হিমোফিলিয়া দিবস। প্রতিপাদ্য- সকল রোগীর চিকিৎসা নিশ্চিতকরণ।

১৮ এপ্রিল: বিশ্ব ঐতিহ্য দিবস। প্রতিপাদ্য- Discover and experience diversity.

২১ এপ্রিল: বিশ্ব সৃজনশীলতা ও উদ্ভাবন দিবস।

২২ এপ্রিল: বিশ্ব ধরিত্রী দিবস। প্রতিপাদ্য- পৃথিবী বনাম প্লাস্টিক।

২৩ এপ্রিল: বিশ্ব গ্রন্থ ও গ্রন্থস্বত্ব দিবস।

: স্প্যানিশ ভাষা দিবস।

: বিশ্ব টেবিল টেনিস দিবস।

২৪ এপ্রিল: আন্তর্জাতিক শব্দ সচেতনতা দিবস (এপ্রিল মাসের শেষ বুধবার)। প্রতিপাদ্য- স্মার্ট বাংলাদেশ, সুস্থ পরিবেশ।

২৫ এপ্রিল: International Girls in ICT Day (এপ্রিল মাসের চতুর্থ বৃহস্পতিবার)।

: বিশ্ব ম্যালেরিয়া দিবস। প্রতিপাদ্য- আরও ন্যায়সঙ্গত বিশ্বের জন্য ম্যালেরিয়ার বিরুদ্ধে লড়াই ত্বরান্বিত করা।

২৬ এপ্রিল: বিশ্ব মেধাসম্পদ দিবস।

২৭ এপ্রিল: বিশ্ব নকশা দিবস।

২৮ এপ্রিল: নিরাপদ ও স্বাস্থ্যকর কর্মক্ষেত্রের জন্য বিশ্ব দিবস।

২৯ এপ্রিল: আন্তর্জাতিক নৃত্য দিবস।

৩০ এপ্রিল: International Jazz Day.

**সপ্তাহ**

✓ ২৪-৩০ এপ্রিল: বিশ্ব টিকাদান সপ্তাহ।

**আন্তর্জাতিক মাতৃভাষা দিবস বিল পাস:**

৩০ মার্চ, ২০২৩ সালে কানাডার আইনসভার নিম্নকক্ষ হাউস অব কমন্সে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস বিল পাস হয়। বাংলাদেশ ব্যতীত কানাডা-ই বিশ্বের ১ম দেশ; যারা মহান ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে সরকারিভাবে স্বীকৃতি দেয়।

## লোকান্তর/ হারানো মুখ

✓ শিব নারায়ণ দাস (১৬ ডিসেম্বর, ১৯৪৬ – ১৯ এপ্রিল, ২০২৪): বাংলাদেশের প্রথম জাতীয় পতাকার অন্যতম এবং মূল নকশাকার। ১৯৭০ সালের ৬ জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইকবাল হলের (বর্তমান শহীদ সার্জেন্ট জহুরুল হক হল) ১১৬ নং কক্ষে রাত এগারটার পর পুরো পতাকার নকশা সম্পন্ন করেন। এ পতাকাই পরবর্তীতে ১৯৭১-এর ২ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় উত্তোলিত হয়।

✓ ও. জে. সিম্পসন (৯ জুলাই, ১৯৪৭ – ১০ এপ্রিল, ২০২৪): ওরেনথাল জেমস সিম্পসন ছিলেন একজন আমেরিকান ফুটবল খেলোয়াড় এবং অভিনেতা। তিনি বাফেলো বিল এবং সান ফ্রান্সিসকো ৪৯-এর প্রতিনিধিত্ব করেন। দক্ষিণ ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ে ১৯৬৮ সালে, সেরা কলেজ ফুটবল খেলোয়াড়ের সম্মান হিজম্যান ট্রফি পান তিনি।

✓ এ. টি. আরিয়ারত্নে (৫ নভেম্বর, ১৯৩১ – ১৬ এপ্রিল, ২০২৪): শ্রীলঙ্কাভিমান্য অহঙ্গামাগে টুডর আরিয়ারত্নে ছিলেন শ্রীলঙ্কার সর্বোদয় শ্রমদান আন্দোলনের প্রতিষ্ঠাতা এবং সভাপতি। ১০ সেপ্টেম্বর ২০১৫ এ তিনি সাংবিধানিক পরিষদে একজন নাগরিক প্রতিনিধি হিসাবে মনোনীত হন। তিনি ১৯৯১ সালে জামনালাল বাজাজ পুরস্কার লাভ করেন।

✓ মুহাম্মেদ ফারিস (২৬ মে, ১৯৫১ – ১৯ এপ্রিল, ২০২৪): একজন সিরিয়ান সামরিক বিমানচালক এবং নভোচারী ছিলেন। তিনি ছিলেন মহাকাশে প্রথম সিরিয়ান এবং দ্বিতীয় আরব।

✓ গেডিমিনাস কিরকিলাস (৩০ আগস্ট, ১৯৫১ – ২০ এপ্রিল, ২০২৪): তিনি একজন লিথুয়ানিয়ান রাজনীতিবিদ ছিলেন যিনি ২০০৬ থেকে ২০০৮ সাল পর্যন্ত লিথুয়ানিয়ার প্রধানমন্ত্রী ছিলেন।

✓ রোডাদ খান (২৮ সেপ্টেম্বর, ১৯২৩ – ২১ এপ্রিল, ২০২৪): তিনি ছিলেন একজন পাকিস্তানি রাজনীতিবিদ। তিনি স্নায়ুযুদ্ধের শুরু থেকে শেষ পর্যন্ত পাকিস্তানের একজন নেতৃস্থানীয় ব্যক্তিত্ব ছিলেন। তার দীর্ঘ কর্মজীবনে, খান পাকিস্তানের সবচেয়ে সিনিয়র বেসামরিক কর্মচারীদের একজন ছিলেন।

✓ হুয়ান ভিসেন্তে পেরেজ (২৭ মে, ১৯০৯ – ২ এপ্রিল, ২০২৪): তিনি একজন ভেনেজুয়েলার সুপারসেন্টেনারিয়ান ছিলেন, যিনি ১১৪ বছর, ৩১১ দিন বয়সে মৃত্যুর আগ পর্যন্ত, ১৮ জানুয়ারী ২০২২ তারিখে স্পেনের স্যাটার্নিনো দে লা ফুয়েন্তে গার্সিয়ার মৃত্যুর পর বিশ্বের সবচেয়ে বয়স্ক যাচাইকৃত জীবিত মানুষ ছিলেন।

✓ রো জয়-বং (৮ ফেব্রুয়ারী, ১৯৩৬ – ২৩ এপ্রিল, ২০২৪): তিনি একজন দক্ষিণ কোরিয়ার রাজনীতিবিদ ছিলেন। তিনি ডিসেম্বর ১৯৯০ থেকে মে ১৯৯১ পর্যন্ত দক্ষিণ কোরিয়ার ২০ তম প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন।

✓ অলিউল হক রুমি (২৪ অক্টোবর ১৯৬৪ – ২২ এপ্রিল, ২০২৪): তিনি একজন বাংলাদেশী মঞ্চ ও টেলিভিশন অভিনেতা। তিনি তিন দশকেরও বেশি সময় অভিনয় জগতে কাজ করেছেন। তিনি বেশ কয়েকটি চলচ্চিত্রেও অভিনয় করেছেন।

✓ জোসিপ ম্যানোলিক (২২ মার্চ, ১৯২০ – ১৫ এপ্রিল, ২০২৪): যুগোস্লাভিয়ায় দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় তিনি একজন ক্রোয়েশিয়ান রাজনীতিবিদ এবং কমিউনিস্ট বিপ্লবী ছিলেন। তিনি যুগোস্লাভ স্টেট সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন (OZNA বা UDBA) এর একজন উচ্চ পদস্থ কর্মকর্তা এবং পরে ক্রোয়েশিয়ার প্রধানমন্ত্রী হিসেবে ২৪ আগস্ট ১৯৯০ থেকে ১৭ জুলাই ১৯৯১ পর্যন্ত দায়িত্ব পালন করেন।

• আলেক্সিস নাভালনি (৪ জুন ১৯৭৬ – ১৬ ফেব্রুয়ারী ২০২৪): তিনি ছিলেন রুশ বিরোধী সমন্বয় পরিষদের সদস্য, রাশিয়া অফ দ্য ফিউচার (Russia of the Future) পার্টির নেতা এবং রাশিয়ার প্রেসিডেন্ট পুতিনের কট্টোর সমালোচক ও বিরোধী দলের নেতা। ১৬ ফেব্রুয়ারী ২০২৪ রাশিয়ার উত্তরে সাইবেরিয়ার এক দুর্গম কারাগার 'আইকে ৩' বা 'পোলার উলফে' তার রহস্যজনক মৃত্যু হয়।

# প্রেজেন্ট বাংলাদেশ

**বাংলাদেশের নবীনতম নদী (যমুনা নদী)**

১৭৮৭ সালে ভূমিকম্পের কারণে ব্রহ্মপুত্র নদের গতিপথ পরিবর্তন হয়ে রাজশাহী ও ঢাকা অঞ্চলকে বিভক্ত করে সৃষ্টি হয় বাংলাদেশের নবীনতম নদী যমুনা। যমুনা রাজবাড়ীর গোয়ালন্দের কাছে পদ্মা নদীর সাথে মিলিত হয়েছে। যমুনা নদীর পূর্ব নাম- জোনাই। উৎপত্তিস্থল হতে এর দৈর্ঘ্য ২৪০ কি.মি.। যমুনা নদীর সর্বাধিক প্রস্থ- ১২০০০ মিটার (আরিচা, মানিকগঞ্জ)। যমুনা নদীর প্রধান উপনদী- বড়াল, বাঙালি, করতোয়া, আত্রাই, যমুনেশ্বরী, ঘাঘট, দুধকুমার। করতোয়া যমুনার দীর্ঘতম এবং বৃহত্তম উপনদী। বাঙালি ও যমুনা নদী মিলিত হয়েছে বগুড়ায়।

**গার্ড অব অনার**

১৭ এপ্রিল, ১৯৭১ সালে মুজিবনগর সরকারকে অর্থাৎ বাংলাদেশের প্রথম সরকারকে 'গার্ড অব অনার' নেতৃত্ব দেন তৎকালীন মাগুরা মহকুমার পুলিশ কর্মকর্তা (এসডিপিও) মাহাবুব উদ্দিন আহমেদ। প্রথমে ১২ জন আনসার সদস্যের মধ্যে কমান্ডে ছিলেন আনসার ইয়াদ আলী। কিন্তু ইয়াদ আলীকে লাইনে পাঠিয়ে কমান্ড বা নেতৃত্ব দেন তৎকালীন মাগুরা মহকুমার পুলিশ কর্মকর্তা (এসডিপিও) 'মাহাবুব উদ্দিন আহমেদ'। তার নেতৃত্বে ১২ জন আনসার সদস্য গার্ড অব অনার প্রদান ও সশস্ত্র সালাম দেয়। ১২ জন আনসার সদস্য হলেন— ইয়াদ আলী, হামিদুল হক, ফকির মোহাম্মদ, নজরুল ইসলাম, মফিজ উদ্দিন, অস্থির মল্লিক, মহিম শেখ, কিসমত আলী, সাহেব আলী, লিয়াকত আলী, সিরাজ উদ্দিন ও আজিমুদ্দিন।

**স্মার্ট বাংলাদেশ**

ডিজিটাল বাংলাদেশ ভিশন-২০২১ বাস্তবায়নের পর এবার নতুন মিশন বা লক্ষ্য 'স্মার্ট বাংলাদেশ', এটি হলো প্রধানমন্ত্রী শেখ হাসিনার একটি প্রতিশ্রুতি ও শ্লোগান যা ২০৪১ সালের মধ্যে দেশকে ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশে রূপান্তরের পরিকল্পনা। 'স্মার্ট বাংলাদেশ' গড়ার লক্ষ্যে ৩০ সদস্য বিশিষ্ট "স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স' গঠন করেছে। এ টাস্কফোর্সের চেয়ারপারসন হলেন প্রধানমন্ত্রী, বাকি ২৯ জন সদস্য। ২০৩১ সালের মধ্যে এসডিজি লক্ষ্যমাত্রা অর্জন ও উচ্চ-মধ্যবিত্ত আয় নিশ্চিতকরণ এবং ২০৪১ সাল নাগাদ সাশ্রয়ী, টেকসই, জ্ঞানভিত্তিক, বুদ্ধিদীপ্ত, উদ্ভাবনী, উচ্চ অর্থনীতির উন্নত, সমৃদ্ধ দেশে রূপান্তরের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এককথায় সব কাজই হবে স্মার্ট। যেমন- স্মার্ট শহর ও স্মার্ট গ্রাম বাস্তবায়নের জন্য স্মার্ট স্বাস্থ্যসেবা, স্মার্ট পরিবহন, স্মার্ট ইউটিলিটিজ, নগর প্রশাসন, জননিরাপত্তা, কৃষি, ইন্টারনেট সংযোগ ও দুর্যোগ ব্যবস্থাপনা নিশ্চিত করা। অনলাইনে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করতে এক শিক্ষার্থী, এক ল্যাপটপ, এক স্বপ্নের উদ্যোগ নেয়ার কথা বলা হয়েছে। এর আওতায় সব ডিজিটাল সেবা কেন্দ্রীয়ভাবে সমন্বিত ক্লাউডের আওতায় নিয়ে আসা হবে। এর ফলে মাথাপিছু আয় বেড়ে দাঁড়াবে ১২ হাজার ৫০০ ডলারে। স্মার্ট বাংলাদেশ গড়ার ৪টি ভিত্তির (১. স্মার্ট নাগরিক ২. স্মার্ট অর্থনীতি ৩. স্মার্ট সরকার ৪. স্মার্ট সমাজ) আওতায় প্রতিটি খাত হবে স্মার্ট। ভিশন-২০৪১ বাস্তবায়নে বাংলাদেশে স্মার্ট শহর ও স্মার্ট গ্রাম বিনির্মাণের সহযোগিতা করছে 'A2i' প্রোগ্রাম। ১৮ জানুয়ারি, ২০২৩ প্রায় ১২০০ মার্চেন্ট নিয়ে স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে শুরু হয় ক্যাশলেস বা নগদবিহীন বাংলাদেশ উদ্যোগের যাত্রা। স্মার্ট বাংলাদেশের জন্য ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে ১০০ কোটি টাকা বিশেষ বরাদ্দ রাখা হয়। দেশের ১ম স্মার্ট উপজেলা- শিবচর, মাদারীপুর (উদ্বোধন: ৩১ জানুয়ারি, ২০২৩)। স্মার্ট বাংলাদেশ দিবস- ১২ ডিসেম্বর। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রবর্তিত 'স্মার্ট বাংলাদেশ পুরস্কার-২০২৩' এ ভূষিত হয়- 'বাংলাদেশ পুলিশ'।

**রূপকল্প-২০৪১/ ২য় প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১)**

জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) ২৫ ফেব্রুয়ারি, ২০২০ দেশের ২য় প্রেক্ষিত পরিকল্পনা অনুমোদন এবং ১০ সেপ্টেম্বর, ২০২০ তা আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়। ২০৪১ সাল পর্যন্ত মোট ৪টি পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন করা হবে (প্রথমটি অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা)। এছাড়াও এতে ১৫টি চ্যালেঞ্জ অন্তর্ভুক্ত করা হয়েছে। এ প্রেক্ষিত পরিকল্পনাটি ৫টি প্রাতিষ্ঠানিক স্তম্ভের উপর নির্ভরশীল। যেমন- ১. সুশাসন, ২. গণতন্ত্রায়ণ, ৩. বিকেন্দ্রীকরণ এবং ৪. সক্ষমতা বৃদ্ধি। রূপকল্পের প্রধান অভিষ্ট হলো ২০৩১ সালের মধ্যে চরম দারিদ্র্যের অবসান ও উচ্চ-মধ্য আয়ের দেশের মর্যাদায় উত্তরণ এবং ২০৪১ সালের মধ্যে উচ্চ-আয় দেশের মর্যাদায় আসীন হওয়া। প্রেক্ষিত পরিকল্পনা ২০৪১ এর ভিত্তিমূলে রয়েছে দুটি প্রধান অভিষ্ট-

অভিষ্ট-১: ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ হবে একটি উন্নত দেশ; মাথাপিছু আয় হবে ১২,৫০০ মার্কিন ডলারের বেশি।

অভিষ্ট-২: দারিদ্র্য নির্মূলের পাশাপাশি পরিবেশের সুরক্ষা, উদ্ভাবনী জ্ঞান, অর্থনীতি বিকাশ ও উৎপাদিকা শক্তি বৃদ্ধি প্রভৃতি।

বইয়ের তথ্যগত আপডেট জানতে যুক্ত থাকুন Mississippi Publications ফেসবুক গ্রুপ ও পেইজে

### সর্বজনীন পেনশন

দেশের জনগণের গড় আয়ু বৃদ্ধির কারণে ক্রমবর্ধমান বয়স্ক জনগোষ্ঠীকে টেকসই ও সুসংগঠিত সমাজিক নিরাপত্তা বলয়ের আওতাভুক্ত করার লক্ষ্যে এবং ভবিষ্যতে কর্মক্ষম জনসংখ্যা হ্রাসের কারণে নির্ভশীলতার হার বৃদ্ধি পাবে বিবেচনায় নিয়ে (২৪ জানুয়ারি, ২০২৩) জাতীয় সংসদ কর্তৃক 'সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩' পাস হয়। প্রথমবার জাতীয় পেনশন কর্তৃপক্ষ ১২ ফেব্রুয়ারি, ২০২৩ সালে প্রতিষ্ঠা করা হয়। দ্বিতীয়বার ২ এপ্রিল, ২০২৩ সালে নতুন করে জাতীয় পেনশন কর্তৃপক্ষ (National Pension Authority-NPA) প্রতিষ্ঠা করা হয়। ১ জন নির্বাহী চেয়ারম্যান এবং ৪ জন সদস্যের সমন্বয়ে NPA ৩ বছরের জন্য গঠিত হয়। জাতীয় পেনশন কর্তৃপক্ষ অর্থ মন্ত্রণালয়ের অধীন এবং একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান; এর নির্বাহী চেয়ারম্যান- কবিরুল ইজদানী খান। জাতীয় পরিচয়পত্রকে ভিত্তি ধরে অন্তর্ভুক্তির বয়স ১৮-৫০ বছর। ৪টি আলাদা স্কিম নিয়ে সর্বজনীন পেনশন ব্যবস্থার যাত্রা শুরু হয়। স্কিম চারটি হল- প্রবাস, প্রগতি, সুরক্ষা ও সমতা। কমপক্ষে ১০ বছর নির্ধারিত চাঁদা দিলে নাগরিকেরা পেনশন পাওয়ার যোগ্য হবেন; পেনশন পাবেন ৬০ থেকে ৮০ বছর পর্যন্ত। ২০৩০ সাল থেকে সবার জন্য এ ব্যবস্থা বাধ্যতামূলক করা হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৭ আগস্ট, ২০২৩ সালে সর্বজনীন পেনশন ব্যবস্থার উদ্বোধন করেন।

### আমার গ্রাম, আমার শহর

বাংলাদেশের গ্রামীণ জনপদের ব্যাপক রুপান্তর এবং ২০৪১ সাল নাগাদ পল্লীবাসীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে ১৮ জুলাই, ২০২৩ সালে একনেক সভায় 'আমার গ্রাম, আমার শহর: পাইলট গ্রাম উন্নয়ন' নামে প্রকল্পটি পাস হয়। এ প্রকল্পটি ২০২৩ সালের জুলাই মাসে শুরু হয় ২০২৬ সালের জুন মাসের শেষ হবে। এজন্য নির্বাচিত ১৫টি গ্রামে পাইপের মাধ্যমে সুপেয় পানি সরবরাহ, আবাসন সুবিধা ও কমিউনিটি স্পেস-সহ শহরের সব নাগরিক সুবিধা নিশ্চিত করা হবে। এর মধ্যে দিয়েই শুরু হতে চলেছে সরকারের ফ্ল্যাগশিপ উদ্যোগ 'আমার গ্রাম, আমার শহর'।

**পাইলট প্রকল্প:** প্রকল্প প্রস্তাব অনুসারে, ১৫টি গ্রামের জন্য মোট ৬১৬ ইউনিটের আবাসন ব্যবস্থা থাকবে। একইসঙ্গে গ্রাম প্রতিরক্ষা বাঁধ নির্মাণ, খাল খনন, পুকুর খননের কাজ থাকবে এই উন্নয়ন পরিকল্পনায়। প্রকল্পের আওতায় পাইলট গ্রামে সড়ক উন্নয়নের পাশাপাশি ব্রিজ ও কালভার্ট নির্মাণ করা হবে। অর্থনৈতিক কর্মকান্ড আরো গতিশীল করতে পাইলট গ্রামে মোট ২৩টি গ্রামীণ হাটবাজার, গ্রোথ সেন্টার এবং কৃষি পণ্য কলেকশন সেন্টার নির্মাণ করা হবে। বিশুদ্ধ পানির জন্য পাইপে পানি সরবরাহ, মিনি পাইপড পানি সরবরাহ এবং সাবমারসিবল-টিউবওয়েল স্থাপন করা হবে। এছাড়া রিং ওয়েল স্থাপন, বৃষ্টির পানি সংরক্ষণের ব্যবস্থা, পানি পরিশোধন প্ল্যান্ট স্থাপন, পুকুর খনন করা হবে। পয়ঃনিস্কাশন ব্যবস্থাপর উন্নয়নে টুইন পিট ল্যাট্রিন স্থাপন এবং সিঙ্গেল পিট ল্যাট্রিনকে টুইন পিটে রূপান্তর করা হবে। প্রতিটি পাইলট গ্রাম ও তার বাণিজ্যিক এলাকায় গড়ে তোলা হবে বর্জ্য ব্যবস্থাপনা প্ল্যান্ট। এই পরিকল্পনায় আরো অন্তর্ভুক্ত রয়েছে- বহুমুখী ক্রীড়া ও সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন, খেলার মাঠ উন্নয়ন, জলধার ও নদীর পাড়ে রাস্তা-কেন্দ্রিক সবুজ প্রাঙ্গণ তৈরি, ঈদগাহ, শ্মশানঘাট, কবরস্থান উন্নয়ন। পরিচ্ছন্ন জ্বালানির জন্য ৫৩ হাজার 'বন্ধু চুলা' সরবরাহ করা হবে গ্রামবাসীকে। থাকবে বায়োগ্যাস প্ল্যান্ট এবং সড়ক বাতি। এছাড়াও পাইলট গ্রামগুলো যেসব উপজেলায় পড়েছে, সেসব উপজেলার জন্য মহাপরিকল্পনা প্রণয়ন করা হবে।

**যেসব গ্রামে হবে পাইলট প্রকল্প:** পরীক্ষমূলকভাবে পাইলট প্রকল্প বাস্তবায়নের জন্য দেশের ৮টি বিভাগের ৮টি উপজেলার ৮টি গ্রামকে চিহ্নিত করা করা হয়েছে। এছাড়া হাওর, চর, পার্বত্য জেলা, উপকূল, বরেন্দ্র, বিল এবং অর্থনৈতিক অঞ্চল-সংলগ্ন অন্য ৭টি গ্রামকে বাছাই করা হয়েছে।

এই গ্রামগুলো হলো – গোপালগঞ্জের বিলচান্দা, নরসিংদীর হফিজপুর, নেত্রকোণার ডেমুরা, কুমিল্লার শেকচাইল, চট্টগ্রামের চরশরত, রাঙ্গামাটির ছোট হরিণা, সিলেটের বাগাইয়া, সুনামগঞ্জের শিমুলবাঁক, নওগাঁর খোরদো চম্পা, রাজশাহীর সোনডাঙ্গা, কুড়িগ্রামের পাথরডুবি, গাইবান্ধার ফুলছড়ি, সাতক্ষীরার দাতিনাখালী, খুলনার টিপনা এবং বরিশালের ইন্দুরিয়া।

### বিশেষ উন্নয়ন তহবিল

বাংলাদেশ ব্যাংকে গচ্ছিত বৈদেশিক মুদ্রার রিজার্ভের অর্থ দিয়ে দেশের অবকাঠামো উন্নয়নের জন্য 'বাংলাদেশ অবকাঠামো উন্নয়ন তহবিল' (Bangladesh Infrastructure Development Fund – BIDF) নামক একটি বিশেষ তহবিল গঠন করা হয়। ১৫ মার্চ, ২০২১ প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ তহবিলের উদ্বোধন করেন। এ তহবিল থেকে প্রথম অর্থায়ন করা হয় 'পায়রা বন্দর কর্তৃপক্ষ'কে।

### বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের যুগে বাংলাদেশ

কক্সবাজারের উখিয়ার কুতুপালংয়ে বিশ্বের তৃতীয় ও বাংলাদেশের প্রথম 'অমনি প্রসেসর' প্লান্টটি ১১ নভেম্বর, ২০২৩ উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। 'অমনি প্রসেসর' হচ্ছে, যে প্রক্রিয়ায় বর্জ্য থেকে বিদ্যুৎ, ডিস্ট্রিল্ড (Distilled) ওয়াটার এবং অ্যাস উৎপাদন করা হয়। সেনেগাল, ভারতের পর তৃতীয় দেশ হিসেবে বাংলাদেশে এই প্রকল্পটি পরীক্ষামূলকভাবে চালু করে।

### শতভাগ বিদ্যুতায়িত বাংলাদেশ

২১ মার্চ,২০২২ বাপবিবো'র আওতাধীন ৪৬২টি উপজেলাসহ সারা দেশ শতভাগ বিদ্যুতের আওতায় আসে। দক্ষিণ এশিয়ার প্রথম দেশে হিসেবে বাংলাদেশ এ মাইলফলক অতিক্রম করে। দেশের ৫২ শতাংশ বিদ্যুৎকেন্দ্র গ্যাসের ওপর নির্ভরশীল। মোট গ্যাসের ব্যবহারের ৭০% বিদ্যুৎ উৎপাদনের কাজে ব্যবহৃত হয়। বাংলাদেশ এলএনজি আমদানি করে কাতার থেকে। সর্বশেষ পটুয়াখালীর 'রাঙ্গাবালী' উপজেলা বিদ্যুতের আওতায় আসে। সাবমেরিন ক্যাবলের মাধ্যমে প্রথম বিদ্যুৎ সংযোগ দেওয়া হয় চট্টগ্রামের 'সন্দীপ' উপজেলায়। দেশে বিদ্যুৎকেন্দ্রের সংখ্যা- প্রায় ১৫৩টি।

### পায়রা তাপ বিদ্যুৎ প্রকল্প

পটুয়াখালীর কলাপাড়া উপজেলার ধানখালী গ্রামে নির্মিত দেশের সবচেয়ে বড় এবং সর্বাধুনিক আলট্রা সুপার ক্রিটিক্যাল প্রযুক্তির বিদ্যুৎ প্রকল্প 'পায়রা তাপ বিদ্যুৎকেন্দ্র'টি ২১ মার্চ, ২০২২ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। পরিবেশ রক্ষায় যে বিশেষ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কয়লাভিত্তিক প্রকল্পের ক্ষয়-ক্ষতি কমিয়ে আনা হয়, তাকে আলট্রা সুপার ক্রিটিক্যাল প্রযুক্তি বলা হয়। এ ধরনের প্রযুক্তি ব্যবহারকারীর দেশের তালিকায় বাংলাদেশ ১৩তম। এশিয়ায় ভারত, চিন, তাইওয়ান, জাপান ও মালয়েশিয়ায় আলট্রা সুপার ক্রিটিক্যাল প্রযুক্তির বিদ্যুৎ কেন্দ্র রয়েছে। আমদানি করা কয়লা দিয়ে এটিই দেশের প্রথম কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র। বিদ্যুৎ কেন্দ্রটি চিনের চায়না মেশিনারিজ কোম্পানি এবং বাংলাদেশের নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের যৌথ উদ্যোগে নির্মিত। ৬৬০ মেগাওয়াট করে দুই ইউনিট মিলে বিদ্যুৎকেন্দ্রের মোট উৎপাদন ক্ষমতা ১,৩২০ মেগাওয়াট।

### রামপাল বিদ্যুৎ প্রকল্প

রামপাল বিদ্যুৎ প্রকল্পটি বাগেরহাটের রামপাল উপজেলার সুন্দরবন থেকে ১৪ কি.মি. দূরে পশুর নদীর তীর অবস্থিত ১টি কয়লাভিত্তিক তাপ বিদ্যুৎকেন্দ্র। ভারত-বাংলাদেশের সমান মালিকানায় নির্মিত এই প্রকল্পটির অফিসিয়াল নাম 'মৈত্রী সুপার থার্মাল পাওয়ার প্রজেক্ট'। প্রকল্পটিতে পরিবেশবান্ধব 'আল্ট্রা সুপার ক্রিটিক্যাল প্রযুক্তি' ব্যবহার করা হয়েছে। ১,৩২০ মেগাওয়াট উৎপাদন ক্ষমতাসম্পন্ন এই প্রকল্পটি ৬ সেপ্টেম্বর, ২০২২ উদ্বোধন করা হয়। কয়লা আমদানি করা হয়- ইন্দোনেশিয়া, অস্ট্রেলিয়া এবং দক্ষিণ আফ্রিকা থেকে।

### মাতারবাড়ী বিদ্যুৎকেন্দ্র

কক্সবাজারের মহেশখালী উপজেলায় 'জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি'র (জাইকা) অর্থায়নে ১২০০ মেগাওয়াট আল্ট্রা সুপার ক্রিটিক্যাল প্রযুক্তিভিত্তিক 'মাতারবাড়ী বিদ্যুৎকেন্দ্র' প্রকল্পটির ১ম ইউনিট (৬০০ মেগাওয়াট) ১১ নভেম্বর, ২০২৩ এবং দ্বিতীয় ইউনিটের কার্যক্রম ২৪ ডিসেম্বর, ২০২৩ শুরু হয়। এই প্রকল্পের আওতায় জাহাজ থেকে কয়লা খালাসের সুবিধার্থে মহেশখালীতে গভীর সমুদ্র বন্দরও নির্মাণ করা হচ্ছে।

### শেখ হাসিনার স্মরণি (পূর্বাচল এক্সপ্রেসওয়ে)

১৪ নভেম্বর, ২০২৩ উদ্বোধন করা হয় ঢাকার নতুন গেইটওয়ে 'শেখ হাসিনার স্মরণি'। ১২.৫ কি.মি. দীর্ঘ সড়কটির ব্যাপ্তি রাজধানীর কুড়িল ফ্লাইওভার থেকে নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জের কাঞ্চন সেতু পর্যন্ত। দেশের প্রথম ১৪ লেনের মহাসড়ক, যার ৮টি লেন এক্সপ্রেসওয়ে এবং ৬টি লেন সার্ভিস রোড)। মহাসড়কের দুপাশে রয়েছে ১০০ ফুট খাল। বিশেষ ব্যবস্থা থাকায় ভারি বৃষ্টিতেও এ পথে হবে না জলজট।

**ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে**

এটি দেশের প্রথম এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প। ২ সেপ্টেম্বর, ২০২৩ শাহজালাল আর্ন্তজাতিক বিমান বন্দরের দক্ষিণে কাওলা থেকে ফার্মগেট পর্যন্ত যান চলাচলের জন্য খুলে দেওয়া হয়। মূল এলিভেটেড অংশের দৈর্ঘ্য- ১৯.৭৩ কিমি (১২.২৬ মা.); র‍্যাম্পসহ দৈর্ঘ্য- ৪৬.৭৩ কিমি।

**বঙ্গবন্ধু টানেল ( কর্ণফুলী টানেল)**

কর্ণফুলী নদীর দুই তীরের অঞ্চল পতেঙ্গা ও আনোয়ারাকে যুক্ত করেছে বঙ্গবন্ধু টানেল। ফলে চট্টগ্রাম শহর চিনের সাংহাইয়ের মতো ‘ওয়ান সিটি টু টাউন’ মডেলে গড়ে উঠেছে। এই টানেল ঢাকা-চট্টগ্রাম কক্সবাজার মহাসড়ককে যুক্ত করেছে। মূল টানেলে দৈর্ঘ্য: ৩.৩২ কি.মি.। ২৮ অক্টোবর, ২০২৩ টানেল উদ্বোধন এবং ২৯ অক্টোবর সর্বসাধারণের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়। এই টানেলটি বাংলাদেশের প্রথম এবং দক্ষিণ এশিয়ায় নদী তলদেশের প্রথম ও দীর্ঘতম টানেল। চিনা প্রতিষ্ঠান ‘চায়না কমিউনিকেশন এন্ড কনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড’ চায়না এক্সিম ব্যাংক এবং বাংলাদেশ সরকারের অর্থায়নে নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করে। কর্ণফুলী নদীর মধ্যভাগে টানেলটি ১৫০ ফুট গভীরে অবস্থিত।

**পায়রা সমুদ্রবন্দর**

পটুয়াখালীর কলাপাড়া উপজেলার রামনাবাদ চ্যানেলের তীরে পোতাশ্রয়ের মুখে থেকে ৫ কি.মি. ভেতরে ‘পায়রা সমুদ্রবন্দর’ অবস্থিত। বাংলাদেশের তৃতীয় এই সমুদ্র বন্দর ১ আগস্ট, ২০১৬ সালে উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পায়রা বন্দর সংলগ্ন এলাকায় নির্মিত হবে- দেশের ইতিহাসে সর্বোচ্চ ‘সরাসরি বৈদেশিক বিনিয়োগে’ (FDI) বিশ্বমানের শিপইয়ার্ড।

**মাতারবাড়ি গভীর সমুদ্রবন্দর**

কক্সবাজারের মহেশখালী উপজেলার মাতারবাড়ি ইউনিয়নে নির্মিত হচ্ছে দেশের প্রথম গভীর সমুদ্রবন্দর। বন্দরের চ্যানেলের দৈর্ঘ্য ১৪.৩ কি.মি.; গভীরতা ১৮.৫ মিটার; মোট জেটি ৮টি এবং প্রকল্পের মেয়াদ ২০২৬ সাল পর্যন্ত। বন্দরটি নির্মিত হলে এটি হবে দেশের চতুর্থ সমুদ্রবন্দর। প্রকল্পটি বাস্তবায়নের সহযোগিতা করছে জাপানি সংস্থা ‘জাইকা’। পানামার পতাকাবাহী জাহাজ Venus Triumph প্রথম মাতারবাড়িতে ট্রায়াল হিসেবে ভিড়ে ২৯ ডিসেম্বর, ২০২০ সালে।

**মুজিবপিডিয়া**

‘মুজিবপিডিয়া’ হলো বঙ্গবন্ধুর ব্যক্তিগত ও রাজনৈতিক কর্মজীবন, সংশ্লিষ্ট আন্দোলনের ইতিহাসের ও বাংলাদেশের স্বাধীনতার ইতিহাসের তথ্য-উপাত্ত নিয়ে রচিত একটি পূর্ণাঙ্গ ও পূর্ণমাত্রিক ‘জ্ঞানকোষ’ (এনসাইক্লোপিডিয়া)। দুই খন্ডের জ্ঞানকোষটি কবি কামাল চৌধুরী, কবি ফরিদ কবির ও অধ্যাপক ড. আবু মোহাম্মদ দেলোয়ার হোসেনের সম্পাদনায় প্রণীত। সিটি ব্যাংকের অর্থায়নে এটি প্রকাশ করেছে গবেষণা প্রতিষ্ঠান ‘হিস্ট্রি অ্যান্ড কালচার সার্কেল বাংলাদেশ লিমিটেড’।

# বাংলাদেশের জিআই পণ্যসমূহ

১০ এপ্রিল, ২০২৪ পর্যন্ত বাংলাদেশে অনুমোদিত জিআই পণ্যের সংখ্যা- ৩১টি। এর মধ্যে নিবন্ধিত জিআই পণ্য ২১টি। আন্তর্জাতিক মেধাস্বত্ব বিষয়ক সংস্থা World Intellectual Property Organization (WIPO) -এর নিয়ম মেনে বাংলাদেশের শিল্প মন্ত্রণালয়ের অধীন ২০১৬ সাল থেকে পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদফতর ভৌগোলিক নির্দেশক (Geographical Indication – GI) পণ্যের সনদ দিয়ে আসছে। জাতীয় সংসদে GI পণ্য আইন পাস হয়- ২০১৩ সালে এবং GI বিধিমালা জারি করা হয়- ২০১৫ সালে।

| নং | GI পণ্য | স্বীকৃতি | নং | GI পণ্য | স্বীকৃতি |
|---|---|---|---|---|---|
| ২৩ | গোপালগঞ্জের রসগোল্লা | ৮ ফেব্রুয়ারি, ২০২৪ | ২৮ | মৌলভীবাজারের আগর আতর | ১২ ফেব্রুয়ারি, ২০২৪ |
| ২৪ | নরসিংদীর অমিত সাগর কলা | ৮ ফেব্রুয়ারি, ২০২৪ | ২৯ | যশোরের খেজুরের গুড় | ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ |
| ২৫ | রংপুরের হাড়িভাঙ্গা আম | ১২ ফেব্রুয়ারি, ২০২৪ | ৩০ | রাজশাহীর মিষ্টি পান | ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ |
| ২৬ | মৌলভীবাজারের আগর | ১২ ফেব্রুয়ারি, ২০২৪ | ৩১ | জামালপুরের নকশিকাঁথা | ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ |
| ২৭ | ময়মনসিংহের মুক্তাগাছার মন্ডা | ১২ ফেব্রুয়ারি, ২০২৪ | | | |

**রূপপুর পারমানবিক বিদ্যুৎকেন্দ্র**

পদ্মা নদীর তীরে অবস্থিত পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার রূপপুরে ২৪০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নিয়ে নভেম্বর, ২০১৭ সালে দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র স্থাপন কার্যক্রম শুরু করে। কিন্তু বাংলাদেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প গ্রহণ করা হয় ১৯৬১ সালে। এটি দেশে নির্মাণাধীন সবচেয়ে ব্যয়বহুল এবং একক প্রকল্প হিসেবে সবচেয়ে বড় অবকাঠামো বা বিদ্যুৎ প্রকল্প। রূপপুরের এই পারমাণবিক চুল্লি নির্মিত হয়েছে রাশিয়ায়। প্রকল্পে রাশিয়ার উদ্ভাবিত সর্বাধুনিক (3+ জেনারেশন) ভিভিইআর-১২০০ প্রযুক্তি ব্যবহার করা হয়। ৫ অক্টোবর, ২০২৩ রাশিয়া থেকে ইউরেনিয়ামের ১ম চালান গ্রহণ করে বাংলাদেশ। এর মধ্য দিয়ে বাংলাদেশ বিশ্বের ৩৩তম এবং দক্ষিণ এশিয়ার ৩য় দেশ হিসেবে আন্তর্জাতিক নিউক্লিয়ার ক্লাবের অন্তর্ভুক্ত হয়। রূপপুরের মূল জ্বালানি- Uranium-235। সম্ভাব্য পরীক্ষামূলক উৎপাদন- সেপ্টেম্বর, ২০২৪। বাণিজ্যিক উৎপাদন- ২০২৫ সালে। প্রকল্পটি বাস্তবায়নের কাজ করছে- বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতায় পরমাণু শক্তি কমিশন।

| | | | |
|---|---|---|---|
| মোট ব্যয় | ১ লাখ ১৩ হাজার ৯২ কোটি | নির্মাণকারী প্রতিষ্ঠান | রোসাটম (রাশিয়া) |
| অর্থায়ন | ৯০% অর্থ দিবে রাশিয়ার ভিবি ব্যাংক | সহায়তাকারী দেশ | রাশিয়া ও ভারত |

# পদ্মা সেতু বা পদ্মা বহুমুখী সেতু

পদ্মা সেতু হচ্ছে বাংলাদেশের পদ্মা নদীর উপর নিজস্ব অর্থায়নে নির্মিত দ্বিতল ও চার লেনবিশিষ্ট একটি বহুমুখী সড়ক ও রেল সেতু; যার নির্মাণ ব্যয় ৩০,১৯৩.৩৯ কোটি টাকা। নির্মাণের উপাদান কংক্রিট ও স্টিল। ২৫ জুন, ২০২২ সেতুটি উদ্বোধনের মাধ্যমে মুন্সীগঞ্জের লৌহজংয়ের সাথে শরীয়তপুর ও মাদারীপুর জেলা যুক্ত হয়েছে। সেতুটি চালুর ফলে দক্ষিণ ও পশ্চিমাঞ্চলের ২১ টি জেলার সাথে যুক্ত হয় ঢাকাসহ দেশের অন্যান্য অঞ্চল। মতান্তরে, পদ্মা সেতুর ফলে দক্ষিণাঞ্চলের ১৯টি জেলার সঙ্গে ঢাকাসহ পূর্বাঞ্চলের নীরবচ্ছিন্ন যোগাযোগ স্থাপিত হয়েছে [সংসদে প্রধানমন্ত্রীর শেখ হাসিনা, ৭ ফেব্রুয়ারি, ২০২৪]। পদ্মা সেতুর ফলে দেশের GDP'র হার বাড়বে ১.২৩%; দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমের GDP বাড়বে ২.৩%; দারিদ্র্য বিমোচনের হার বাড়বে ০.৮৪%।

- পদ্মা সেতুর নিরাপত্তার জন্য ২৯ মার্চ, ২০২২ উদ্বোধন করা হয়- শেখ রাসেল সেনানিবাস (জাজিয়া, শরীয়তপুর)।
- পদ্মা সেতুর অবস্থান ৩টি জেলার ওপর- মুন্সিগঞ্জ (মাওয়া), মাদারীপুর (শিবচর) ও শরীয়তপুর (জাজিরা)।
- পদ্মা সেতুর দুই প্রান্তের সংযোগ স্থান- মাওয়া (লৌহজং, মুন্সিগঞ্জ) ও জাজিরা (শরীয়তপুর)।
- পাটুরিয়া-গোয়ালন্দ রুটে প্রস্তাবিত দ্বিতীয় পদ্মা সেতুর দৈর্ঘ্য- ৫.৫০ কিমি।

| **একনজরে পদ্মা সেতুর অবকাঠামো** | | | |
|---|---|---|---|
| দৈর্ঘ্য | ৬.১৫ | পাইলের সংখ্যা | ২৯৪টি (সর্বোচ্চ গভীরতা ১২২ মিটার) |
| প্রস্থ | ১৮.১০/ ২২ মি. (৫৯.৩৮/ ৭২ ফুট) | নির্মাণকারী প্রতিষ্ঠান | চায়না মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কো. (চিন) |
| সংযোগ সড়কসহ সেতুর দৈর্ঘ্য | ৯.৩০ কি.মি. | নদীশাসন প্রতিষ্ঠান | সিনোহাইড্রো কর্পোরেশন (চিন) |
| পিলারের সংখ্যা | ৪২টি | নকশাকারী কোম্পানি | AECOM (USA) |
| স্প্যানের সংখ্যা | ৪১টি | ভূমিকম্পের সহনীয় মাত্রা | ৯ রিখটার স্কেল |
| স্প্যানের দৈর্ঘ্য | ১৫০ মিটার | ফ্রিকশন পেন্ডুলাম বিয়ারিংয়ের সক্ষমতা | ১০ হাজার টন |
| নদীশাসন | ১৪ কি.মি. | আয়ুষ্কাল | ১০০ বছর |

## নতুন রেল নেটওয়ার্কে বাংলাদেশ

বাংলাদেশের ৬৪ জেলার মধ্যে ৪৮টি জেলা বর্তমানে রেল নেটওয়ার্কের আওতায় এসেছে। বর্তমানে বাংলাদেশ রেলওয়ের মোট রেলপথের দৈর্ঘ্য- ৩,৩৪৯ কি.মি.। বাংলাদেশ সরকারের ৩০ বছর মেয়াদী মাস্টারপ্ল্যানের আলোকে ২০৪৫ সালের মধ্যে ৬৪ জেলাকেই রেল নেটওয়ার্কের আওতায় আনা হবে। তিন প্রকল্পের মাধ্যমে নতুন করে ৫ জেলা রেল নেটওয়ার্কের আওতায় এসেছে।

১. 'পদ্মা রেল সংযোগ প্রকল্প' (ঢাকা-যশোর: ১৭২ কি.মি.) ১০ অক্টোবর, ২০২৩ উদ্বোধন হওয়ায় মুন্সিগঞ্জ, শরীয়তপুর, মাদারীপুর জেলা রেল সংযোগের আওতায় আসে। এ প্রকল্পের মাধ্যমে নির্মিত হয়েছে- ঢাকার জুরাইন থেকে মুন্সীগঞ্জের সিরাজদিখান পর্যন্ত (২৩ কি.মি.) দেশের ইতিহাসে প্রথম এলিভেটেড রেলওয়ে এবং দেশের প্রথম পাথরবিহীন রেলপথ নির্মিত হয় পদ্মা সেতুতে (১৩.৩ কি.মি.)। এ রেল লাইনের মাধ্যমে ঢাকার সাথে ৮টি জেলার রেল সংযোগ স্থাপিত হয়েছে। জেলা ৮টি হল- নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, শরীয়তপুর, মাদারীপুর, ফরিদপুর, গোপালগঞ্জ, নড়াইল ও যশোর। এ প্রকল্পে ঋণ দেয়- চিনের এক্সিম ব্যাংক। ১ নভেম্বর, ২০২৩ যাত্রীবাহী ট্রেনের বাণিজ্যিক চলাচল শুরু হয়। প্রথম থেকেই ঢাকা-খুলনা রুটে সুন্দরবন এক্সপ্রেস ও নকশিকাঁথা এক্সপ্রেস, ঢাকা-বেনাপোল রুটে বেনাপোল এক্সপ্রেস ও ঢাকা-রাজশাহী রুটে মধুমতি এক্সপ্রেস এবং আন্তর্জাতিক ট্রেন ঢাকা-কলকাতা রুটের মৈত্রী এক্সপ্রেস পদ্মা সেতু হয়ে চলাচল করে।

২. ১৯১৮ সালে চালু হওয়া খুলনা-বাগেরহাট রেলপথ ১৯৯৮ সালে লোকসান দেখিয়ে পরিত্যক্ত ঘোষণা করে। ফলে বাগেরহাট জেলা রেল সংযোগ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে। কিন্তু 'খুলনা-মোংলা রেল প্রকল্প' (৬৫ কি.মি.) ৯ নভেম্বর, ২০২৩ উদ্বোধন হওয়ায় বাগেরহাট জেলা পুনরায় রেল সংযোগের আওতায় আসে। এর মাধ্যমে রেল করিডোরে যুক্ত হলো- দেশের দ্বিতীয় সমুদ্রবন্দর মোংলা।

৩. চট্টগ্রামের 'দোহাজারী-কক্সবাজার রেল প্রকল্প' (১০০ কি.মি.) ১২ নভেম্বর, ২০২৩ উদ্বোধন হওয়ায় কক্সবাজার জেলা রেল সংযোগের আওতা আসে। চট্টগ্রাম-কক্সবাজার রেলপথ (১২৮ কি.মি.) এর মধ্যে কক্সবাজারের ঝিলংজায় নির্মিত ঝিনুকাকৃতির আইকনিক ভবনটি দেশের একমাত্র আইকনিক রেলস্টেশন; স্থপতি- মো. ফয়জ উল্লাহ। ঢাকা-কক্সবাজার রেলপথের দৈর্ঘ্য- ৪৮০ কি.মি.; কিন্তু বাণিজ্যিক দূরত্ব ৫৫১ কি.মি. এবং এ পথে বাণিজ্যিক ট্রেন চলাচল শুরু হয়- ১ ডিসেম্বর, ২০২৩। ঢাকা-কক্সবাজার রেলপথে চলাচলকারী আন্তঃনগর ট্রেন দুটি- কক্সবাজার এক্সপ্রেস এবং পর্যটক এক্সপ্রেস। ঢাকা-কক্সবাজার রেলপথে চলাচলকারী প্রথম আন্তঃনগর ট্রেনের নাম- কক্সবাজার এক্সপ্রেস। বর্তমানে বাংলাদেশ রেলওয়ে পুলিশ জেলা- ৬টি (চট্টগ্রাম, ঢাকা, সিলেট, সৈয়দপুর (নীলফামারী), পাকশী (ঈশ্বরদী, পাবনা) ও খুলনা)। বাংলাদেশ-ভারতের মধ্যে রেলওয়ে সীমান্ত ৭টি এবং চালু আসে ৩টি; বাংলাদেশ ও ভারতের মধ্যে চলাচলকারী রেলের নাম- মৈত্রী এক্সপ্রেস, বন্ধন এক্সপ্রেস ও মিতালী এক্সপ্রেস। বর্তমানে যে ১৬ জেলায় রেলপথ সংযোগ হয়নি সেগুলো হলো- নড়াইল, সাতক্ষীরা, মেহেরপুর, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি, শেরপুর, মানিকগঞ্জ, মাগুরা, লক্ষ্মীপুর এবং বরিশাল বিভাগের ৬টি জেলা (বরিশাল, বরগুনা, পটুয়াখালী, ভোলা, পিরোজপুর ও ঝালকাঠি)। একমাত্র বিভাগ হিসেবে বরিশালে নেই রেলপথ। অন্যদিকে ২০২৪ সালে পদ্মা রেল সংযোগের পুরো প্রকল্পের উদ্বোধন হলে যুক্ত হবে নড়াইল। আর মধুখালি-মাগুরা রেলপথের উদ্বোধন হলে নতুন করে যুক্ত হবে মাগুরা জেলা। তারপর ধীরে ধীরে রেলওয়ের বেশ কয়েকটি প্রকল্পের মাধ্যমে যুক্ত হবে বাকি জেলা। এরমধ্যে প্রথম ধাপে যুক্ত হবে সাতক্ষীরা, বরিশাল, রাঙ্গামাটি, ঝালকাঠি, পটুয়াখালী, বরগুনা, পিরোজপুর ও মেহেরপুর রেলপথের আওতায় আসবে। আর ২০৪৫ সালের মধ্যে সর্বশেষ ধাপে লক্ষ্মীপুর, শেরপুর, মানিকগঞ্জ, বান্দরবান ও খাগড়াছড়ি জেলা রেল সংযোগে যুক্ত হবে।

বঙ্গবন্ধু শেখ মুজিব রেলওয়ে সেতু (যমুনা রেল সেতু)

সম্পূর্ণ স্টিলে যমুনা নদীর ওপর নির্মিত 'বঙ্গবন্ধু রেলওয়ে সেতু' বাংলাদেশের দীর্ঘতম রেলওয়ে সেতু যা সিরাজগঞ্জ জেলার সাথে টাঙ্গাইল জেলার ভূয়াপুর উপজেলাকে যুক্ত করেছে।

| | | | |
|---|---|---|---|
| দৈর্ঘ্য | ৪.৮ কি.মি. | প্রধান প্রকৌশলী | স্টিভ পলার্ড |
| রেললাইনের ধরন | ডুয়েল গেজ (ডাবল লাইন) | অর্থায়ন | বাংলাদেশ সরকার ও জাপান |
| সংযুক্ত করবে | টাঙ্গাইল ও সিরাজগঞ্জকে | নির্মাণ কাজ শেষ হবে (সম্ভাব্য) | আগস্ট, ২০২৪ |

**এমআরটি লাইন (Mass Rapid Transit Line)**

বাংলাদেশের রাজধানী ঢাকার যানজট নিরসন এবং দ্রুত যাতায়াতের জন্য সরকার ৬টি মেট্রোরেল প্রকল্প ২০৩০ সালের মধ্যে সম্পন্ন করার পরিকল্পনা নিয়েছে। ৬টি মেট্রোরেল প্রকল্পের মোট দৈর্ঘ্য হবে ১২৯.৯০১ কি.মি. এবং স্টেশন হবে ১০৫টি। ঢাকা মেট্রোরেল নির্মাণ ও পরিচালনার জন্য- Dhaka Mass Transit Company Limited (DMTCL) ৩ জুন, ২০১৩ সালে প্রতিষ্ঠিত হয়। মেট্রোরেলের প্রথম নারী চালক- মরিয়ম আফিজা (লক্ষ্মীপুর)।

| **একনজরে এমআরটি লাইন** | | | | | |
|---|---|---|---|---|---|
| নাম | রুট | দৈর্ঘ্য (কিমি) | স্টেশন | ধরন | সম্ভাব্য সমাপ্তি |
| এমআরটি লাইন-১ | বিমানবন্দর- কমলাপুর | ১৯.৮৭২ | ২১টি | পাতাল | ২০২৬ সাল |
| | নতুন বাজার- পূর্বাচল | ১১.৩৬৯ | | উড়াল | |
| এমআরটি লাইন-২ | গাবতলী- চট্টগ্রাম রোড | ২৪ | - | উড়াল ও পাতাল | ২০৩০ সাল |
| এমআরটি লাইন-৪ | কমলাপুর- নারায়ণগঞ্জ | ১৬ | - | উড়াল | ২০৩০ সাল |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| এমআরটি লাইন-৫ (উত্তর) | হেমায়েতপুর- ভাটারা | ২০ | ১৪টি | উড়াল ও পাতাল | ২০২৮ সাল |
| এমআরটি লাইন-৫ (দক্ষিণ) | গাবতলী-দাশেরকান্দি | ১৭.৪০ | ১৬টি | উড়াল ও পাতাল | ২০৩০ সাল |
| এমআরটি লাইন-৬ | উত্তরা-কমলাপুর | ২১.২৬ | ১৭টি | উড়াল | ২০২৫ সাল |

• বিশ্বে প্রথম পাতাল রেল চালু হয়- লন্ডন যুক্তরাজ্যে।

এমআরটি লাইন-৬

উত্তরা থেকে কমলাপুর পর্যন্ত দেশের ১ম উড়াল মেট্রোরেল নির্মিত হচ্ছে যা 'এমআরটি-৬' নামে পরিচিত। এমআরটি-৬ লাইনের প্রথম পর্যায়ের দিয়াবাড়ি থেকে আগারগাঁও অংশ ২৮ ডিসেম্বর, ২০২২ জনসাধারণের চলাচলের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উদ্বোধন করেন এবং প্রথম যাত্রী হিসেবে যাত্রা করেন; ফলে বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে মেট্রোরেলের যুগে প্রবেশ করে। এটি দেশের প্রথম সম্পূর্ণ বিদ্যুৎচালিত ট্রেন, যা স্বয়ংক্রিয়ভাবে চলাচল করছে। ২৯ ডিসেম্বর, ২০২২ জনসাধারণের জন্যে খুলে দেওয়া হয়। এমআরটি-৬ লাইনের দ্বিতীয় পর্যায়ের আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত অংশে ৫ নভেম্বর, ২০২৩ থেকে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু হয়। বর্তমানে আগারগাঁও-মতিঝিল অংশে যাত্রী পরিবহন চলমান রয়েছে এবং ২০২৫ সাল নাগাদ কমলাপুর পর্যন্ত চালু হতে পারে। বিশ্বের ৬০তম, এশিয়ার ২২তম সার্কভুক্ত দেশগুলোর মধ্যে ভারত, পাকিস্তানের পর তৃতীয় দেশ হিসেবে বাংলাদেশ মেট্রোরেল চালু করে। এমআরটি লাইন-৬ একনেকে অনুমোদন হয়- ১৮ ডিসেম্বর, ২০১২। এমআরটি পুলিশ হলো মেট্রোরেলের জন্য গঠিত পুলিশের বিশেষ ইউনিট।

• Rapid Pass: গণপরিবহনের সমন্বিত ই-টিকেটিং (One Card for all Transport) ব্যবস্থা প্রবর্তন ও ভাড়া আদায়ের লক্ষ্যে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (DICA) কর্তৃক ২০১৮ সালে স্মার্ট কার্ড Rapid Pass প্রচলন করে।

| **একনজরে এমআরটি লাইন-৬** | |
|---|---|
| মোট দৈর্ঘ্য (২১.২৬ কি.মি.) | • উত্তরা-আগারগাঁও: ১১.৭৩ কি.মি.<br>• উত্তরা-মতিঝিল: ২০.১০ কি.মি.<br>• মতিঝিল-কমলাপুর: ১.১৬ কি.মি. |
| স্টেশন সংখ্যা | ১৭টি (উত্তরা থেকে আগারগাঁও- ৯টি) |
| যাত্রী পরিবহন ক্ষমতা | প্রতি ঘন্টায় ৬০ হাজার এবং দৈনিক প্রায় ৫ লক্ষ |
| উত্তরা থেকে মতিঝিল পৌঁছাতে সময় লাগে | ৩৯ মিনিট; ঘন্টায় সর্বোচ্চ গতি- ১১০ কি.মি. |
| মেট্রোরেল যে মন্ত্রণালয়ের অধীন | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় |
| অর্থায়ন | বাংলাদেশ সরকার ও জাইকা (Japan International Cooperation Agency-JICA) |

• দেশের তৃতীয় সাফারি পার্ক স্থাপিত হবে- মৌলভীবাজারের জুড়ী উপজেলায়।
• বেসরকারি খাতে দেশের বৃহৎ বিদ্যুৎকেন্দ্র SS Power Plant অবস্থিত- চট্টগ্রামের বাঁশখালীর গন্ডামারায়।
• দেশের প্রথম সরকারি সৌর বিদ্যুৎকেন্দ্র অবস্থিত- কাপ্তাই, রাঙ্গামাটি।
• দেশের প্রথম সৌর বিদ্যুৎকেন্দ্র (বেসরকারি)- টেকনাফ সোলার টেক এনার্জি লিমিটেড (কক্সবাজার)।
• দেশের প্রথম কৃষিবান্ধব সৌর বিদ্যুৎকেন্দ্র নির্মাণ করা হবে- কুড়িগ্রামের ফুলবাড়ীতে।
• দেশের প্রথম ভাসমান সৌর বিদ্যুৎকেন্দ্র- বুলনপুর, চাঁপাইনবাবগঞ্জ।
• দেশের সবচেয়ে বড় সৌর বিদ্যুৎকেন্দ্র অবস্থিত- গাইবান্ধার সুন্দরগঞ্জের 'তিস্তা সোলার লিমিটেড'। তবে নির্মাণ কাজ সম্পন্ন হলে বাগেরহাটে ৩০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎকেন্দ্র হবে দেশের সর্ববৃহৎ সৌর বিদ্যুৎকেন্দ্র।

• ১৬ আগস্ট, ২০২৩ ঢাকার তেজগাঁও প্রথমবারের মতো বৈদ্যুতিক গাড়ির চার্জিং স্টেশন উদ্বোধন করা হয়।
• দেশের প্রথম LNG টার্মিনাল অবস্থিত- কক্সবাজারের মহেশখালীতে।
• তৃতীয় ভাসমান LNG টার্মিনাল স্থাপিত হবে- কক্সবাজারের মহেশখালীতে।
• দেশের প্রথম বায়ু বিদ্যুৎকেন্দ্র নির্মিত হয়- ফেনীতে।
• দেশের বৃহত্তম বায়ু বিদ্যুৎকেন্দ্র অবস্থিত- কক্সবাজারের খুরুশকুলে।
• বেসরকারি খাতে দেশের প্রথম বায়ু বিদ্যুৎকেন্দ্র নির্মাণ করতে কক্সবাজারে কাজ করছে- ইউএস-ডিকে গ্রিন এনার্জি।
• বেসরকারি খাতে দ্বিতীয় বায়ু বিদ্যুৎকেন্দ্র- মংলা বিদ্যুৎকেন্দ্র।
• ২০৪১ সালে বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা- ৬০ হাজার মেগাওয়াট।
• বর্তমানে মোট আবিষ্কৃত গ্যাসক্ষেত্র- ২৯টি। [২৯তম: ইলশা-১ গ্যাসক্ষেত্র, ভোলা; গ্যাস মজুদ- ২০০ বিলিয়ন ঘনফুট]।
• ১০ ডিসেম্বর, ২০২৩ সিলেট গ্যাসক্ষেত্রের ১০ নম্বর কূপে তেল সন্ধান পাওয়ার ঘোষণা দেয় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
• দেশে গ্যাস চালিত বিদ্যুৎকেন্দ্র- ৫৭টি। সম্প্রতি দেশে গ্যাসের মজুদের সন্ধান পাওয়া গেছে- চামটা ইউনিয়ন, নড়িয়া, শরীয়তপুর।
• ভোলার শাহবাজপুর গ্যাসক্ষেত্রের আওতাধীন 'ভোলা নর্থ-২' নামের নতুন অষ্টম গ্যাসকূপের সন্ধান পেয়েছে বাপেক্স; খনন করছে- গাজপ্রম।
• বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদনের প্রধান জ্বালানি-গ্যাস; দ্বিতীয় ও তৃতীয় অবস্থানে আছে যথাক্রমে তরল জ্বালানি ও কয়লা।
• বাংলাদেশের প্রথম সাবমেরিন ঘাঁটি 'বানৌজা শেখ হাসিনা' নির্মিত হবে- বঙ্গোপসাগরের তীরবর্তী কক্সবাজারের পেকুয়ায়। নির্মাণ সহযোগিতায়- চিন।
• নৌবাহিনীর বৃহত্তম নৌ ঘাঁটি 'বানৌজা শের-ই-বাংলা' নির্মিত হবে- পটুয়াখালীর কলাপাড়ায়।
• ৭ অক্টোবর, ২০২৩ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল উদ্বোধন। স্থপতি: রোহানি বাহারিন।
• বাংলাদেশের ব্যস্ততম বন্দর- চট্টগ্রাম এবং দক্ষিণ এশিয়ার ৩য় ব্যস্ততম বন্দর।
• দেশে প্রথমবারের মতো সমুদ্রবক্ষের ওপর নির্মিতব্য দেশের সবচেয়ে দীর্ঘ (১০,৭০০) রানওয়ের বিমানবন্দর হলো কক্সবাজার বিমানবন্দ। নির্মিত হলে এটি হবে দেশের চতুর্থ আন্তর্জাতিক বিমানবন্দর।
• বিমান বাংলাদেশ এয়ারলাইন্সে বর্তমান মোট উড়োজাহাজের সংখ্যা- ২১টি [সর্বশেষ যুক্ত হয়- 'শ্বেত বলাকা']
• দেশের প্রথম এক্সপ্রেসওয়ে- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সড়ক (ঢাকা-মাওয়া-ভাঙ্গা); দীর্ঘ- ৫৫ কি.মি.।
• দেশের প্রথম ৬ লেন বিশিষ্ট সেতু- মধুমতি সেতু (কালনা সেতু); ৬৯০ মিটার দীর্ঘ সেতুটি গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলার সাথে নড়াইলের লোহাগড়া উপজেলাকে সংযুক্ত করেছে।
• 'বাংলাদেশ-ভারত মৈত্রী সেতু-১' নির্মিত হয়েছে ফেনী নদীর উপর। সেতুটি ভারতের পূর্বাঞ্চলীয় ৭ রাজ্যের গেটওয়ে। ১.৯ কি.মি. দীর্ঘ এই সেতুটি সংযুক্ত করেছে- খাগড়াছড়ি জেলার রামগড়ের সাথে ভারতের ত্রিপুরা রাজ্যের সাব্রুমকে।
• দ্বিতীয় DAP (Detailed Area Plan) পরিকল্পনার মেয়াদ- ২০১৬-২০৩৫ সাল; DAP এর আয়তন ১,৫২৮ বর্গ কি.মি. বা ৫৯০ বর্গ মাইল।
• TTE'র পূর্ণরূপ- Travelling Ticket Examiner. দেশের সবচেয়ে বড় ও আধুনিক আন্ডারপাসের নাম+ সুরসপ্তক।
• দেশের প্রথম স্টিল আর্চ সেতু নির্মিত হচ্ছে- ময়মনসিংহের ব্রহ্মপুত্র নদীর ওপর 'কেওয়াটখালি সেতু' নামে।
• যুক্তরাষ্ট্রের EEBL কতৃক স্থাপিত ১৫ বছর মেয়াদী MLNG টার্মিনাল কক্সবাজারের মহেশখালীতে অবস্থিত।
• আন্তর্জাতিক মানের বঙ্গবন্ধু স্ট্যাচু নির্মিত হবে- পদ্মা সেতুর পাশে মাদারীপুরের শিবচরের কাঁঠালবাড়িতে।
• বঙ্গবন্ধুর ম্যুরালসহ ঢাকার বিজয় স্মরণীতে স্থাপিত প্রাঙ্গণের নাম- 'মৃত্যুঞ্জয়ী প্রাঙ্গন'।
• 'বাংলাদেশ প্রাকৃতিক ইতিহাস জাদুঘর' নির্মিত হবে কক্সবাজারে।
• 'তোশাখানা জাদুকর' অবস্থিত- বঙ্গভবনে।
• মুক্তিযুদ্ধে ভারতীয় মিত্রবাহিনীর শহীদদের স্মরণে স্মৃতিসৌধ স্থাপন করা হয়েছে- ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে।
• 'বঙ্গবন্ধু শেখ মুজিব স্কয়ার' নির্মিত হচ্ছে- পঞ্চগড়ের তেতুলিয়ায়।
• 'বঙ্গবন্ধু স্কয়ার' স্থাপিত হয়েছে- ঢাকার পূর্বাচল নতুন শহর প্রকল্প এলাকায়।
• 'বঙ্গবন্ধু ভাস্কর্য' নির্মিত হবে সোহরাওয়ার্দী উদ্যানে- যেখানে দাঁড়িয়ে বঙ্গবন্ধু ৭ মার্চের ভাষণ দিয়েছিলেন।
• প্রস্তাবিত 'বঙ্গবন্ধু বস্ত্র ও পাট জাদুঘর' স্থাপিত হবে- নারায়ণগঞ্জের রূপগঞ্জের তারাবোতে।
• 'বঙ্গবন্ধু শেখ মুজিব ভ্রাম্যমাণ রেল জাদুঘর' অবস্থিত- কমলাপুর রেল স্টেশন, ঢাকা।

• দেশের প্রথম ভূতাত্ত্বিক জাদুকর অবস্থিত- জাফলং, সিলেট।
• 'বঙ্গবন্ধু-পিয়েরে ট্রুডো কৃষি প্রযুক্তি কেন্দ্র' স্থাপিত হবে- বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ক্যাম্পাসে।
• সম্প্রতি খনন করে প্রাচীন বৌদ্ধবিহারের সন্ধান পাওয়া গেছে- দিনাজপুরের পার্বতীপুরে।
• নতুন 'ডাক ভবন' অবস্থিত- রাজধানীর আগারগাঁও [স্থপতি- কৌশিক বিশ্বাস]।
• দেশের প্রথম আন্তর্জাতিক ক্রীড়া কমপ্লেক্স নির্মিত হবে- কক্সবাজারে ['শেখ কামাল আন্তর্জাতিক ক্রীড়া কমপ্লেক্স' নামে]
• শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য 'বজ্রকণ্ঠ' অবস্থিত- সিলেট সেনানিবাসে।
• দেশের সর্বোচ্চ ভাস্কর্য 'দ্য স্ট্যাচু অব স্পিচ অ্যান্ড ফ্রিডম' অবস্থিত- ঝিনাইদাহের কালীগঞ্জে; উচ্চতা- ১২৩ ফুট।
• 'মৃত্যুঞ্জয়ী মিত্র' ভাস্কর্য অবস্থিত- চট্টগ্রামের সীতাকুণ্ডের চন্দ্রনাথ ধাম মন্দির এলাকায়।
• বঙ্গবন্ধুর প্রথম তর্জনী ভাস্কর্য 'মুক্তির ডাক' অবস্থিত- নরসিংদীতে।
• শতবর্ষ পূর্তিকে স্মরণীয় করে রাখতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মলচত্বরে নির্মানাধীন স্মৃতিস্তম্ভ 'অসীমতার স্তম্ভে বিশালতা, অন্তর্ভুক্ততা ও উদারতা'।
• কৃষি উন্নয়নে দেশের বৃহত্তম প্রকল্পের নাম- PARTNER (মেয়াদকাল: জুলাই ২০২৩ – জুন ২০২৮)।
• সম্প্রতি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (BARI) উদ্ভাবিত নতুন জাতের কাঁঠালের নাম- বারি কাঁঠাল-৬।
• বর্তমানে বাংলাদেশে মাথাপিছু ঋণ- ৩৬৫ মার্কিন ডলার (প্রায়)।
• ১২ নভেম্বর, ২০২৩ নরসিংদীর পলাশে দেশের সর্ববৃহৎ সার কারখানা 'ঘোড়াশাল-পলাশ ইউরিয়া সার কারখানা' উদ্বোধন করা হয়।
• সম্প্রতি বাংলাদেশ যে দেশে সার কারখানা স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করেছে- সৌদি আরবে।
• ৩ আগস্ট, ২০২৩ সালে ২১ বছর পর চালু হলো ঠাকুরগাঁও রেশন কারখানা।
• বিশ্বের বৃহত্তম পাটকল 'আকিজ জুট মিলস' অবস্থিত- মকসুদপুর, গোপালগঞ্জ।
• দেশের প্রথম সরকারি ভ্যাকসিন প্লান্ট স্থাপিত হবে- গোপালগঞ্জে।
• সম্প্রতি যে জেলায় চা বাগান প্রথমবারের মতো বাংলাদেশে চা বোর্ডের নিবন্ধন পায়- খাগড়াছড়ি।
• ডিসেম্বর ২০২৩ পর্যন্ত বাংলাদেশে বিশ্ব স্বীকৃত সবুজ কারখানার সংখ্যা- ২০৬টি।
• দেশের প্রথম বৈদ্যুতিক কারখানা অবস্থিত- মিরসরাইয়, চট্টগ্রাম।
• আগস্ট, ২০২৩ সালে দেশের প্রথম শুল্ক নীতি প্রণয়ন করা হয়।
• ১৭ ফেব্রুয়ারি, ২০২৪ সিলেটে উদ্বোধন করা হয়- দেশের প্রথম প্লাস্টিক বর্জ্য পৃথকীকরণ প্লান্ট।
• ২২ অক্টোবর, ২০২৩ বাংলাদেশ ব্যাংক দেশে প্রথমবারের মতো ডিজিটাল ব্যাংক গঠনের প্রাথমিক অনুমোদন দেয়। প্রথমে দুটিকে 'সম্মতিপত্র' (letter of Intent – LOI) দেওয়া হয়- নগদ ডিজিটাল ব্যাংক এবং কড়ি ডিজিটাল ব্যাংক।
• বাংলাদেশ ব্যাংক ডিজিটাল ব্যাংকের জন্য পরিশোধিত মূলধন কত টাকা নির্ধারণ করেছে- ১২৫ কোটি।
• ১৫ জুন, ২০২৩ বাংলাদেশ ব্যাংক নতুন করে বাণিজ্যিক ব্যাংক চালু করার পরিশোধিত মূলধন নির্ধারণ করে- ৫০০ কোটি টাকা।
• ১ নভেম্বর, ২০২৩ বাংলাদেশ ব্যাংক ন্যাশনাল কার্ড স্কিম 'টাকা পে' উদ্বোধন করেন।
• 'এমবি সোঙ্গা চিতা' জাহাজে প্রথমবারের মতো ইউরোপের দেশ ইতালিতে সরাসরি পণ্য রপ্তানি শুরু হয়- ৭ ফেব্রুয়ারি, ২০২২।
• সম্প্রতি বাংলাদেশ জাহাজ রপ্তানি করে- যুক্তরাজ্যে।
• সবচেয়ে বড় অর্থনৈতিক অঞ্চল- বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর। এটি চট্টগ্রাম জেলার মিরসরাই ও সীতাকুণ্ড উপজেলা এবং ফেনী জেলার সোনাগাজী উপজেলা জুড়ে নির্মিত হচ্ছে, আয়তন প্রায় ৩৩,৮০৫ একর। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ এটি বাস্তবায়ন করছে।
• জাপানি অর্থনৈতিক অঞ্চল নির্মিত হচ্ছে- আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
• চাইনিজ ইকোনমিক ও ইন্ডাস্ট্রিয়াল জোন নির্মিত হচ্ছে- আনোয়ারা, চট্টগ্রাম।
• ভারতীয় অর্থনৈতিক অঞ্চল- মোংলা (বাগেরহাট) এবং ভেড়ামারা (কুষ্টিয়া)।
• বাংলাদেশকে শীর্ষ ৫ ঋণদাতা সংস্থা ও দেশ হলো- বিশ্বব্যাংক (১৮১৬ কোটি ডলার), এডিবি (১৩২৮ কোটি ডলার), জাপান, রাশিয়া ও চিন।
• ২০২৪ সালের বর্ষপণ্য- হস্তশিল্পজাত পণ্য।
• ১ মার্চ, ২০২৩ সোনালী আঁশ পাটকে কৃষি পণ্য হিসেবে ঘোষণা করা হয়েছে।

বইয়ের তথ্যগত আপডেট জানতে যুক্ত থাকুন Mississippi Publications ফেসবুক গ্রুপ ও পেইজে

• ১ সেপ্টেম্বর ২০২২ থেকে- চিনের বাজারে বাংলাদেশ ৯৮% শুল্কমুক্ত পণ্য রপ্তানি করার সুযোগ পায়।
• প্রস্তাবিত তিনটি ইপিজেড হবে- গাইবান্ধা, যশোর ও পটুয়াখালীতে। বৃহত্তম ইপিজেড প্রতিষ্ঠা হবে- পটুয়াখালীতে।
• ২৯ আগস্ট, ২০২৩ একনেক সভায় পটুয়াখালী ইপিজেড (৯ম) এবং ৯ নভেম্বর, ২০২৩ যশোর ইপিজেড (১০ম) প্রকল্পের অনুমোদন হয়।
• ২ সেপ্টেম্বর, ২০২৩ পঞ্চগড়ের দেশের তৃতীয় চা নিলাম কেন্দ্র উদ্বোধন করা হয়। চট্টগ্রাম (১৯৪৯) ও মৌলভীবাজারের শ্রীমঙ্গলের (২০০৮) পর দেশের তৃতীয় চা নিলাম কেন্দ্র এটি। বর্তমানে দেশে নিবন্ধিত চা বাগান- ১৬৮ টি। চা রপ্তানিতে বিশ্বে বাংলাদেশের অবস্থান- অষ্টম।
• বাংলাদেশের সাথে জলবিদ্যুৎ খাতে ত্রিপক্ষীয় সহযোগিতায় প্রতিশ্রুতিবদ্ধ- ভারত ও ভূটান।

# আগামীর বাংলাদেশ

• ২০২৪ সালের মধ্যে পরিবেশ দূষণকারী সমস্ত ইট ভাটা বাদ দেওয়ার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ সরকার।
• ২০২৫ সালে বঙ্গবন্ধু রেল সেতু (দেশের সর্ববৃহৎ রেল সেতু) চালু হবে।
• ২০২৫ সালের মধ্যে সব সেক্টর থেকে শিশুশ্রম নিরসন করা হবে।
• ২০২৬ সালে বাংলাদেশ স্বল্পোন্নত দেশের তালিকা (LDC) থেকে বের হবে।
• ২০৩০ সালের মধ্যে 'মুজিব ক্লাইমেট প্রসপারিটি প্লান' বাস্তবায়িত হবে।
• ২০৩০ সালের মধ্যে দেশে ১০০টি অর্থনৈতিক অঞ্চল তৈরি হবে।
• ২০৩০ সালের মধ্যে দেশকে চরম দারিদ্র্য দূরীকরণ করার লক্ষ্যমাত্রা গ্রহণ করেছে সরকার।
• ২০৩০ সালের মধ্যে বনাঞ্চলের পরিমাণ ২৪ শতাংশে উন্নতি করা হবে।
• ২০৩১ সালের মধ্যে বাংলাদেশ উচ্চমধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে।
• ২০৩৬ সাল নাগাদ বিশ্বের ২৪তম বৃহৎ অর্থনীতির দেশ হবে বাংলাদেশ।
• ২০৪০ সালের মধ্যে দেশকে তামাকমুক্ত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে সরকার।
• ২০৪১ সালে উচ্চ আয়ের দেশে পৌঁছানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে সরকার।
• ২০৬৪ সালের ১৭ ফেব্রুয়ারি বাংলাদেশ থেকে বলয়গ্রাস সূর্যগ্রহণ দেখা যাবে।

# প্রেজেন্ট বিশ্ব

### শেনজেন (Schengen) এক ভিসায় ২৯ দেশ

**শেনজেন কী?**

শেনজেন হলো অবাধ চলাচলের একটি আন্তর্জাতিক চুক্তি যা ইউরোপীয় দেশগুলোকে তাদের জাতীয় সীমানা বিলুপ্তি করে দেশগুলোর অভ্যন্তরে ব্যক্তিদের অবাধে চলাচলের অনুমতি প্রদান করে। মূলত শেনজেন হলো ফ্রান্স, জার্মানি ও লুক্সেমবার্গ সীমান্তের মোসেল নদীর তীরে অবস্থিত লুক্সেমবার্গের ছোট্ট একটি গ্রাম। এই গ্রামে বসে ১৯৮৫ সালে ইউরোপীয় ইউনিয়নভুক্ত ৫ দেশ (ফ্রান্স, জার্মানি, লুক্সেমবার্গ, বেলজিয়াম ও নেদারল্যান্ডস) নিজেদের মধ্যে অভ্যন্তরীণ সীমানা তুলে দেওয়ার বিষয়ে একমত পোষণ করে।

**শেনজেন যুক্তির ইতিহাস**

ইউরোপীয় দেশগুলোর মধ্যে অবাধ চলাচলের ধারণাটি অনেক পুরানো। দ্বিতীয় বিশ্বযুদ্ধে ক্ষতির সম্মুখীন হওয়ার পর জার্মানি ও ফ্রান্স ১৭ জুন, ১৯৮৪ প্রথম মুক্ত চলাচলের ধারণার বিষয়ে প্রাথমিক পদক্ষেপ নেয়। পরবর্তীতে ইউরোপীয় ইউনিয়নের ৫ সদস্য দেশ (ফ্রান্স, জার্মানি, লুক্সেমবার্গ, বেলজিয়াম ও নেদারল্যান্ডস) ১৪ জুন, ১৯৮৫ সীমান্তমুক্ত অঞ্চল প্রতিষ্ঠা করতে একটি চুক্তি স্বাক্ষর করে। এরপর শেনজেন চুক্তির সুনির্দিষ্ট বাস্তবায়নের জন্য ১৯ জুন ১৯৯০ একটি কনভেনশন স্বাক্ষরিত হয়। এ কনভেনশনে অভ্যন্তরীণ সীমানা বিলুপ্ত করে একক অভিন্ন ভিসা প্রদান পদ্ধতি Schengen Information System (SIS) চালু করে; যাতে একক ডাটাবেস পরিচালনা, অভ্যন্তরীণ এবং অভিবাসনের মধ্যে একটি সহযোগিতা কাঠামো প্রতিষ্ঠার বিষয়গুলো অন্তর্ভুক্ত করা হয়। পর্তুগাল ও স্পেন

২৫ জুন, ১৯৯১ শেনজেনভুক্ত হয়। এ ৭টি দেশ ২৬ মার্চ, ১৯৯৫ শেনজেন চুক্তি কার্যকরের মাধ্যমে তাদের অভ্যন্তরীণ সীমান্ত চেকপোস্ট বাতিল করে। পরে ইউরোপের অন্যান্য দেশ পর্যায়ক্রমে শেনজেনভুক্ত হয়। লুক্সেমবার্গের শেনজেন নামক স্থানে চুক্তিটি স্বাক্ষরিত হয় বলে; এ চুক্তি শেনজেন চুক্তি নামে পরিচিত।

**শেনজেনভুক্ত দেশ**

বর্তমানে শেনজেন অঞ্চলের অন্তর্ভুক্ত দেশের সংখ্যা ২৯টি অর্থাৎ EU ভুক্ত ২৭ দেশ – (সাইপ্রাস + আয়ারল্যান্ড) = (২৫ দেশ + EU'র সদস্য নয় এমন ৪টি দেশ- আইসল্যান্ড, নরওয়ে, সুইজারল্যান্ড ও লিচটেনস্টাইন) = ২৯ টি।

✓ EU'র সদস্য দেশ সাইপ্রাস ও আয়ারল্যান্ড শেনজেনভুক্ত নয়।

✓ শেনজেনভুক্ত ২৭তম দেশ ক্রোয়েশিয়া (১ জানুয়ারি, ২০২৩)

✓ ৩১ মার্চ, ২০২৪ ইউরোপের শেনজেন অঞ্চলে যোগ দেয়- রুমানিয়া ও বুলগেরিয়া। তবে দেশ দুটির এ অন্তর্ভুক্তি আংশিক; কারণ অস্ট্রিয়ার ভেটোয় এখনো শেনজেনের স্থলপথে যুক্ত হতে পারেনি। অস্ট্রিয়ার দাবি, দেশ দুটির বাহ্যিক শেনজেন সীমানাগুলোর দুর্বল সুরক্ষা ব্যবস্থার কারণে অস্ট্রিয়াকে অস্বাভাবিক সংখ্যক অবৈধ অভিবাসী আশ্রয় দিতে হয়।

**শেনজেন অঞ্চল**

শেনজেন অঞ্চল বলতে ইউরোপের সীমান্তমুক্ত অঞ্চলকে বোঝায়, যেখানে কোনো প্রকার ধরা-বাধা নিয়ম ছাড়াই স্থল, সমুদ্র কিংবা আকাশপথে অবাধে চলাচল করা যায়। শেনজেনভুক্ত দেশের নাগরিকত্ব বা ভিসা থাকলে অন্য সকল সদস্য দেশে সহজেই ভ্রমণ করা যায়। শেনজেনভুক্ত অঞ্চলের জনসংখ্যা প্রায় ৪৫ কোটি এবং আয়তন ৪৩,১২,০৯৯ বর্গকিমি (১৬,৬৪,৯১১ বর্গমাইল)।

**শেনজেন ভিসা**

শেনজেন চুক্তির ধারাবাহিকতায় সৃষ্টি হয় শেনজেন ভিসা। শেনজেন ভিসার মাধ্যমে শেনজেনভুক্ত দেশগুলোতে পর্যটন কিংবা যেকোনো কাজে প্রত্যেক ব্যক্তি সর্বোচ্চ ৯০ দিন অবস্থান করতে পারেন। শেনজেনভুক্ত যেকোনো একটি দেশের ভিসাতেই ২৯টি দেশে ভ্রমণ করা যায়। এছাড়াও শেনজেন ভিসা ব্যবহার করে তুরস্ক, উত্তর মেসিডোনিয়া, আলবেনিয়া, বসনিয়া অ্যান্ড হার্জেগোভিনা, কসোভো, জর্জিয়া, সাইপ্রাস ও স্ভালবার্ড (নরওয়ে) দ্বীপে ভ্রমন করা যায়। বহু আলোচনার পর ৩০ ডিসেম্বর ২০২৩ ইউরোপীয় কাউন্সিল রুমানিয়া ও বুলগেরিয়াকে শেনজেন অঞ্চলে আংশিকভাবে অন্তর্ভুক্তি হওয়ার ঘোষণা দেয়। অবশেষে ৩১ মার্চ, ২০২৪ দেশ দুটি সাগর ও আকাশ পথে শেনজেন দেশগুলোর সঙ্গে যুক্ত হয়। অন্যদিকে, শেনজেন অঞ্চলে স্থল সীমান্ত খোলার বিষয়ে আলোচনা অব্যাহত থাকবে।

| মধ্যপ্রাচ্যের সাম্প্রতিক উত্তেজনা | |
|---|---|
| ১৭ অক্টোবর, ২০২২ | মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে ইরানের ওপর নিষেধাজ্ঞা আরোপ করে ইউরোপীয় ইউনিয়ন (EU)। |
| ৮ ডিসেম্বর, ২০২২ | ইরানের ওপর নতুন করে নিষেধাজ্ঞা আরোপ করার ঘোষণা দেয় যুক্তরাজ্য ও ইউরোপ ইউনিয়ন (EU)। |
| ১৪ ডিসেম্বর, ২০২২ | জাতিসংঘ নারী অধিকার সংস্থা (UN Women) থেকে ইরানকে বহিষ্কার করা হয়; জাতিসংঘ অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (ECOSOC) Commission on the Status of Women থেকে ইরানকে অপসারণ করে। |
| ১৯ অক্টোবর, ২০২৩ | জাতিসংঘের নিরাপত্তা পরিষদ ইরানের ক্ষেপণাস্ত্র কর্মসূচির ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নেয়। |
| ১১ জানুয়ারি, ২০২৪ | ইয়েমেনের রাজধানী সানায় হুথি বিদ্রোহীদের স্থাপনায় হামলা চালায় যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য। |
| ১৫ জানুয়ারি, ২০২৪ | ইয়েমেন উপকূলে মার্কিন মালবাহী জাহাজ 'জিব্রাল্টার ঈগল' এ হামলা চালায় ইয়েমেনের হুথি বিদ্রোহীরা। |
| ১৭ জানুয়ারি, ২০২৪ | হুথিদের নতুন করে সন্ত্রাসী সংগঠনের তালিকায় অন্তর্ভুক্ত করেছে যুক্তরাষ্ট্র। |

| | |
|---|---|
| ১৬ জানুয়ারি, ২০২৪ | পাকিস্তানের বেলুচিস্তানে জঙ্গিগোষ্ঠী 'জইস আল আদলের' ঘাঁটি লক্ষ্য করে প্রথম হামলা চালায় ইরান। |
| ১৮ জানুয়ারি, ২০২৪ | ইরানের সিস্তান-বেলুচিস্তান প্রদেশের সারাভানে 'মার্গ বার সরমাচার' সাংকেতিক নামে হামলা চালায় পাকিস্তান। |
| ১৯ জানুয়ারি, ২০২৪ | ইরান ও পাকিস্তান কূটনৈতিক সম্পর্ক পুন:স্থাপনে সম্মত হয়। |
| ১ এপ্রিল, ২০২৪ | সিরিয়ার রাজধানী দামেস্কে ইরানের কনস্যুলেটে ক্ষেপণাস্ত্র হামলা চালায় ইসরায়েল। এ হামলায় ইরানের কুদস ফোর্সের জ্যেষ্ঠ কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ রেজা জাহেদি নিহত হন। |
| ১৩ এপ্রিল, ২০২৪ | ইরানি কনস্যুলেটে ইসরায়েলি হামলার প্রতিবাদে ইরান ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালায় ইসরায়েলে। |

| **ইসরায়েল-গাজা সংকট** | |
|---|---|
| ৭ অক্টোবর, ২০২৩ | ইসরায়েল-হামাস যুদ্ধের সূত্রপাত। হামাস 'অপারেশন আল-আকসা ফ্লাড' নামে ইসরায়েল ওপর আকস্মিক হামলা চালায় এবং হামলার জবাবে ইসরায়েল 'অপারেশন আয়রন সোর্ডস' নামে বিমান ও ক্ষেপণাস্ত্র হামলা চালায় গজায়।<br><br>অপারেশন আল-আকসা ফ্লাডকে কেন্দ্র করে যুক্তরাষ্ট্র **স্ট্রাইক গ্রুপ** এবং বিশ্বের সবচেয়ে দামি যুদ্ধজাহাজ **'ইউএসএস জেরাল্ড ফোর্ড'** পূর্ব ভূমধ্যসাগরে মোতায়ন করে। |
| ২৭ অক্টোবর, ২০২৩ | ইসরায়েল গাজায় স্থল অভিযান শুরু করে। |
| ৩১ অক্টোবর, ২০২৩ | গাজা ইস্যুতে প্রথম দেশ হিসেবে ইসরায়েলের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে **বলিভিয়া**। এবং বাণিজ্যিক সম্পর্ক স্থগিত করেছে **বাহারাইন**। |
| ১৫ নভেম্বর, ২০২৩ | গাজার সবচেয়ে বড় হাসপাতাল আল-শিফায় অভিযান চালায় ইজরায়েলি বাহিনী। |
| ২১ নভেম্বর, ২০২৩ | কাতারের মধ্যস্থতায় ইসরায়েল যুদ্ধবিরতির **১**টি প্রস্তাব অনুমোদন করে। |
| ২৪ নভেম্বর, ২০২৩ | গাজায় ৪ দিনের যুদ্ধ বিরতি কার্যকর হয় অর্থাৎ গাজায় যুদ্ধবিরতি শুরু হয়। |
| ১ ডিসেম্বর, ২০২৩ | যুদ্ধবিরতি ভেঙে যায়। |
| ৬ ডিসেম্বর, ২০২৩ | গাজায় যুদ্ধ বন্ধে জাতিসংঘ সনদের ৯৯ ধারা প্রয়োগ করেন জাতিসংঘের মহাসচিব **আন্তোনিও গুতেরেস**। |
| ৮ ডিসেম্বর, ২০২৩ | গাজায় যুদ্ধবিরতি চেয়ে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের প্রস্তাবটিতে **ভেটো** দেয় **যুক্তরাষ্ট্র**। |
| ১২ ডিসেম্বর, ২০২৩ | ফিলিস্তিনে ইসরায়েলের নির্বিচার হামলা বন্ধে ৩৭৭ ধারা প্রয়োগের মাধ্যমে জাতিসংঘের সাধারণ পরিষদ জরুরি বৈঠকে বসে। অর্থাৎ চলমান ইস্যু নিয়ে জাতিসংঘের বিশেষ অধিবেশন আহ্বান করা হয়। বিশেষ এ অধিবেশনে যুদ্ধবিরতির প্রস্তাব পাস হয়। |
| ২৯ ডিসেম্বর, ২০১৩ | গাজায় **গণহত্যার অপরাধে** ইসরায়েলের বিরুদ্ধে আন্তর্জাতিক বিচারিক আদালতে (ICJ) মামলা করে **দক্ষিণ আফ্রিকা**। |

| | |
|---|---|
| ২৬ জানুয়ারি, ২০২৪ | ICJ ইসরায়েলকে গণহত্যা বন্ধের নির্দেশ দেয়। |
| ১৯ ফেব্রুয়ারি, ২০২৪ | ICJ-তে ঐতিহাসিক শুনানি শুরু হয়। |
| রাফাহ ক্রসিং | মিশরের সিনায় ও ফিলিস্তিনের গাজার মধ্যকার যোগাযোগের পথ। |
| ন্যাশনাল গার্ড | ইসরায়েলের নতুন বাহিনী। |
| মুস্তারিবিন | ইসরায়েলের গুপ্তচর বাহিনী। |
| IDF (Israel Defence Forces) | ইসরায়েলের জাতীয় সামরিক বাহিনী (প্রতিষ্ঠা- ২৫ মে, ১৯৪৮। |
| নুখবা ফোর্স | ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন। 'নুখবা' আরবি শব্দ। অর্থ- অভিজাত। |
| বিশ্বের দীর্ঘ সুড়ঙ্গ অধ্যুষিত অঞ্চল | গাজা; এই সুড়ঙ্গ পথ হামাসের অন্যতম যুদ্ধ কৌশল। |
| হামাস | ফিলিস্তিনের গাজাভিত্তিক স্বাধীনতাকামী সংগঠন। হামাস শব্দের অর্থ- উদ্দীপনা/ উদ্দম। হামাসের সামরিক শাখার নাম **আল-কাসসাম বিগ্রেড**। Mitbar-1 হামাসের নিজস্বভাবে তৈরি এয়ার ডিফেন্স সিস্টেম। বর্তমান হামাস প্রদান **ইসমাইল হানিয়া**। |
| হিজবুল্লাহ | লেবানন ভিত্তিক একটি সংগঠন। হিজবুল্লাহ অর্থ- আল্লাহর দল। দলটির প্রধান লক্ষ্য স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠা। সম্প্রতি গাজার ওপর ইসরায়েলের অমানবিক হামলার জেরে হিজবুল্লাহ ইসরায়েলের সাথে সংঘাতে লিপ্ত হয়েছে। |
| হুথি | ইয়েমেনের একটি শিয়াপন্থী বিদ্রোহী গ্রুপ। সম্প্রতি ইসরায়েলের ওপর দূরপাল্লার রকেট হামলা চালিয়ে হুথি বিদ্রোহীরা আলোচনায় আসে। |

- সম্প্রতি ফিলিস্তিনিদের ওপর হামলার অভিযোগে ইসরায়েলের চার নাগরিকের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে **যুক্তরাষ্ট্র**।

| **রাশিয়া-ইউক্রেন সংকট** | |
|---|---|
| ২১ ফেব্রুয়ারি, ২০২২ | রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইউক্রেনের বিচ্ছিন্নতাকামী 'দোনেৎস্ক' ও 'লুহানস্ক' অঞ্চলের স্বাধীনতা ঘোষণা করেন। |
| ২৪ ফেব্রুয়ারি, ২০২২ | ইউক্রেনে সামরিক অভিযান চালায় রাশিয়া। |
| ২৭ ফেব্রুয়ারি, ২০২২ | আন্তর্জাতিক আন্ত:ব্যাংক লেনদেনের বার্তা ব্যবস্থা সুইফট (SWIFT) থেকে রাশিয়াকে নিষিদ্ধ করা হয়। SWIFT এর পূর্ণরূপ- Society for Worldwide Interbank Financial Telecommunication. গঠিত হয়- ৩ মে, ১৯৭৩ সালে। SWIFT এর সদর দফতর: লা হুল্পে, বেলজিয়াম। |
| ২২ জুলাই, ২০২২ | বিশ্ববাজারে শস্য রপ্তানির জন্য কৃষ্ণসাগরে অবস্থিত ইউক্রেনের বন্দরগুলো খুলে দিতে জাতিসংঘ ও তুরস্কের মধ্যস্থতায় ইস্তানবুলে রাশিয়া ও ইউক্রেনের মধ্যে ঐতিহাসিক চুক্তি (Black Sea |

| | |
|---|---|
| | Grain Initiative) স্বাক্ষরিত হয়। |
| ১১ অক্টোবর, ২০২২ | জার্মানির কাছ থেকে IRIS-T (infrared imaging system tail/thrust vector-controlled) আকাশ প্রতিরক্ষাব্যবস্থা পায় ইউক্রেন। অন্যদিকে যুক্তরাষ্ট্র NASAMS (National Advanced Surface-to-Air Missile System) নামের আকাশ প্রতিরক্ষাব্যবস্থা দেওয়ার ঘোষণা দেয়। |
| ১৭ মার্চ, ২০২৩ | রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করে ICC. |
| ২৫ মার্চ, ২০২৩ | রাশিয়া কৌশলগত পারমাণবিক অস্ত্র মোতায়ন করে বেলারুশে। |
| ৫ আগস্ট, ২০২৩ | ইউক্রেন যুদ্ধ অবসানে সৌদি আরবের জেদ্দায় শান্তি সম্মেলন হয়। |
| ১ সেপ্টেম্বর, ২০২৩ | নিজেদের তৈরিকৃত সর্বাধিক পারমাণবিক অস্ত্রবাহী **সারামাত** ক্ষেপণাস্ত্র মোতায়ন করে রাশিয়া। |
| ১৫ সেপ্টেম্বর, ২০২৩ | রাশিয়ার ভাড়াটে বাহিনী ভাগনার গ্রুপকে **সন্ত্রাসী সংগঠন** হিসেবে আখ্যায়িত করে নিষিদ্ধ ঘোষণা করে **যুক্তরাজ্য**। |
| ২ নভেম্বর, ২০২৩ | রাশিয়া নিজেকে CTBT চুক্তি থেকে প্রত্যাহার করে নেয়। |
| ৭ নভেম্বর, ২০২৩ | CFE (Conventional Armed Forces) চুক্তি থেকে রাশিয়া নিজেকে প্রত্যাহার করে নেয়। |
| ৩ জানুয়ারি, ২০২৪ | সংযুক্ত আরব আমিরাতের মধ্যস্থতায় রাশিয়া-ইউক্রেন যুদ্ধবন্দি বিনিময় করে। |

- পারমাণবিক শক্তিসম্পন্ন **বুকভেস্টনিক** ক্রুজ ক্ষেপণাস্ত্র **রাশিয়া**র তৈরি।
- বাংলাদেশসহ ৩১টি **বন্ধুসুলভ ও নিরপেক্ষ** দেশকে রুশ মুদ্রা রুবলে লেনদেনের অনুমতি দিয়েছে রাশিয়া।
- রুশ সাংবাদিক দিমিত্রি মুরাতভ- ইউক্রেনের শিশুদের সহায়তার জন্য নিজের নোবেল পুরস্কার বিক্রি করে দেন।

**বাবরি মসজিদ**

ভারতের উত্তরপ্রদেশের অযোধ্যা শহরের রামকোট পাহাড়ে অবস্থিত ছিলো বাবরি মসজিদ। ১৫২৮ সালে মুঘল সম্রাট বাবরের সেনাপতি মীর বাকি মসজিদটি নির্মাণ করেন। ৬ ডিসেম্বর, ১৯৯২ সালে হিন্দুত্ববাদীদের দ্বারা বাবরি মসজিদ ধ্বংসপ্রাপ্ত হয়। ৯ ডিসেম্বর, ২০১৯ ভারতের সুপ্রিম কোর্ট বাবরি মসজিদের স্থলে রামমন্দির নির্মাণের রায় প্রদান করে। ৫ আগস্ট, ২০২০ সালে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রামমন্দিরের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ২২ জানুয়ারি, ২০২৪ সালে নরেন্দ্র মোদী বিতর্কিত 'রামমন্দির' উদ্বোধন করেন।

**স্ট্রিং অব পার্লস নীতি (**String of Pearl Strategy)

চিনা নৌবাহিনীর ভূ-কৌশলগত অবস্থানের পরিকল্পনা হলো স্ট্রিং অব পার্লস। এই পরিকল্পনায় চিনা নৌবাহিনী তাদের সামুদ্রিক যোগাযোগ চ্যানেলকে নিরাপদ, নিরবিচ্ছিন্ন রেখে তেল আমদনি করার জন্য পোর্ট সুদান হতে শুরু করে হংকং পর্যন্ত একগুচ্ছ ঘাঁটি তৈরি করছে বা করতে যাচ্ছে। যা ম্যাপের আকারে অনেকটা মুক্তার মালার ন্যায়। এই মুক্তার মালায় মুক্তা তথা শক্ত চিনা স্ট্রং হোল্ডগুলি হতে যাচ্ছে কয়েকটি চোক পয়েন্ট- বাব এল মান্দেব (লোহিত সাগর), হরমুজ প্রণালী (ইরান), মালাক্কা প্রণালী (মালয়শিয়া), লম্বোক প্রণালী (ইন্দোনেশিয়া), পক প্রণালী (শ্রীলংকা) এবং কৌশলগত গুরুত্বপুর্ন বন্দর গোয়েদার (পাকিস্তান), মালদ্বীপ, হাম্বানতোতো (শ্রীলংকা), চট্টগ্রাম (বাংলাদেশ), সিটাওয়ে ও রেঙ্গুন (মিয়ানমার)। মূলত ভারতীয় উপমহাদেশে ভারতের ক্ষমতাবৃদ্ধিকে রুখতে একে একে ভারতের সব প্রতিবেশী দেশকে নিজেদের বলয়ে আনতে কাজ করছে চিন যা চিনের স্ট্রিং অব পার্লস নীতি নামে পরিচিত। এই নীতির নব্য সংযোজন মালদ্বীপ। ভূ-রাজনৈতিক কৌশলগত কারণে ১৯৬৫ সালে স্বাধীনতার পর থেকেই মালদ্বীপের ঘনিষ্ঠ মিত্রদেশ হিসেবে কাজ করছে ভারত। মালদ্বীপকে ভারত প্রথম স্বীকৃতি দেওয়া এবং ১৯৭২ সালে সর্বপ্রথম মালদ্বীপে দূতাবাস স্থাপন করে। মূলত ভারতীয় মহাসাগরীয় অঞ্চলে ভারতের বাণিজ্য নিরাপত্তার স্বার্থে মালদ্বীপকে মিত্র হিসেবে শুরু

থেকেই সাথে রেখেছে ভারত। কিন্তু সম্প্রতি ভারতের সেনাবাহিনীর মালদ্বীপে অনৈতিক অবস্থান মালদ্বীপের সার্বভৌমত্বের জন্য হুমকি হিসেবে মনে করতে শুরু করেছে সে দেশের জনগণ। যার প্রেক্ষিতে ২০২৩ সালের নির্বাচনে পিপল ন্যাশনাল কংগ্রেসের নেতা মোহাম্মদ মইজু মালদ্বীপের ক্ষমতায় আসেন। শপথ গ্রহণের পরের দিন ১৯ নভেম্বর, ২০২৩ মালদ্বীপ থেকে ভারতকে সৈন্য প্রত্যাহারের নির্দেশ দেন এবং ১৪ জানুয়ারি থেকে ১৫ মার্চের, ২০২৪ মধ্যে সব সেনা ভারতে ফিরিয়ে নেওয়ার সময়সীমা বেঁধে দেন। অপরদিকে ভূ-কৌশলগত কারণে মালদ্বীপের সরকার চিনের সমুদ্র গবেষণা সংক্রান্ত জাহাজ 'শিয়াং ইয়াং হং-০৩' কে তাদের বন্দর ব্যবহারের অনুমতি দেয়।




**চিত্র:** স্ট্রিং অব পার্লস

**লাক্ষাদ্বীপ:** ভারতের একটি কেন্দ্রশাসিত অঞ্চল লাক্ষাদ্বীপ। এটি ৩৬টি দ্বীপের একটি দ্বীপপুঞ্জ দক্ষিণ ভারতের কেরালা রাজ্যের উপকূলে অবস্থিত, যা পশ্চিমে আরব সাগর এবং পূর্বে ল্যাকাডিভ সাগরের মধ্যে সামুদ্রিক সীমানা হিসেবে কাজ করে। লাক্ষাদ্বীপের রাজধানী কাবারাত্তি এবং বৃহত্তম শহর অ্যান্ড্রট। লাক্ষাদ্বীপ পশ্চিমে মালদ্বীপ অবস্থিত। ৪ জানুয়ারি ২০২৪ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'মালদ্বীপ' না গিয়ে 'লাক্ষাদ্বীপ' পরিদর্শন করলে দুই দেশের মধ্যে তিক্ততা সৃষ্টি হয়। মোদী লাক্ষাদ্বীপে সফরের ছবি প্রকাশ করলে ওই ছবিতে বিতর্কিত মন্তব্য করেন মালদ্বীপের তিন মন্ত্রী। বিতর্কিত মন্তব্যের জেরে ভারতীয়রা সামাজিক যোগাযোগ মাধ্যমে 'বয়কট মালদ্বীপ' হ্যাশট্যাগ ট্রেন্ড শুরু করে। ফলে ভারতীয় পর্যটক ও এজেন্সিগুলো মালদ্বীপ ভ্রমণ বাতিল করতে শুরু করে। অবস্থা বেগতিক দেখে তিন মন্ত্রীকে সাময়িক বহিষ্কার করে মালদ্বীপ সরকার। কিন্তু দুই দেশের সম্পর্কের টানাপড়েন চূড়ান্ত রূপ ধারণ করে মালদ্বীপের ভারতবিরোধী ও চিনপন্থি রাষ্ট্রপতি মোহাম্মদ মুইজুর ভারতের সাথে সম্পর্ক থেকে সরে আসার ঘোষণায়।

✓ বাংলাদেশ-ভারত বাণিজ্যিক ট্রানজিট

২৪ এপ্রিল, ২০২৩ সালে জাতীয় রাজস্ব বোর্ড (NBR) চট্টগ্রাম ও মংলা বন্দর দিয়ে ভারতের মূল ভূখণ্ড থেকে উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলোতে ট্রানজিট ও ট্রানশিপমেন্ট চুক্তির আওতায় নিয়মিত ৪টি পথে পণ্য পরিবহনের বিষয়ে স্থায়ী আদেশ জারি করে। ৪টি পথ হচ্ছে- ১. চট্টগ্রাম বন্দর-আখাউড়া-আগরতলা, ২. মোংলা বন্দর-আখাউড়া-আগরতলা, ৩. চট্টগ্রাম-বিবিরবাজার-শ্রীমন্তপুর এবং ৪. মোংলা বন্দর-বিবিরবাজার-শ্রীমন্তপুর।

✓ বাংলাদেশ-ভূটান ট্রানজিট চুক্তি

২২ মার্চ, ২০২৩ সালে পরস্পরের ভূমি ব্যবহার করে বাণিজ্য জোরদারের লক্ষ্যে ভূটানের রাজধানী থিম্পুতে Agreement on the Movement of Traffic-in-Transit & Protocol between Bangladesh and Bhutan শীর্ষক চুক্তি বাংলাদেশ ও ভূটানের মধ্যের স্বাক্ষরিত হয়।

✓ বাংলাদেশ-ভুটান PTA (Preferential Trade Agreement)
ভুটান ৬ ডিসেম্বর, ১৯৭১ সালে সর্বপ্রথম বাংলাদেশকে স্বাধীন ও সর্বভৌম দেশ হিসাবে স্বীকৃতি প্রধান করে। ২০২০ সালের ৬ ডিসেম্বর ঐতিহাসিক এই দিনে বাংলাদেশ ও ভুটানের মধ্যে প্রথম দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তির মাধ্যমে বাংলাদেশের ১০০টি পণ্য ভুটানে এবং ভুটানের ৩৪টি পণ্য বাংলাদেশে শুল্কমুক্ত প্রবেশাধিকার সুবিধা পাবে।

✓ বাংলাদেশ-ভারত রুপিতে বাণিজ্য
১১ জুলাই, ২০২৩ সালে ভারতীয় মুদ্রা রূপাতে বাণিজ্য করার যুগে প্রবেশ করে বাংলাদেশ। ডিসেম্বর, ২০২২ সালে ভারতের নয়াদিল্লিতে বাণিজ্যমন্ত্রী পর্যায়ের বৈঠকে দ্বিপক্ষীয় বাণিজ্যের মাধ্যম হিসেবে বাংলাদেশী মুদ্রা টাকা ও ভারতীয় মুদ্রা রুপি ব্যবহারের প্রস্তাব দেওয়া হয় কিন্তু ভারতীয় মুদ্রা রুপিতে বাণিজ্য করার প্রস্তাব গৃহীত হয়। বাংলাদেশের সোনালী ব্যাংক পিএলসি ও ইস্টার্ন ব্যাংক লিমিটেড এবং ভারতের স্টেট ব্যাংক অব ইন্ডিয়া ও আইসিআইসিআই ব্যাংক লিমিটেড উভয় দেশের মধ্যে রুপিতে বাণিজ্য করার দায়িত্ব প্রাপ্ত ব্যাংক।

✓ বাংলাদেশ-ভারত মৈত্রী পাইপলাইন
১৮ মার্চ, ২০২৩ সালে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি 'বাংলাদেশ-ভারত মৈত্রী পাইপলাই'ন উদ্বোধন করেন। পাইপলাইনটি ভারতের শিলিগুড়ি থেকে বাংলাদেশের পার্বতীপুর পর্যন্ত সমতলভূমিতে বিস্তৃত; পাইপলাইনটির দৈর্ঘ্য ১৩১.৫৭ কি.মি./ ৮১.১৩ মাইল (বাংলাদেশ অংশের দৈর্ঘ্য ১২৬.৫৭ কি.মি. ও ভারত অংশের দৈর্ঘ্য ৫ কি.মি.)। দেশের উত্তরাঞ্চলের ১৬টি জেলায় নিরবিচ্ছিন্ন ডিজেল সরবরাহ করতে এ পাইপলাইনের মাধ্যমে ভারতের শিলিগুড়ি থেকে সরাসরি ডিজেল আসবে দিনাজপুরের পরবর্তীপুরে। ভারতের পক্ষে নুমালীগড় রিফাইনারি লিমিটেড এবং বাংলাদেশের পক্ষে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের যৌথ অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়িত হয়।

✓ সামরিক প্ল্যাটফর্মে বাংলাদেশ
জাপান ইন্দো-প্যাসিফিক অঞ্চলের শান্তি ও স্থিতিশীলতা নিশ্চিত করতে ২০২২ সালে উন্নয়নশীল দেশগুলোর সুবিধার জন্য Official Security Assistance (OSA) নামে একটি নতুন সহযোগিতা কাঠামো তৈরি করে। বাংলাদেশ OSA কাঠামোর প্রথম ৪টি দেশের (ফিলিপাইন, মালয়েশিয়া, বাংলাদেশ ও ফিজি) মধ্যে নির্বাচিত হয়েছে।

✓ বাংলাদেশ-ভারত রেল যোগাযোগ
ব্রিটিশ শাসনামলে ৭টি স্থান দিয়ে বর্তমান বাংলাদেশ ও ভারতের বিভিন্ন স্থানে সরাসরি যাত্রী ও পণ্যবাহী রেল চলাচল করত। বর্তমানে বাংলাদেশ ও ভারতের মধ্যে ৭টি রেল সীমান্ত রয়েছে। এর মধ্যে দর্শনা (চুয়াডাঙ্গা) – গেদে, বেনাপোল (যশোর) – পেট্রাপোল, বিরল (দিনাজপুর) – রাধিকাপুর এই ৩টি সীমান্তপথে বর্তমানে রেল চলাচল করছে। এছাড়া রহনপুর (চাঁপাই) – সিংগাবাদ, শাহবাজপুর (মৌলভীবাজার) – মহিশশান, চিলাহাটি (নীলফামারী) – হলদিবাড়ী ও বুড়িমারী (লালমনিরহাট) – চেংড়াবান্ধা এই ৪টি রেলপথে সংস্কারের কাজ চলছে। নতুন করে আখাউড়া (ব্রাহ্মণবাড়িয়া) – আগরতলা ও বিলোনিয়া (ফেনী) – বিলোনিয়া ২টি রেলপথে নির্মাণ করা হচ্ছে। ফলে ভবিষ্যতে বাংলাদেশ ও ভারতের মধ্যে রেল সীমান্ত হবে ৯টি।

• স্নায়ুযুদ্ধের পর ন্যাটোর সর্ববৃহৎ সামরিক মহড়া নাম- 'Steadfast Defender-24' (সামরিক মহড়া চলবে: ২৪ জানুয়ারি থেকে মে ২০২৪ পর্যন্ত)। এই সামরিক মহড়ায় অংশ নিয়েছে ন্যাটোভূক্ত ৩২ দেশ।

• প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৭৮তম অধিবেশনে বাংলায় ভাষণ দেন ২২ সেপ্টেম্বর, ২০২৩। এটি জাতিসংঘে দেওয়া তাঁর ১৯তম বাংলা ভাষণ। জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে সবচেয়ে বেশিবার ভাষণ দেওয়ার রেকর্ড করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলের ২০২৩-২৫ মেয়াদের জন্য নির্বাচিত হয় বাংলাদেশসহ ১৪টি দেশ। জাতিসংঘ ঘোষিত ২০২৪ সালকে International Year of Camelids বর্ষ ঘোষণা করা হয়েছে।

• জাতিসংঘের ঘোষণা অনুযায়ী, এপ্রিল থেকে ডিসেম্বর, ২০২৪ এর মধ্যে মধ্য আফ্রিকার দেশ ডেমোক্রেটিক রিপাবলিক অব কঙ্গো (ডি আর কঙ্গো) থেকে জাতিসংঘের শান্তিরক্ষীদের প্রত্যাহার করে নেওয়া হবে। এর মাধ্যমে ডি আর কঙ্গোয় জাতিসংঘ শান্তিরক্ষা মিশন 'মনুস্ক' (MONUSCO) ২৫ বছর অবস্থানের অবসান ঘটে।

• জাতিসংঘের নিরাপত্তা পরিষদে সবচেয়ে বেশি ভেটো প্রদানকারী দেশ- রাশিয়া (১২৪টির অধিক)।

# আগামী বিশ্ব

• ২০২৪ সালে শীর্ষ দ্রুত বর্ধনশীল অর্থনীতির দেশ হবে- ভারত; ২য়- বাংলাদেশ এবং সর্বোচ্চ মূল্যস্ফীতির দেশ হবে- আর্জেন্টিনা; ৪র্থ- বাংলাদেশ (৭.৩%)।
• ২০২৪ সালের মধ্যে পরিবেশ দূষণকারী সমস্ত ইট ভাটা বাদ দেওয়ার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ সরকার।
• ২০২৪ সালের ওয়ার্ল্ড বুক ক্যাপিটাল- স্ট্রাসবার্গ, ফ্রান্স।
• ২০২৪ সালে মহাকাশে কাঠের তৈরি স্যাটেলাইট পাঠাবে- জাপান।
• ২০২৪ সালে প্রথম নারী হিসেবে চন্দ্রভিযানে যাবেন- ক্রিস্টিনা কচ।
• Artemis Program হলো মার্কিন সরকারের অর্থায়নে ২০২৪ সালের মধ্যে চাঁদে মানুষ পাঠানোর কার্যক্রম।
• ২০২৪ সালের চতুর্থ প্রান্তিক থেকে ডিজিটাল মুদ্রা চালু করবে ব্যাংক অব কোরিয়া (BOK)। ডিজিটাল মুদ্রার নতুন একটি রূপ হবে কেন্দ্রীয় ব্যাংক ডিজিটাল কারেন্সি (CBDC), যেটি প্রতিটি দেশের কেন্দ্রীয় ব্যাংকের নিয়ন্ত্রণে থাকবে।
• ৫ নভেম্বর, ২০২৪: যুক্তরাষ্ট্রে ৬০তম প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হবে।
• ৫ ফেব্রুয়ারি, ২০২৬ পর্যন্ত যুক্তরাষ্ট্র ও রাশিয়ার মধ্যে স্বাক্ষরিত New START -এর মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।
• সেপ্টেম্বর, ২০২৬: যুক্তরাষ্ট্রের নাসার 'আর্টেমিস-৩' মিশন অবতরণ করবে- চাঁদের দক্ষিণ মেরুতে।
• ২০৩০ সালে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (SDG) মেয়াদ শেষ হবে।
• ২০৩০ সালে বিশ্ব হবে এইডসমুক্ত।
• ২০৩০ সালে বিশ্বকাপ ফুটবলের শতবর্ষ পূর্ণ হবে।
• ২০৩০ সালের মধ্যে আমেরিকা কার্বন নিঃসরণ কমিয়ে ২০০৫ সালের তুলনায় অর্ধেকে নামিয়ে আনবে।
• GDP'র ভিত্তিতে ২০৩৬ সালে শীর্ষ ৫ অর্থনীতির দেশ হবে- চিন, যুক্তরাষ্ট্র, ভারত, জার্মানি ও জাপান।
• ২০৩৬ সাল পর্যন্ত রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন রাশিয়ার ক্ষমতায় থাকবেন।
• বিশ্বকে পরমাণু অস্ত্র মুক্তকরণ কর্মসূচীর নাম- গ্লোবাল জিরো। অর্থাৎ ২০৪৫ সালের মধ্যে সম্পূর্ণরূপে পরমাণু অস্ত্র ধ্বংস করার কর্মসূচী।
• ২০৪৭ সালে চিনের দ্বৈতনীতির মেয়াদ শেষ হবে।
• ২০৬২ সালে হ্যালির ধূমকেতু আবার দেখা যাবে।

# বিবিধ প্রসঙ্গ

• বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম ইউনিয়নের 'তমব্রু' মিয়ানমার সীমান্তে অবস্থিত।
• 'বাংলাদেশ স্ট্রিট' অবস্থিত- নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।
• মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে 'স্বর্ণমুদ্রা' চালু করেছে জিম্বাবুয়ে। মুদ্রাস্ফীতিকে অর্থনীতির 'নীরব ঘাতক' বলা হয়। বর্তমান বিশ্বে সর্বোচ্চ মুদ্রাস্ফীতির দেশ ভেনিজুয়েলা। 'কয়েনবেস' একটি ডিজিটাল মুদ্রা সিস্টেম।
• ব্রাজিল-আর্জেন্টিনার প্রস্তাবিত অভিন্ন মুদ্রার নাম- Sur.
• প্রথম দেশ হিসেবে 'বিট কয়েন'কে বৈধ মুদ্রা হিসেবে স্বীকৃতি দেয়- এল সালভাদর। 'বিট কয়েন' এর আবিষ্কারক সাতোশি নাকামাতো।
• অস্কারের ৯৬তম আসরে Best International Feature Film বিভাগে বাংলাদেশ থেকে অংশ নিবে যে চলচ্চিত্র- পায়ের তলায় মাটি নাই।
• মুক্তিযুদ্ধ নিয়ে দেশের প্রথম আন্তর্জাতিক চলচ্চিত্র- জেকে-৭১ [পরিচালক- ফখরুল আরেফিন খান]।

বইয়ের তথ্যগত আপডেট জানতে যুক্ত থাকুন Mississippi Publications ফেসবুক গ্রুপ ও পেইজে

## সাম্প্রতিক সময়ে আলোচিত গ্রন্থসমূহ

| গ্রন্থ | রচয়িতা/সম্পাদক | গ্রন্থ | রচয়িতা/সম্পাদক |
|---|---|---|---|
| ফ্রেম ডন টু ডার্কনেস | ড. রেহমান সোবহান | ভেঙেছে দুয়ার এসেছ জ্যোতির্ময় | মো. মজিবুর রহমান |
| জিওপলিটিক্স ফরেন পলিসি অ্যান্ড ডিপ্লোমেসি | এসএমডি জিদান | আমার জীবননীতি আমার রাজনীতি | মো. আবদুল হামিদ |
| The Foreshadowing of Bangladesh | হারুন-অর-রশিদ | এগিয়ে যাবে বাংলাদেশ | রাষ্ট্রপতি মো. শাহাবুদ্দিন |
| বাংলাদেশ কোন পথে | রণেশ মিত্র | A Story of My Life | মনজুরুল হক |
| আর্মড কোয়েস্ট ফর ইন্ডিপেন্ডেন্স; সত্য মামলা আগরতলা | কর্নেল (অব.) শওকত আলী | | |

• Bangladesh: The Best Case of Development বইটি রচিয়তা- জাস্ট ফাল্যান্ড অ্যান্ড জ্যাক আর পার্কিনসন।
• Sheikh Hasina: The Story of a Blossoming Bangladesh বইটির সম্পাদক- ড. মোফাখখারুল ইসলাম।
• Secret Documents of Intelligence Branch on Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman বইটির সম্পাদক- প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

### বাংলাদেশের বর্তমান প্রশাসনিক কাঠামো

| নাম | বর্তমান সংখ্যা | সর্বশেষ | নাম | বর্তমান সংখ্যা | সর্বশেষ |
|---|---|---|---|---|---|
| বিভাগ | ৮টি | ময়মনসিংহ | থানা | ৬৫২টি | ঈদগাঁও*1 |
| সিটি কর্পোরেশন | ১২টি | ময়মনসিংহ | পৌরসভা | ৩৩০টি | শ্যামনগর (সাতক্ষীরা) |
| জেলা | ৬৪টি | - | ইউনিয়ন | ৪,৫৯৬/ ৪,৫৭৯টি*2 | - |
| উপজেলা | ৪৯৫টি | মধ্যনগর (সুনামগঞ্জ) | গ্রাম | ৯০,০৪৯টি | - |

নোট: *1 সর্বশেষ NICAR কর্তৃক অনুমোদিত ৩টি উপজেলা: ঈদগাঁও (কক্সবাজার), ডাসার (মাদারীপুর) এবং মধ্যনগর (সুনামগঞ্জ)।
*2 ইউনিয়ন- ৪৫৯৬টি (সূত্র: ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা-২০২২); ইউনিয়ন- ৪৫৭৯টি (সূত্র: স্থানীয় সরকার দিবস বিশেষ ক্রোড়পত্র-২০২৪]

### প্রস্তাবিত/বাস্তবায়িত প্রকল্পসমূহ

| প্রকল্পের নাম | স্থান | প্রকল্পের নাম | স্থান |
|---|---|---|---|
| ট্যানারি শিল্প পার্ক | সাভার, ঢাকা | Land Customs Station | মুক্তারপুর, মুন্সিগঞ্জ |
| সফটওয়্যার টেকনোলজি পার্ক | জনতা টাওয়ার, ঢাকা | দেশের প্রথম মুদ্রণ শিল্প পার্ক | সিরাজদিখান, মুন্সিগঞ্জ |
| বঙ্গবন্ধু হাইটেক সিটি | কালিয়াকৈর, গাজীপুর | দেশের প্রথম ঔষধ পার্ক | গজারিয়া, মুন্সিগঞ্জ |
| ডিজিটাল বিশ্ববিদ্যালয় | কালিয়াকৈর, গাজীপুর | পোশাক শিল্প পার্ক | বাউশিয়া, মুন্সিগঞ্জ |
| জাহাজ ভাঙা শিল্প | সীতাকুণ্ড, চট্টগ্রাম | দেশের প্রথম বিশ্ব বাণিজ্য কেন্দ্র | চট্টগ্রাম (উদ্বোধন: ২০১৬ সালে) |

• বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার (BBCFEC) অবস্থিত- পূর্বাচল, ঢাকা (উদ্বোধন: ২১ অক্টোবর, ২০২১)

বইয়ের তথ্যগত আপডেট জানতে যুক্ত থাকুন Mississippi Publications ফেসবুক গ্রুপ ও পেইজে

| Recent Abbreviation | | | |
|---|---|---|---|
| ACR | Annual Confidential Report | IDTP | Interoperable Digital Transaction Platform |
| APAR | Annual Performance Appraisal Report | PLC | Public Limited Company |
| BNQF | Bangladesh National Qualification Framework | RPO | Representation of the People Order |
| BPPA | Bangladesh Public Procurement Authority | | |

## বিভিন্ন সংস্থার সদস্য সংখ্যার পরিবর্তনসমূহ

| সংস্থা | বর্তমান সদস্য | সর্বশেষ সদস্য দেশ |
|---|---|---|
| NATO | ৩২ | সুইডেন (৭ মার্চ, ২০২৪) |
| OPEC | ১২ | কঙ্গো (২০১৮)[সদস্যপদ ত্যাগ: অ্যাঙ্গোলা (১ জানুয়ারি, ২০২৪)] |
| East African Community (EAC) | ৮ | সোমালিয়া (২৪ নভেম্বর, ২০২৩) |
| আন্তর্জাতিক হাইড্রোগ্রাফিক সংস্থা (IHO) | ৯৯ | কেপভার্দে (১৬ নভেম্বর, ২০২৩) |
| আন্তর্জাতিক অপরাধ আদালত (ICC) | ১২৪ | আর্মেনিয়া (১৪ নভেম্বর, ২০২৩) |
| ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন (IPU) | ১৮০ | বাহামাস (২৪ অক্টোবর, ২০২৩) |
| এশীয় অবকাঠামো বিনিয়োগ ব্যাংক (AIIB) | ৯৩ | লিবিয়া (২৩ সেপ্টেম্বর, ২০২৩) |
| আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা (IAEA) | ১৭৮ | গিনি (১৯ সেপ্টেম্বর, ২০২৩) |
| G-20 | ২১ | আফ্রিকান ইউনিয়ন (৯ সেপ্টেম্বর, ২০২৩) |
| ইউনেস্কো | ১৯৪ | যুক্তরাষ্ট্র (পুনরায় যোগদান: ১০ জুলাই, ২০২৩) |
| সাংহাই সহযোগিতা সংস্থা | ৯ | ইরান (৪ জুলাই, ২০২৩) |

| | | |
|---|---|---|
| (SCO) | | |
| বিশ্ব পর্যটন সংস্থা (UNWTO) | ১৬০ | বেলিজ (২০২৩) [সদস্যপদ ত্যাগ: রাশিয়া (২৭ এপ্রিল, ২০২৩)] |
| New Development Bank (NDB) | ৮ | মিশর (২০ ফেব্রুয়ারি, ২০২৩) |
| BRICS [সৌদি আরবের সদস্যপদ গ্রহণ দেশটির বিবেচনাধীন রয়েছে] | ৯ | ইরান, আরব আমিরাত, মিশর ও ইথিওপিয়া (১ জানুয়ারি, ২০২৩) |

নোট: সংগঠন বিষয় বিস্তারিত জানতে **মিসিসিপি আন্তর্জাতিক প্রসঙ্গ** বইটি সংগ্রহ করতে পারেন। আন্তর্জাতিক বিষয়ের উপরে এটি একটি অপ্রতিদ্বন্দ্বী বই।

✓ জামাল নজরুল ইসলাম (২৪ ফেব্রুয়ারি, ১৯৩৯ – ১৬ মার্চ, ২০১৩) একজন বাংলাদেশি পদার্থবিজ্ঞানী, গণিতবিদ, জ্যোতির্বিজ্ঞানী ও বিশ্বতত্ত্ববিদ। তিনি কৃষ্ণগহ্বর বা ব্ল্যাক হোল (Black Hole) নিয়ে মৌলিক গবেষণা করেছেন। ১৯৮৩ সালে কেমব্রিজ ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত Ultimate fate of the Universe (দ্য আলটিমেইট ফেইট অব দ্য ইউনিভার্স) তার একটি সুবিখ্যাত গবেষণা গ্রন্থ। কৃষ্ণগহ্বর বা ব্ল্যাক হোল (Black Hole) হলো মহাবিশ্বের উদ্ভব, অস্তিত্ব, পরিণতি ও প্রকৃতি বিষয়ক একটি বহুল প্রচলিত ধারণা।

## ২০২৪ সালে চাকরির পরীক্ষায় আসা সাম্প্রতিক প্রশ্ন

১. আটলান্টিকের তলদেশে নিখোঁজ হয়- যুক্তরাষ্ট্রের ওসান গেটের 'দ্য টাইটান' নামক সাবমেরিন।
২. ডিজিটাল ব্যাংকের জন্য মূলধন লাগবে- ১২৫ কোটি টাকা।
৩. এশিয়ার সর্ববৃহৎ মসজিদ অবস্থিত- সৌদি আরবে।
৪. এশিয়ান গেমস ২০২৩ সালে দ্রুততম মানব, মানবী- শিয়ে চেন-ইয়ে এবং জে ম্যানকিউ (চিন)।
৫. ঘূর্ণিঝড় মিধিলি'র নামকরণ করেন- মালদ্বীপ।
৬. রানি এলিজাবেথ এর পরে রাজা হন- ৩য় চার্লস।
৭. ২০২৩ সালে ভারতে অনুষ্ঠিত হয় ক্রিকেট বিশ্বকাপের- ১৩ তম আসর।
৮. ২০২৩ এ চিকিৎসায় নোবেল পুরস্কার পান- যুক্তরাষ্ট্রের কাতালিন কারিকো ও ডু ওয়েজমান।
৯. ২০২৩ ফিফা নারী বিশ্বকাপ (২০ জুলাই – ২০ আগস্ট, ২০২৩) অনুষ্ঠিত হয়- অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডে।
১০. ১৯৭১ সালে গণহত্যাকে জেনোসাইট, মানবতা বিরোধী অপরাধ এবং যুদ্ধাপরাধ ঘোষণা করে- IAGS (International Association of Genocide Scholars)।
১১. শেখ হাসিনার সরনি- ১৪ লেন বিশিষ্ট।
১২. নাসার তথ্যমতে পৃথিবীর গড় তাপমাত্রা- ১৫° সেলসিয়াস।
১৩. ঢাকার-কক্সবাজার রুটে বাণিজ্যিক ট্রেন চলাচল শুরু হয়- ১ ডিসেম্বর, ২০২৩।
১৪. পৃথিবীর জনসংখ্যা বর্তমানে- ৮০৪.৫০ কটি।
১৫. পদ্মা সেতুর প্রস্থ- ১৮.১০ মিটার।
১৬. শেখ হাসিনাকে এশিয়ার আয়রন লেডি ঘোষণা করে- দ্য ইকোনমিস্ট (২০২৩)।
১৭. 'কারাগারের রোজনামচা' এর গ্রন্থস্বত্ব- বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্ট।
১৮. বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব পদক (গবেষণা) ২০২৩ এ ভূষিত হন- সেঁজুতি সাহা।

১৯. বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের উপর নির্মিত চলচ্চিত্রের নাম- দ্যা স্পিচ।
২০. সম্প্রতি গাড়িবোমা হামলায় নিহত হন- ইরানের শীর্ষ পরমাণু বিজ্ঞানী মোহসেন ফাকরিজা দেহ।
২১. শাহজালাল বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের নির্মাণ কাজ উদ্বোধন করা হয়- ২৮ ডিসেম্বর, ২০১৯।
২২. ব্রিকসের নতুন ৫ সদস্য- ইরান, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, মিশর ও ইথিওপিয়া (২০২৪)।
২৩. GPT এর পূর্ণর- General-Purpose Technology.
২৪. ২০০২৩ সালে সাহিত্যে নোবেল পুরস্কার- জন ফসে (নরওয়ে)।
২৫. বিশ্ব সুখ সূচক- ২০২৩ সালে এশিয়ার শীর্ষ দেশ- সিঙ্গাপুর [বাংলাদেশ-১১৮]। অপরদিকে, ২০২৪ সালের হিসেবে বিশ্বের শীর্ষে- ফিনল্যান্ড এবং বাংলাদেশ ১২৯তম।
২৬. দেশের দ্রুততম মানবী- শিরিন আক্তার।
২৭. এশিয়া কাপ ফুটবল ২০২৪ এ রানার্স আপ- জর্দান।
২৮. যুক্তরাষ্ট্রের প্রেরিত বিশ্বের প্রথম বেসরকারি চন্দ্রযান- ওডিসিস (Odysseus)।
২৯. শিক্ষার হার সবচেয়ে বেশি- বরিশাল বিভাগে (বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্টাটিসটিক্স) এবং ঢাকা বিভাগে (জনশুমারি-২০২২)।
৩০. ২০২৩ সালে পুরুষ হকি বিশ্বকাপে চ্যাম্পিয়ন- জার্মানি।
৩১. ২০২৪ সালে কোপা আমেরিকা ফুটবল টুর্নামেন্ট আয়োজন করেবে- যুক্তরাষ্ট্র।
৩২. ২০২৩ সালে নোবেল শান্তি পুরস্কার প্রাপ্তি নার্গিস মোহাম্মদি কোন দেশের নাগরিক- ইরান।
৩৩. পৃথিবীর বৃহত্তম বিমানবন্দর- কিং ফাহাদ।

## সাম্প্রতিক এমসিকিউ প্রশ্নোত্তর

১. ইসরায়েলি বিমান হামলার নিহত ইরানের সামরিক বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তা-
ক. মোহাম্মদ রেজা জাহেদী খ. সালমান ফারুকী গ. মাহমুদ ইব্রাহিম ঘ. জাহিদ হাসান উত্তর: ক
২. 'বিধবা ভাতা ২০২৪' অনুযায়ী মাসিক ভাতা কত?
ক. ৫০০ টাকা খ. ৫৫০ টাকা গ. ৬০০ টাকা ঘ. ৬৫০ টাকা উত্তর: খ
৩. সেনেগালে প্রধানমন্ত্রী-
ক. বোসকাম ইমরান খ. ওসমান জুনাইদ গ. ওসমান ইহসান ঘ. ওসমান সোনকো উত্তর: ঘ
৪. পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (পিডিএফ) কোন দেশের বিদ্রোহী গোষ্ঠী-
ক. কলম্বিয়া খ. আফ্রিকা গ. মিয়ানমার ঘ. শ্রীলংকা উত্তর: গ
৫. পূর্ণগ্রাস সূর্যগ্রহণ প্রত্যক্ষ করেন-
ক. আয়ারল্যান্ড খ. কানাডা গ. অস্ট্রেলিয়া ঘ. জিম্বাবুয়ে উত্তর: খ
৬. ফিলিস্তিনকে সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার ইঙ্গিত দেয়-
ক. সুইজারল্যান্ড খ. কানাডা গ. মোনাকো ঘ. অস্ট্রেলিয়া উত্তর: ঘ
৭. সাগরে চিনের আধিপত্য নিয়ে গভীর উদ্বেগ-
ক. যুক্তরাষ্ট্র-জাপান ও ফিলিপাইন খ. শ্রীলঙ্কা-ভারত গ. হংকং-যুক্তরাষ্ট্র ঘ. কানাডা-জাপান-যুক্তরাষ্ট্র উত্তর: ক
৮. ইরান কত তারিখ ইসরায়েলে ক্ষেপণাস্ত্র হামলা চালায়?
ক. ১১ এপ্রিল খ. ১২ এপ্রিল গ. ১৩ এপ্রিল ঘ. ১৪ এপ্রিল উত্তর: গ
৯. কোন মার্কিন প্রেসিডেন্ট হিসেবে ফৌজদারি বিচারের মুখোমুখি হয়?
ক. বাইডেন খ. ওবামা গ. বুশ ঘ. ট্রাম্প উত্তর: ঘ
১০. চ্যাটজিপিটির নির্মাতা-
ক. OpenA1 খ. SpaceX গ. Microsoft ঘ. অ্যামাজন উত্তর: ক
১১. সম্প্রতি ইসরায়েলকে সহায়তা করায় কোন দেশের জনগণ বিক্ষোভ করে-

ক. মিশর খ. সৌদি আরব গ. তুরস্ক ঘ. জর্ডান উত্তর: ঘ

১২. টাইম ম্যাগাজিনে বিশ্বের প্রভাবশালী ১০০ ব্যক্তির তালিকায় স্থান পায় কোন বাংলাদেশি?
ক. মেরিন তাবাসসুম খ. মারিনা মিথিলা গ. মেরিন ইয়াসমিন ঘ. মেরিনা তাবাসসুম উত্তর: ঘ

১৩. সম্প্রতি কোন দেশ বাংলাদেশের সঙ্গে ব্যবসা ও যোগাযোগের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে ঢাকায় আলাদা ভিসা কেন্দ্র চালু করে-
ক. ভারত খ. জাপান গ. চিন ঘ. যুক্তরাষ্ট্র উত্তর: গ

১৪. ইস্পাহান কোন দেশের বিখ্যাত শহর-
ক. তুরস্ক খ. ফিলিস্তিন গ. ইরান ঘ. ইরাক উত্তর: গ

১৫. মালদ্বীপের পার্লামেন্টের নাম-
ক. নেসেট খ. সিনেট গ. কংগ্রেস ঘ. মজলিস উত্তর: ঘ

১৬. সম্প্রতি থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে UNESCAP এর কততম অধিবেশন শুরু হয়?
ক. ৬৯ খ. ৭৯ গ. ৮০ ঘ. ৮১ উত্তর: গ

১৭. বাংলাদেশ ও কাতারের মধ্যে সম্প্রতি কতটি চুক্তি স্বাক্ষরিত হয়?
ক. ৩টি খ. ৪টি গ. ৫টি ঘ. ৬টি উত্তর: গ

১৮. 'জ্যামাইকা' ক্যারিবিয়ান কমিউনিটির (CARICOM) কত তম সদস্য?
ক. ১১তম খ. ১২তম গ. ১৩তম ঘ. ১৪তম উত্তর: খ

১৯. আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের (AMU) প্রথম নারী ভাইস চ্যান্সেলর-
ক. রাজিয়া খাতুন খ. নাইমা রহমান গ. ইয়াসমিন সাদিয়া ঘ. নাইমা খাতুন উত্তর: ঘ

২০. প্রথম প্রধানমন্ত্রী হিসেবে বাংলাদেশের কোন প্রধানমন্ত্রী থাইল্যান্ড সফর করেন?
ক. তাজউদ্দিন আহমেদ খ. খালেদা জিয়া গ. বঙ্গবন্ধু ঘ. শেখ হাসিনা উত্তর: ঘ

২১. সামরিক ব্যয়ে শীর্ষ দেশ-
ক. যুক্তরাষ্ট্র খ. চিন গ. রাশিয়া ঘ. ভারত উত্তর: ক

২২. স্বাধীনতা ও সমৃদ্ধি সূচক (১৬ এপ্রিল, ২০২৪) কতটি দেশ অন্তর্ভুক্ত ছিল-
ক. ১৫৪ খ. ১৬৪ গ. ১৭৪ ঘ. ১৬৫ উত্তর: খ

২৩. সমৃদ্ধি সূচকে বাংলাদেশের (১৬ এপ্রিল, ২০২৪) অবস্থান-
ক. ১৪১ খ. ৭৭ গ. ৯৯ ঘ. ৪৭ উত্তর: গ

২৪. বৈশ্বিক শীর্ষ ধনীর (৩ এপ্রিল, ২০২৪) তালিকায় একমাত্র বাংলাদেশি-
ক. সালমান এফ রহমান খ. এস এম ডি জিদান গ. অনন্ত জলিল ঘ. মুহাম্মদ আজিজ খান উত্তর: ঘ

২৫. SpaceX এর প্রতিষ্ঠাতা-
ক. ল্যারি পেজ খ. ইলন মাস্ক গ. সের্গেই ব্রিন ঘ. স্টিভ বলমার উত্তর: খ

২৬. বিশ্ব জনসংখ্যা প্রতিবেদন ২০২৪ অনুসারে বাংলাদেশের অবস্থান-
ক. ষষ্ঠ খ. সপ্তম গ. অষ্টম ঘ. নবম উত্তর: গ

২৭. বিশ্বের শীর্ষ জনবহুল দেশ-
ক. চিন খ. ভারত গ. যুক্তরাষ্ট্র ঘ. ইন্দোনেশিয়া উত্তর: খ

২৮. রপ্তানিতে শীর্ষ দেশ-
ক. চিন খ. নেদারল্যান্ড গ. যুক্তরাষ্ট্র ঘ. জার্মানি উত্তর: ক

২৯. বাংলাদেশের কোন বিভাগে দরিদ্রের হার সবচেয়ে কম?
ক. ঢাকা খ. চট্টগ্রাম গ. বরিশাল ঘ. সিলেট উত্তর: ঘ

৩০. মানব উন্নয়ন প্রতিবেদনে সার্কভুক্ত শীর্ষ দেশ-
ক. বাংলাদেশ খ. ভারত গ. শ্রীলংকা ঘ. মালদ্বীপ উত্তর: গ

৩১. ৯৬তম Oscar পুরস্কারের সেরা ছবি-
ক. গাঙ্গুলী খ. ওপেন দ্য মাইন্ড গ. ওপেনহাইমার ঘ. স্যাক্রিট হিস্টরি উত্তর: গ

৩২. ভারতের অসামরিক সম্মাননা 'পদ্মশ্রী'-তে ভূষিত হয়েছেন কোন বাংলাদেশি?

ক. বুলবুল রায়হান খ. রেজওয়ানা চৌধুরী বন্যা গ. ইয়াসমিন ঘ. সামিয়া সুলতানা উত্তর: খ

৩৩. ২০২৪ সালে একুশে পদক দেওয়া হয় কতজন ব্যক্তি কে?

ক. ৭ জন খ. ১০ জন গ. ১৫ জন ঘ. ২১ জন উত্তর: ঘ

৩৪. ICC'র পূর্ণ সদস্য দেশগুলোর মধ্যে প্রথম আন্তর্জাতিক নারী টি-২০তে দুটি হ্যাটট্রিক করেন-

ক. ফাহিমা খাতুনের খ. রুমানা আহমেদ গ. ফারিহা ইসলাম ঘ. সালমা খাতুন উত্তর: গ

৩৫. বর্তমান খেলোয়ারদের মধ্যে সর্বোচ্চ হ্যাটট্রিক করেন-

ক. ক্রিস্টিয়ানো রোনালদো খ. ফেরেঙ্ক ডিক গ. হেলমখেন ঘ. মেসি উত্তর: ক

৩৬. D-8 এর বর্তমান প্রেসিডেন্ট-

ক. অজয় বাঙ্গা গ. গোলাম সারওয়ার গ. শেখ হাসিনা ঘ. পুষ্প কমল দাহাল উত্তর: গ

৩৭. NATO মহাসচিব-

ক. গিলবার্ট এফ. হাউংবো খ. জেনস স্টলেনবার্গ গ. অ্যানিস ক্যালামার্ড ঘ. হাইথাম আল গাইস উত্তর: খ

৩৮. মালদ্বীপের বর্তমান প্রেসিডেন্ট-

ক. ইয়ুন সুক-ইয়ুন খ. দ্রৌপদী মুর্মু গ. রামচন্দ্র পাওদেল ঘ. মোহাম্মদ মুইজ্জু উত্তর: ঘ

৩৯. জিইএমের তথ্য মতে, বৈশ্বিক উদ্যোক্তা রাঙ্কিং এ শীর্ষস্থান অধিকার করেছে কোন দেশ?

ক. কাতার খ. সৌদি আরব গ. সংযুক্ত আরব আমিরাত ঘ. কুয়েত উত্তর: গ

৪০. বাংলাদেশের বাজারে যৌথভাবে 'পে-লেটার' সেবা চালু করেছে কোন কোন প্রতিষ্ঠান?

ক. বাংলাদেশ ব্যাংক খ. টিআইবি গ. টিসিবি ঘ. সিটি ব্যাংক ও বিকাশ উত্তর: ঘ

৪১. এ বছর রপ্তানিতে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক কমার্শিয়ালি ইম্পরট্যান্ট পারসন বা সিআইপি নির্বাচিত হয়েছেন কতজন?

ক. ৬৮ জন খ. ১১২ জন গ. ১৮৪ জন ঘ. ২০৫ জন উত্তর: গ

৪২. আগামী অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ধরা হয়েছে কত শতাংশ?

ক. ৬.৭৫% খ. ৫.৭৫% গ. ৬.৭০% ঘ. ৭.৭৫% উত্তর: ক

৪৩. এডিবির তথ্য মতে এশিয়ার কোন দেশে জীবনযাত্রার ব্যয় সবচেয়ে বেশি?

ক. বাংলাদেশ খ. ভারত গ. পাকিস্তান ঘ. আফগানিস্তান উত্তর: গ

৪৪. আইএমএফের মতে ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি হবে কত শতাংশ?

ক. ৬.৭% খ. ৫.৭% গ. ৬.৭% ঘ. ৭.৭% উত্তর: খ

৪৫. পেনশন কর্মসূচিতে জনগণকে আগ্রহী করে তুলতে প্রথম সর্বজনীন পেনশন মেলার আয়োজন করা হয়েছে কোথায়?

ক. ঢাকাতে খ. বরিশালে গ. চট্টগ্রামে ঘ. রাজশাহীতে উত্তর: ঘ

৪৬. ৬০তম মিউনিখ নিরাপত্তা সম্মেলনে প্রধানমন্ত্রীর শেখ হাসিনা কয়টি দেশের রাষ্ট্রপ্রধানদের সাথে দ্বিপাক্ষিক বৈঠক করেন?

ক. ৬টি খ. ৭টি গ. ৮টি ঘ. ৯টি উত্তর: ক

৪৭. WEF এর পূর্ণরূপ-

ক. World Economic Foundation খ. World Economy Forum

গ. Worldwide Economic Forum ঘ. World Economic Forum উত্তর: ঘ

৪৮. ইউনেস্কো-বঙ্গবন্ধু আন্তর্জাতিক পুরস্কার প্রদান করা হয় কোন ক্ষেত্রে-

ক. অর্থনীতিতে খ. সৃজনশীল অর্থনীতিতে গ. রাজনৈতিক ক্ষেত্রে ঘ. শিল্প সংস্কৃতি উত্তর: খ

৪৯. দেশের প্রথম মহাকাশ অবলোকন কেন্দ্র কোথায় অবস্থিত?

ক. গোপালগঞ্জ খ. কুষ্টিয়া গ. ফরিদপুর ঘ. নারায়ণগঞ্জ উত্তর: গ

৫০. GI এর পূর্ণরূপ-

ক. Geographical Identity খ. Geographic Indication

গ. Geological Indication ঘ. Geographical Indication উত্তর: ঘ

# ৪৬ বিসিএস প্রিলিমিনারি প্রশ্ন সমাধান (সাধারণ জ্ঞান অংশ)

## বাংলাদেশ প্রসঙ্গ

১. পাহাড়পুরের 'সোমপুর মহাবিহার' বাংলার কোন শাসন আমলের স্থাপত্য কীর্তির নিদর্শন?

ক. মৌর্য খ. পাল গ. গুপ্ত ঘ. চন্দ্র উত্তর: খ

২. মুজিবনগর সরকারকে গার্ড অব অনার নেতৃত্ব দেন কে?

ক. মোহাম্মদ সোলায়মান খ. আব্দুল খালেক
গ. মাহাবুব উদ্দিন আহমেদ ঘ. শৈলেন্দ্র কিশোর চৌধুরী উত্তর: গ

৩. ঐতিহাসিক ৬-দফা দাবিতে কোন দু'টি বিষয় কেন্দ্রিয় সরকারের হাতে রাখার প্রস্তাব ছিল?

ক. বৈদেশিক বাণিজ্য ও প্রতিরক্ষা খ. অর্থ ও পররাষ্ট্র
গ. স্বরাষ্ট্র ও পরিকল্পনা ঘ. প্রতিরক্ষা ও পররাষ্ট্র উত্তর: ঘ

৪. বাংলার প্রাচীন জনপদ হরিকেল-এর বর্তমান নাম কী?

ক. সিলেট ও চট্টগ্রাম খ. ঢাকা ও ময়মনসিংহ গ. কুমিল্লা ও নোয়াখালী ঘ. রাজশাহী ও রংপুর উত্তর: ক

৫. বাংলাদেশের কোন বিভাগে জনসংখ্যার ঘনত্ব সবচেয়ে কম?

ক. সিলেট খ. খুলনা গ. বরিশাল ঘ. চট্টগ্রাম উত্তর: গ

৬. ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ কোন মন্ত্রণালয়ের আওতাভুক্ত?

ক. পরিকল্পনা খ. শিল্প গ. বাণিজ্য ঘ. অর্থ উত্তর: গ

৭. বাংলাদেশ সরকার কোন উৎস থেকে সর্বোচ্চ রাজস্ব আয় করে?

ক. ভূমি রাজস্ব খ. মূল্য সংযোজন কর গ. আয় কর ঘ. আমদানি শুল্ক উত্তর: খ

৮. মারমাদের সবচেয়ে বড় উৎসবের নাম কী?

ক. বিজু খ. রাশ গ. সাংগ্রাই ঘ. বাইশু উত্তর: গ

৯. বিশ্বকাপ ক্রিকেট ২০২৩-এ বাংলাদেশের কোন খেলোয়াড় সর্বোচ্চ রান করেন?

ক. লিটন দাস খ. মুশফিকুর রহিম গ. সাকিব আল হাসান ঘ. মাহমুদুল্লাহ রিয়াদ উত্তর: ঘ

১০. বাংলাদেশের পররাষ্ট্র নীতি সংক্রান্ত নির্দেশনা সংবিধানের কত অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে?

ক. ২৫ খ. ২৬ গ. ২৭ ঘ. ২৮ উত্তর: ক

১১. মাতৃপ্রদান পরিবার ব্যবস্থার প্রচলন কোন জাতিসত্ত্বায় রয়েছে?

ক. গারো খ. সাঁওতাল গ. মনিপুর ঘ. চাকমা উত্তর: ক

১২. অ্যাটর্নি জেনারেল রাষ্ট্রের কোন অংশের কর্মকর্তা?

ক. প্রধানমন্ত্রীর কার্যালয় খ. বিচার বিভাগ গ. নির্বাহী বিভাগ ঘ. মন্ত্রিপরিষদ বিভাগ উত্তর: গ

১৩. বাংলাদেশে কোন নদী কার্পজাতীয় মাছের রেনুর প্রধান উৎস?

ক. সালদা খ. হালদা গ. পদ্মা ঘ. কুমার উত্তর: খ

১৪. ব-দ্বীপ পরিকল্পনা ২০২১-এ কয়টি ভৌগলিক হটস্পট নির্ধারণ করা হয়েছে?

বইয়ের তথ্যগত আপডেট জানতে যুক্ত থাকুন Mississippi Publications ফেসবুক গ্রুপ ও পেইজে

ক. ৬ খ. ৭ গ. ৮ ঘ. ৯ উত্তর: ক

১৫. বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির একমাত্র নারী সদস্য কে ছিলেন?

ক. সাজেদা চৌধুরী খ. নুরজাহান মোর্শেদ গ. রাফিয়া আক্তার ডলি ঘ. রাজিয়া বানু উত্তর: ঘ

১৬. কৃষ্ণগহ্বর নিয়ে কোন বাঙালি বিজ্ঞানী গবেষণা করেছেন?

ক. কুদরত-ই-খুদা খ. কাজী মোতাহার হোসেন

গ. জামাল নজরুল ইসলাম ঘ. আব্দুল মতিন চৌধুরী উত্তর: গ

১৭. কোন ক্ষেত্রে অবদানের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৬ সালে প্ল্যানেট ৫০-৫০ চ্যাম্পিয়ন পদক পান?

ক. মানবাধিকার খ. নারীর ক্ষমতায়ন গ. শিশু মৃত্যুহার হ্রাস ঘ. মাতৃ মৃত্যুহার হ্রাস উত্তর: খ

১৮. বাংলাদেশের ২য় প্রেক্ষিত পরিকল্পনার মেয়াদ কমে শেষ হবে?

ক. ২০৩১ খ. ২০৩৫ গ. ২০৪১ ঘ. ২০৪৫ উত্তর: গ

১৯. বাংলাদেশের নবীনতম নদী কোনটি?

ক. পদ্মা খ. যমুনা গ. জিনিজরাম ঘ. মেঘনা উত্তর: খ

২১. 'মুজিব: একটি জাতির রূপকার' চলচ্চিত্রের পরিচালক কে?

ক. গুরু দত্ত খ. শিবু সিরিল গ. শ্যাম বেনেগাল ঘ. বিশাল ভরদ্বাজ উত্তর: গ

২২. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতিসংঘের সাধারণ পরিষদে ১৯৭৪ সালের কোন মাসে বাংলায় বক্তৃতা দেন?

ক. সেপ্টেম্বর খ. অক্টোবর গ. নভেম্বর ঘ. ডিসেম্বর উত্তর: ক

২৩. The Foreshadowing of Bangladesh গবেষণা গ্রন্থটির লেখক কে?

ক. রেহমান সোবাহান খ. আনিসুর রহমান গ. নুরুল ইসলাম ঘ. হারুন-অর-রশিদ উত্তর: ঘ

২৪. বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি কে?

ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান খ. সৈয়দ নজরুল ইসলাম

গ. তাজউদ্দীন আহমেদ ঘ. বিচারপতি আবু সাঈদ চৌধুরী উত্তর: ক

২৫. দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটার উপস্থিতির হার কত শতাংশ ছিল?

ক. ৪০.৮ খ. ৪০.৯ গ. ৪১.৬ ঘ. ৪১.৮ উত্তর: ঘ

২৬. বাংলাদেশ সংবিধানের কত নম্বর অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি প্রধান বিচারপতি নিয়োগ দেন?

ক. ৯৫ খ. ৯৬ গ. ৯৭ ঘ. ৯৮ উত্তর: ক

২৭. ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট কতটি আসনে জয়লাভ করেছিল?

ক. ২১৯ খ. ২২১ গ. ২২৩ ঘ. ২২৫ উত্তর: গ

২৮. বাংলাদেশ সর্বাধিক জনশক্তি রপ্তানি করে কোন দেশে?

ক. সংযুক্ত আরব আমিরাত খ. সৌদি আরব গ. কুয়েত ঘ. মালয়েশিয়া উত্তর: খ

২৯. কতজন নারী ২০২৩ সালে বেগম রোকেয়া পদক পেয়েছে?

ক. ৩ খ. ৪ গ. ৫ ঘ. ৬ উত্তর: গ

৩০. বাংলাদেশ প্রথম ওয়ানডে এবং টেস্ট সিরিজ জয় করে কোন দেশের বিপক্ষে?

ক. পাকিস্তান খ. দক্ষিণ আফ্রিকা গ. ভারত ঘ. জিম্বাবুয়ে উত্তর: ঘ

# আন্তর্জাতিক প্রসঙ্গ

১. কোন দিনটি বিশ্ব শরণার্থী দিবস হিসেবে পালিত হয়?

ক. ৫ জুন খ. ১০ জুন গ. ২০ জুন ঘ. ২৫ জুন উত্তর: গ

২. জাতিসংঘ মাদক ও অপরাধ সংক্রান্ত সংস্থা UNODC-র প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?

ক. রোম খ. ভিয়েনা গ. জেনেভা ঘ. পিটাসবার্গ উত্তর: খ

৩. বাংলাদেশ ভারত স্থল সীমান্ত সম্পর্কিত প্রটোকলটি কত সালে স্বাক্ষরিত হয়?

ক. ১৯৭৪ খ. ২০১১ গ. ২০১৩ ঘ. ২০১৫ উত্তর: খ

৪. আলেপ্পো শহরটি কোন দেশে অবস্থিত?

ক. ইরান খ. ইরাক গ. জর্ডান ঘ. সিরিয়া উত্তর: ঘ

৫. উন্নয়নশীল দেশসমূহের বৈশ্বিক জোট 'জি৭৭' এর বর্তমান সদস্য সংখ্যা কত?

ক. ১০৫ খ. ১১৫ গ. ১২৫ ঘ. ১৩৫ **সঠিক উত্তর:** ১৩৪

৬. "২০৩০ সালের মধ্যে বিশ্বের দরিদ্র নারী, পুরুষ ও শিশুর সংখ্যা অর্ধেক নামিয়ে আনতে হবে" -এটি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রায় কোন অভীষ্ট লক্ষ্য?

ক. টার্গেট ১.১ খ. টার্গেট ১.২ গ. টার্গেট ১.৩ ঘ. টার্গেট ১.৪ উত্তর: খ

৭. বৈশ্বিক উন্নয়ন উদ্যোক্তা এর প্রস্তাবক হচ্ছে-

ক. চিন খ. জাপান গ. ডেনমার্ক ঘ. সুইডেন উত্তর: ক

৮. বাংলাদেশ কত সালে আন্তর্জাতিক শ্রম সংস্থার সদস্যপদ লাভ করে?

ক. ১৯৭২ খ. ১৯৭৩ গ. ১৯৭৪ ঘ. ১৯৭৫ উত্তর: ক

৯. বাংলাদেশের অভিবাসী নারী শ্রমিকদের সর্বাধিক গন্তব্যস্থল-

ক. সৌদি আরব খ. কুয়েত গ. ওমান ঘ. জর্ডান উত্তর: ক

১০. কপ ২৮ সম্মেলনটি কী সম্পর্কিত?

ক. শরণার্থীর অধিকার খ. জ্বালানি নিরাপত্তা গ. সমুদ্র সীমানা ঘ. জলবায়ু পরিবর্তন উত্তর: ঘ

১১. বৈশ্বিক সন্ত্রাসবাদ সূচক ২০২৩ অনুযায়ী কোন দেশটি সবচেয়ে বেশি সন্ত্রাসবাদের ঝুঁকির মধ্যে?

ক. আফগানিস্তান খ. মিয়ানমার গ. পেরু ঘ. মালি উত্তর: ক

১২. বৈশ্বিক শান্তি সূচক ২০২৩ অনুযায়ী বিশ্বের সবচেয়ে শান্তিপূর্ণ দেশ হলো-

ক. আইসল্যান্ড খ. জাপান গ. সিঙ্গাপুর ঘ. সুইজারল্যান্ড উত্তর: ঘ

১৩. 'বার বিধি' (The Twelve Tables) কী?

ক. রোমান আইনের ভিত্তি খ. স্থাপত্যের ১২টি নির্দেশনা

গ. ফুটবল খেলার নিয়মাবলি ঘ. স্থানীয়/ দেশি খেলা উত্তর: ক

১৪. সিয়াচেন হিমবাহ (Siachen Glacier) কোন দুটি দেশের মধ্যে অবস্থিত?

ক. ভারত ও চিন খ. নেপাল ও চিন গ. পাকিস্তান ও চিন ঘ. ভারত ও পাকিস্তান উত্তর: ঘ

১৫. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (SDG) চতুর্থ লক্ষ্যমাত্রা কোনটি?

ক. জলবায়ু কার্যক্রম খ. মানসম্মত শিক্ষা

গ. দারিদ্র বিমোচন ঘ. শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান উত্তর: খ

১৬. জৈব নিরাপত্তা বিষয়ক (Biosafety to the Convention on Biological Diversity) হচ্ছে-

বইয়ের তথ্যগত আপডেট জানতে যুক্ত থাকুন Mississippi Publications ফেসবুক গ্রুপ ও পেইজে

ক. কার্টাগোনা প্রটোকল  খ. মন্ট্রিল প্রটোকল  গ. কিয়াটো প্রটোকল  ঘ. প্যারিস চুক্তি  উত্তর: ক

১৭. Friday for Future কোন ধরনের আন্দোলন?

ক. ধর্মীয় আন্দোলন  খ. পরিবেশবাদী আন্দোলন  গ. শান্তিবাদী আন্দোলন  ঘ. গণতান্ত্রিক আন্দোলন  উত্তর: খ

১৮. আন্তর্জাতিক আদালতের (International Court of Justice) সভাপতির মেয়াদ কত বৎসর?

ক. ২ বৎসর  খ. ৩ বৎসর  গ. ৬ বৎসর  ঘ. ৯ বৎসর  উত্তর: খ

১৯. উত্তর আটলান্টিক চুক্তির কত নম্বর ধারায় যৌথ নিরাপত্তার ধারণাটি ব্যক্ত হয়েছে?

ক. আর্টিকেল ২  খ. আর্টিকেল ৩  গ. আর্টিকেল ৪  ঘ. আর্টিকেল ৫  উত্তর: ঘ

২০. আন্তর্জাতিক সম্পর্কের কোন তত্ত্বটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের কার্যকারী ভূমিকার বিষয়ে ইতিবাচক ধারণা প্রদান করে?

ক. উদারবাদ  খ. বাস্তববাদ  গ. মার্ক্সবাদ  ঘ. কোনোটিই নয়  উত্তর: খ